التذكير والتحذير لمن يؤمن بيوم الاخر

রমজান বিশেষ সাময়িকী

আত-তাযকীর ওয়াত-তাহযীর

- নতুনত্ব !
- প্রয়োজনীয়তা !
- সময়োপযোগিতা !
- অনন্য তথ্যাবলীর সমাহার -সমন্বয় !
- ইলমের হক্ব আদায়ে আমাদের প্রচেষ্টা !

সংকলন–সম্পাদনা

“আত-তাযকীর ওয়াত-তাহযীর” গবেষণা পরিষদ

التذكير والتحذير لمن يؤمن بيوم الاخر

আত-তাযকীর ওয়াত-তাহযীর

(রমজান বিশেষ সাময়িকী)

ইন্টারন্যাশনাল ইসলামিক ওপেন ইউনিভার্সিটি, IIOU (প্রস্তাবিত)

- নতুনত্ব!
- প্রয়োজনীয়তা!
- সময়োপযোগিতা!
- অনন্য তথ্যাবলীর সমাহার -সমন্বয়!
- ইলমের হক্ক আদায়ে আমাদের প্রচেষ্টা!

সংকলন – সম্পাদনা

“আত-তাযকীর ওয়াত-তাহযীর” গবেষণা পরিষদ

- সময়ের শপথ! নিশ্চয়ই মানুষ ক্ষতির মধ্যে নিপতিত। তবে তাঁরা নয় যারা ঈমান আনে, আমালে সালেহ্ করে এবং একে অন্যকে সত্য ও সবরের উপদেশ দেয়। (১০৩:১-৩)

- তুমি আল কুরআন দ্বারা সতর্ক কর তাকে, যে আমার সতর্কবাণীকে ভয় করে। (৫০:৪৫)

- এবং তুমি উপদেশ দাও/স্মরণ করিয়ে দাও, নিশ্চয়ই এই উপদেশ/ স্মরণ মুমিনদের উপকার দেয়। (৫১:৫৫)

- (রহমানের অনুগত বান্দাদের অন্যতম গুণ হল) যখন তাঁদেরকে তাঁদের রবের আয়াত দ্বারা স্মরণ করিয়ে দেয়া তখন তাতে তাঁরা অন্ধ ও বধির সদৃশ আচরণ করে না। (২৫:৭৩)

পাঠ নির্দেশিকা

- ‘আত তাযকীর ওয়াত তাহযীর’ এর বাংলা ‘উপদেশ দান ও সতর্কীকরণ’

- এটা ত্রৈমাসিক সাময়িকী হিসেবে প্রকাশের প্রস্তাবনা রয়েছে।

- এর সংকলন, সম্পাদনা ও সার্বিকতায় রয়েছে IIOU সাময়িকী গবেষণা পরিষদ।

- সাময়িকীর কিছু নিবন্ধ বা কলাম অসমাপ্ত। আমরা পরবর্তী কোন সংখ্যায় তার পূর্ণতা দিব ইনশা আল্লাহ।

- সর্বসাধারণের কথা বিবেচনায় রেখে সাময়িকীর ভাষায় কোন ধরণের উচ্চমান পরিহার করা হয়েছে। পাঠকদের প্রতি আমাদের আহ্বান থাকবে, ভাষার দিকে নয় আমাদের বক্তব্যের দিকে নজর দিন।

- বানানের বিশুদ্ধতা আনয়নে আমাদের ত্রুটি নেই। মুদ্রণে কিংবা ছাপাখানার অসংগতিতে আমরা দু:খিত। এই দুর্বলতা যেন সাময়িকীর বক্তব্য গ্রহণে আপনাকে নিরুৎসাহিত না করে।

- সাময়িকীতে উল্লেখিত আল কুরআনের আয়াতসমূহে কখনো সরল অনুবাদ এবং কখনো মূল বক্তব্য তুলে ধরা হয়েছে।

- আয়াত নাম্বার এর বেলায় কখনো সুরার নাম ও আয়াত নাম্বার যেমন: আলে ইমরান:৬০, কখনো সুরার নামের সাথে ক্রমিক নং অত:পর আয়াত নং যেমন: আল বাক্বারা ২: ১৮৩, কখনো কেবল সুরার ক্রমিক নং ও আয়াত নং যেমন ৪:৭৫; উক্ত তিনভাবেই দেয়া আছে।

- হাদীসের বেলায় কখনো কেবল গ্রন্থ ও অধ্যায়ের নাম যেমন: বুখারী, কিতাবুল ঈমান, কখনো গ্রন্থ ও হাদীস নং তুলে ধরা হয়েছে।

- প্রকাশনার ভিন্নতায় হাদীসের নং আগ- পিছ হতে পারে। তবে উক্ত গ্রন্থের সংশ্লিষ্ট বাবে হাদীসটি অবশ্যই থাকবে।

- কোন কোন হাদীসের রেফারেন্স মূল আরবীর সাথেই দেয়া আছে, বাংলা অনুবাদের নীচে পুনরাবৃত্তি করা হয়নি।

- একই হাদীস অনেক গ্রন্থে রয়েছে। সেক্ষেত্রে অতি মাশহুর কিংবা বুখারী - মুসলিমের হাদীসের বেলায় সংশ্লিষ্ট হাদীসে অন্য গ্রন্থের নাম দেয়া জরুরী মনে করা হয়নি। কখনো কোন হাদীসের বেলা অধিক গ্রন্থের রেফারেন্স দেয়া আছে। এর মানে এটা নয় যে উক্ত কিতাবের বাইরে অন্য কোথাও নেই। বরং আমরা রেফারেন্স দেয়ার ক্ষেত্রে আমাদের সুবিধাকেই বিবচনায় এনেছি।

- সাময়িকীতে তুলে ধরা সবগুলো হাদীস সহীহ কিংবা হাসান পর্যায়ের। যঈফ হাদীস এড়িয়ে যাওয়া হয়েছে।

সার্বিক ত্রুটি-বিচ্যুতির জন্য আল্লাহর নিকট আমরা ক্ষমা ও সংশোধন প্রত্যাশী। আপনাদের নিকট রইল দুআর আবেদন।

সূচনা বক্তব্য, দৃষ্টি আকর্ষণ!

إن الحمد لله , نحمده ونستعينه ونستغفره , ونعوذ بالله من شرور أنفسنا , وسيئات أعمالنا , من يهده الله فلا مضل له , ومن يضلل الله فلا هادي له, وأشهد أن لا إله إلا الله وحده لا شريك له ؛ وأشهد أن محمدا عبده ورسوله أما بعد :أعوذ بالله من الشيطان الرجيم

রব্বুল আলামীনের ঘোষণা:

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَقُولُوا قَوْلاً سَدِيداً

"হে যারা ঈমান এনেছ! আল্লাহকে ভয় কর এবং সত্য-সঠিক-দৃঢ় কথা বল" । (৩৩:৭০)

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُونُوا قَوَّامِينَ بِالْقِسْطِ شُهَدَاءَ لِلَّهِ وَلَوْ عَلَى أَنْفُسِكُمْ أَوِ الْوالِدَيْنِ وَالْأَقْرَبِينَ إِنْ يَكُنْ غَنِيًّا أَوْ فَقِيراً فَاللَّهُ أَوْلى بِهِما فَلا تَتَّبِعُوا الْهَوى أَنْ تَعْدِلُوا وَإِنْ تَلْوُوا أَوْ تُعْرِضُوا فَإِنَّ اللَّهَ كانَ بِما تَعْمَلُونَ خَبِيراً

"হে যারা ঈমান এনেছ! তোমরা ন্যায়ের উপর সু-দৃঢ় থাক, যদিও এটা হয় তোমাদের নিজেদের বিরুদ্ধে কিংবা তোমাদের মা-বাবার বিরুদ্ধে অথবা তোমাদের নিকটজনদের বিরুদ্ধে……."। (৪:১৩৫)

وَإِذا قُلْتُمْ فَاعْدِلُوا وَلَوْ كانَ ذا قُرْبى

".....এবং তোমরা যখন কথা বলবে যথার্থ বলবে, যদিও তোমাদের নিকটজনদের বিরুদ্ধে বলতে হয়…….। (৬:১৫২)

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বাণী:

عن أبي ذر رضي الله عنه قال : [أمرني خليلي صلى الله عليه وسلم بسبع : 1 أمرني بحب المساكين ، والدنو منهم . 2 وأمرني أن أنظر إلى من هو دوني ، ولا أنظر إلى من هو فوقي . 3 وأمرني أن أصل الرحم وإن أدبرت . 4 وأمرني أن لا أسأل أحدا شيئا . 5 وأمرني أن أقول بالحق وإن كان مرا . 6 وأمرني أن لا أخاف في الله لومة لائم . 7 وأمرني أن أكثر من قول : (لا حول ولا قوة إلا بالله) ؛ فإنهن من كنز تحت العرش . (وفي رواية : فإنها كنز من كنوز الجنة)] . رواه أحمد والبيهقي والبزار والطبراني صحيح . السلسلة الصحيحة 5 الصفحة 199

رقم الحديث 2166

قل الحق ولو كان على نفسك : وقد صح عن نبينا صلى الله عليه وسلم قوله : ((قل الحق ولو على نفسك))من حديث علي عند 2 ابن النجار كما قاله السيوطي وصححه الألباني (صحيح الجامع : 3769

হাদীস দুটিতে অন্যান্য বিষয়ের সাথে সত্য বলার তাগিদ রয়েছে যদিও সেটা তিক্ত হয় এবং যদিও সেটা নিজের বিরুদ্ধে যায়। এই ভাষ্যের আরও শাওয়াহেদ বর্ণিত হয়েছে।

সম্মানিত পাঠকবর্গ! সত্য বলা, সত্যকে সঠিকভাবে উপস্থাপন করা এবং সত্যকে অবলীলায় মেনে নেয়া এ তিনটি বিষয় হল ঈমানের দাবী, ইসলামের দাবী। আমরা মনের সংকীর্ণতা হেতু অনেক ক্ষেত্রেই এই দাবী মেটাতে পারি না।

মনে রাখতে হবে সত্য সত্যই, ন্যায় ন্যায়ই, সঠিক সঠিকই। আমরা সত্যকে কখনো কৌশলে এড়িয়ে যাই, কখনো ভনিতার আশ্রয় নেই, কখনো দ্বি-মুখী বা স্ব-বিরোধী হয়ে যাই! এ সবই আমাদের দুর্বলতা, আমাদের সংকীর্ণতা।

অন্য আর একটি অসংগত আচরণ আমাদের মধ্যে ফুটে উঠে, তা হল; আমরা অনেক সময়ই সত্যকে আমাদের আপেক্ষিক চিন্তাধারার অনুগামী বানাতে চাই! দেখুন, রব্বুল আলামীনের ঘোষণা:

وَلَوِ اتَّبَعَ الْحَقُّ أَهْوَاءَهُمْ لَفَسَدَتِ السَّمَاوَاتُ وَالْأَرْضُ وَمَنْ فِيهِنَّ بَلْ أَتَيْنَاهُمْ بِذِكْرِهِمْ فَهُمْ عَنْ ذِكْرِهِمْ مُعْرِضُونَ

"আর সত্য যদি মানুষের কামনা- বাসনার অনুগামী হত তাহলে তো আসমান-যমীন এবং এর মধ্যবর্তী সবকিছুই বিশৃংখল পূর্ণ হয়ে যেত। (বরং মানুষ যেন সত্যের অনুগামী হতে পারে) আমি তাদেরকে তাদের করণীয় দিয়েছি অত:পর তারা তাদের করণীয় উপেক্ষাকারী!" (২৩:৭১)

আমরা পরিবর্তন প্রত্যাশী। শুরু হোক আমাদের থেকেই। সত্য বলা, সত্যকে সঠিকভাবে তুলে ধরা, সত্যকে মেনে নেয়া এবং সত্যের অনুগামী হতে গিয়ে নিজের কোন চিন্তা- কথা- কর্ম সংশোধনে বা পরিহারে দ্বিধা বা কার্পণ্য করব না।

আল্লাহর জন্যই এই পরিবর্তনের ইচ্ছা ও ঘোষণা। আল্লাহরই নিকট তাওফীক চাই, করি দুআ ও ঐকান্তিক কামনা।

رَبَّنَا تَقَبَّلْ مِنَّا إِنَّكَ أَنْتَ السَّمِيعُ الْعَلِيمُ رَبَّنَا لَا تُزِغْ قُلُوبَنَا بَعْدَ إِذْ هَدَيْتَنَا وَهَبْ لَنَا مِنْ لَدُنْكَ رَحْمَةً إِنَّكَ

أَنْتَ الْوَهَّابُ٥

أَلَمْ يَأْنِ لِلَّذِينَ آمَنُوا أَن تَخْشَعَ قُلُوبُهُمْ لِذِكْرِ اللَّهِ وَمَا نَزَلَ مِنَ الْحَقِّ وَلَا يَكُونُوا كَالَّذِينَ أُوتُوا الْكِتَابَ مِن قَبْلُ فَطَالَ عَلَيْهِمُ الْأَمَدُ فَقَسَتْ قُلُوبُهُمْ وَكَثِيرٌ مِّنْهُمْ فَاسِقُونَ

"যারা মুমিন, তাদের জন্যে কি আল্লাহর স্মরণে এবং যে সত্য অবতীর্ণ হয়েছে, তার কারণে হৃদয় বিগলিত হওয়ার সময় আসেনি? তাঁরা তাদের মত যেন না হয়, যাদেরকে পূর্বে কিতাব দেয়া হয়েছিল। তাদের উপর সুদীর্ঘকাল অতিক্রান্ত হয়েছে, অতঃপর তাদের অন্তঃকরণ কঠিন হয়ে গেছে। তাদের অধিকাংশই পাপাচারী" । (সুরা হাদীদ-১৬:৫৭)

اللَّهُ نَزَّلَ أَحْسَنَ الْحَدِيثِ كِتَابًا مُّتَشَابِهًا مَّثَانِيَ تَقْشَعِرُّ مِنْهُ جُلُودُ الَّذِينَ يَخْشَوْنَ رَبَّهُمْ ثُمَّ تَلِينُ جُلُودُهُمْ وَقُلُوبُهُمْ إِلَى ذِكْرِ اللَّهِ ذَلِكَ هُدَى اللَّهِ يَهْدِي بِهِ مَنْ يَشَاء وَمَن يُضْلِلْ اللَّهُ فَمَا لَهُ مِنْ هَادٍ

"আল্লাহ সর্বোত্তম বাণী সম্বলিত কিতাব নাযিল করেছেন, যা সামঞ্জস্যপূর্ণ, পূনঃ পূনঃ পঠিত। এতে তাদের লোম কাঁটা দিয়ে উঠে চামড়ার উপর, যারা তাদের পালনকর্তাকে ভয় করে, এরপর তাদের চামড়া ও অন্তর আল্লাহর স্মরণে বিনম্র হয়। এটাই আল্লাহর পথ নির্দেশ, এর মাধ্যমে আল্লাহ যাকে ইচ্ছা পথ প্রদর্শন করেন। আর আল্লাহ যাকে গোমরাহ করেন, তার কোন পথপ্রদর্শক নেই। (সুরা যুমার- ২৩:৩৯)

يَا أَيُّهَا النَّاسُ اعْبُدُوا رَبَّكُمُ الَّذِي خَلَقَكُمْ وَالَّذِينَ مِن قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُونَ

"হে মানব সমাজ! তোমরা তোমাদের পালনকর্তার এবাদত কর, যিনি তোমাদিগকে এবং তোমাদের পূর্ববর্তীদিগকে সৃষ্টি করেছেন। তাতে আশা করা যায়, তোমরা পরহেযগারী অর্জন করতে। - (সুরা বাকারা- ২১:০২)

الَّذِي جَعَلَ لَكُمُ الأَرْضَ فِرَاشاً وَالسَّمَاء بِنَاء وَأَنزَلَ مِنَ السَّمَاء مَاء فَأَخْرَجَ بِهِ مِنَ الثَّمَرَاتِ رِزْقاً لَّكُمْ فَلاَ تَجْعَلُواْ لِلّهِ أَندَاداً وَأَنتُمْ تَعْلَمُونَ

"যে পবিত্রসত্তা তোমাদের জন্য ভূমিকে বিছানা এবং আকাশকে ছাদ স্বরূপ স্থাপন করে দিয়েছেন, আর আকাশ থেকে পানি বর্ষণ করে তোমাদের জন্য ফল-ফসল উৎপাদন করেছেন তোমাদের খাদ্য হিসাবে। অতএব, আল্লাহর সাথে তোমরা অন্য কাকেও সমকক্ষ করো না। বস্তুতঃ এসব তোমরা জান" । সুরা বাকারা- ২২:০২

يَا أَيُّهَا النَّاسُ اذْكُرُوا نِعْمَتَ اللَّهِ عَلَيْكُمْ هَلْ مِنْ خَالِقٍ غَيْرُ اللَّهِ يَرْزُقُكُم مِّنَ السَّمَاء وَالْأَرْضِ لَا إِلَهَ إِلَّا هُوَ فَأَنَّى تُؤْفَكُونَ

"হে মানুষ, তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ স্মরণ কর। আল্লাহ ব্যতীত এমন কোন স্রষ্টা আছে কি, যে তোমাদেরকে আসমান ও যমীন থেকে রিযিক দান করে? তিনি ব্যতীত কোন উপাস্য নেই। অতএব তোমরা কোথায় ফিরে যাচ্ছ? (সুরা ফাতির-৩:৩৫) قُلْ مَن يَرْزُقُكُم مِّنَ السَّمَاء وَالأَرْضِ أَمَّن يَمْلِكُ السَّمْعَ والأَبْصَارَ وَمَن يُخْرِجُ الْحَيَّ مِنَ الْمَيِّتِ وَيُخْرِجُ الْمَيَّتَ مِنَ الْحَيِّ وَمَن يُدَبِّرُ الأَمْرَ فَسَيَقُولُونَ اللّهُ فَقُلْ أَفَلاَ تَتَّقُونَ

“তুমি জিজ্ঞেস কর, কে রুজি দান করে তোমাদেরকে আসমান থেকে ও যমীন থেকে, কিংবা কে তোমাদের কান ও চোখের মালিক? তাছাড়া কে জীবিতকে মৃতের ভেতর থেকে বের করেন এবং কেইবা মৃতকে জীবিতের মধ্য থেকে বের করেন? কে করেন কর্ম সম্পাদনের ব্যবস্থাপনা? তখন তারা বলে উঠবে, আল্লাহ! তখন তুমি বলো তারপরেও ভয় করছ না? (সুরা ইউনুস-৩১:১০)

فَذَٰلِكُمُ اللَّهُ رَبُّكُمُ الْحَقُّ فَمَاذَا بَعْدَ الْحَقِّ إِلَّا الضَّلَالُ فَأَنَّىٰ تُصْرَفُونَ

অতএব, এ আল্লাহই তোমাদের প্রকৃত পালনকর্তা। আর সত্য প্রকাশের পরে (উদভ্রান্ত ঘুরার মাঝে) কি রয়েছে গোমরাহী ছাড়া? সুতরাং কোথায় ঘুরছ? (সুরা ইউনুস-৩২:১০)

قُلْ أَرَأَيْتُمْ إِنْ أَخَذَ اللَّهُ سَمْعَكُمْ وَأَبْصَارَكُمْ وَخَتَمَ عَلَىٰ قُلُوبِكُم مَّنْ إِلَٰهٌ غَيْرُ اللَّهِ يَأْتِيكُم بِهِ انظُرْ كَيْفَ نُصَرِّفُ الْآيَاتِ ثُمَّ هُمْ يَصْدِفُونَ

আপনি বলুনঃ বল তো দেখি, যদি আল্লাহ তোমাদের কান ও চোখ নিয়ে যান এবং তোমাদের অন্তরে মোহর এঁটে দেন, তবে এবং তোমাদের আল্লাহ ব্যতীত এমন উপাস্য কে আছে, যে তোমাদেরকে এগুলো এনে দেবে? দেখ, আমি কিভাবে ঘুরিয়ে-ফিরিয়ে নিদর্শনাবলী বর্ণনা করি। তথাপি তারা বিমুখ হচ্ছে। (সুরা আনআম- ৪৬:০৬)

قُلْ أَرَأَيْتَكُمْ إِنْ أَتَاكُمْ عَذَابُ اللَّهِ بَغْتَةً أَوْ جَهْرَةً هَلْ يُهْلَكُ إِلَّا الْقَوْمُ الظَّالِمُونَ

বলে দিনঃ দেখতো, যদি আল্লাহর শাস্তি, আকস্মিক কিংবা প্রকাশ্যে তোমাদের উপর আসে, তবে জালেম, সম্প্রদায় ব্যতীত কে ধ্বংস হবে?- (সুরা আনআম ৬:৪৭)

قُلْ أَرَأَيْتُمْ إِن جَعَلَ اللَّهُ عَلَيْكُمُ اللَّيْلَ سَرْمَدًا إِلَىٰ يَوْمِ الْقِيَامَةِ مَنْ إِلَٰهٌ غَيْرُ اللَّهِ يَأْتِيكُم بِضِيَاءٍ أَفَلَا تَسْمَعُونَ

বলুন, ভেবে দেখ তো, আল্লাহ যদি রাত্রিকে কেয়ামতের দিন পর্যন্ত স্থায়ী করেন, তবে আল্লাহ ব্যতীত এমন উপাস্য কে আছে, যে তোমাদেরকে আলোক দান করতে পারে? তোমরা কি তবুও কর্ণপাত করবে না?- (সুরা কাসাস- ৭১:২৮)

قُلْ أَرَأَيْتُمْ إِن جَعَلَ اللَّهُ عَلَيْكُمُ النَّهَارَ سَرْمَدًا إِلَىٰ يَوْمِ الْقِيَامَةِ مَنْ إِلَٰهٌ غَيْرُ اللَّهِ يَأْتِيكُم بِلَيْلٍ تَسْكُنُونَ فِيهِ أَفَلَا تُبْصِرُونَ

বলুন, ভেবে দেখ তো, আল্লাহ যদি দিনকে কেয়ামতের দিন পর্যন্ত স্থায়ী করেন, তবে আল্লাহ ব্যতীত এমন উপাস্য কে আছে যে, তোমাদেরকে রাত্রি দান করতে পারে, যাতে তোমরা বিশ্রাম করবে ? তোমরা কি তবুও ভেবে দেখবে না? (সুরা কাসাস- ৭২:২৮)

وَمِن رَّحْمَتِهِ جَعَلَ لَكُمُ اللَّيْلَ وَالنَّهَارَ لِتَسْكُنُوا فِيهِ وَلِتَبْتَغُوا مِن فَضْلِهِ وَلَعَلَّكُمْ تَشْكُرُونَ

তিনিই স্বীয় রহমতে তোমাদের জন্যে রাত ও দিন করেছেন, যাতে তোমরা তাতে বিশ্রাম গ্রহণ কর ও তাঁর অনুগ্রহ অন্বেষণ কর এবং যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ কর। -(সুরা কাসাস- ৭৩:২৮)

يَا أَيُّهَا النَّاسُ اتَّقُوا رَبَّكُمْ وَاخْشَوْا يَوْمًا لَّا يَجْزِي وَالِدٌ عَن وَلَدِهِ وَلَا مَوْلُودٌ هُوَ جَازٍ عَن وَالِدِهِ شَيْئًا إِنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ فَلَا تَغُرَّنَّكُمُ الْحَيَاةُ الدُّنْيَا وَلَا يَغُرَّنَّكُم بِاللَّهِ الْغَرُورُ

হে মানব জাতি! তোমরা তোমাদের পালনকর্তাকে ভয় কর এবং ভয় কর এমন এক দিবসকে, যখন পিতা পুত্রের কোন কাজে আসবে না এবং পুত্রও তার পিতার কোন উপকার করতে পারবে না। নিঃসন্দেহে আল্লাহর ওয়াদা সত্য। অতএব, পার্থিব জীবন যেন তোমাদেরকে ধোঁকা না দেয় এবং আল্লাহ সম্পর্কে প্রতারক শয়তানও যেন তোমাদেরকে প্রতারিত না করে। -(সুরা লুকমান- ৩১:৩৩)

যে বানী দেয় অবশ্য পালনীয় কর্মধারা

হে রব্বুল আলামীন! আমাদেরকে তোমার বাণী অনুধাবনের তাওফীক্ব দাও

(মুমিনদের উপর জিহ্বা ও হাত প্রয়োগের বেলায় সাবধান!)

وَمَا آتَاكُمُ الرَّسُولُ فَخُذُوهُ وَمَا نَهَاكُمْ عَنْهُ فَانتَهُوا وَاتَّقُوا اللَّهَ إِنَّ اللَّهَ شديد العقاب

রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তোমাদেরকে যা দেন, তা গ্রহণ কর এবং যা নিষেধ করেন, তা থেকে বিরত থাক এবং আল্লাহকে ভয় কর। নিশ্চয় আল্লাহ কঠোর শাস্তিদাতা। [সুরা হাশর ৫৯:৭]

وَمَن يَقْتُلْ مُؤْمِنًا مُّتَعَمِّدًا فَجَزَآؤُهُ جَهَنَّمُ خَالِدًا فِيهَا وَغَضِبَ اللهُ عَلَيْهِ وَلَعَنَهُ وَأَعَدَّ لَهُ عَذَابًا عَظِيمًا

যে ব্যক্তি স্বেচ্ছাক্রমে মুসলমানকে হত্যা করে, তার শাস্তি জাহান্নাম, তাতেই সে চিরকাল থাকবে। আল্লাহ তার প্রতি ক্রুদ্ধ হয়েছেন, তাকে অভিসম্পাত করেছেন এবং তার জন্যে ভীষণ শাস্তি প্রস্তুত রেখেছেন। (সুরা নিসা- ৯৩:০৪)

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُواْ إِذَا ضَرَبْتُمْ فِي سَبِيلِ اللهِ فَتَبَيَّنُواْ وَلاَ تَقُولُواْ لِمَنْ أَلْقَى إِلَيْكُمُ السَّلاَمَ لَسْتَ مُؤْمِنًا تَبْتَغُونَ عَرَضَ الْحَيَاةِ الدُّنْيَا فَعِندَ اللهِ مَغَانِمُ كَثِيرَةٌ كَذَلِكَ كُنتُم مِّن قَبْلُ فَمَنَّ اللهُ عَلَيْكُمْ فَتَبَيَّنُواْ إِنَّ اللهَ كَانَ بِمَا تَعْمَلُونَ خَبِيرًا

হে ঈমানদারগণ! তোমরা যখন আল্লাহর পথে সফর কর, তখন যাচাই করে নিও এবং যে, তোমাদেরকে সালাম করে তাকে বলো না যে, তুমি মুসলমান নও। তোমরা পার্থিব জীবনের সম্পদ অন্বেষণ কর, বস্তুতঃ আল্লাহর কাছে অনেক সম্পদ রয়েছে। তোমরাও তো এমনি ছিলে ইতিপূর্বে; অতঃপর আল্লাহ তোমাদের প্রতি অনুগ্রহ করেছেন। অতএব, এখন অনুসন্ধান করে নিও। নিশ্চয় আল্লাহ তোমাদের কাজ কর্মের খবর রাখেন। সুরা নিসা- ৯৪:০৪

بْنِ أَبِي بَكْرَةَ عَنْ أَبِي بَكْرَةَ : أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ خَطَبَ النَّاسَ فَقَالَ: «أَلاَ تَدْرُونَ أَيُّ يَوْمٍ هَذَا» قَالُوا: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ، قَالَ: حَتَّى ظَنَنَّا أَنَّهُ سَيُسَمِّيهِ بِغَيْرِ اسْمِهِ، فَقَالَ: «أَلَيْسَ بِيَوْمِ النَّحْرِ» قُلْنَا: بَلَى يَا رَسُولَ اللَّهِ، قَالَ: «أَيُّ بَلَدٍ هَذَا، أَلَيْسَتْ بِالْبَلْدَةِ الحَرَامِ» قُلْنَا: بَلَى يَا رَسُولَ اللَّهِ، قَالَ: «فَإِنَّ دِمَاءَكُمْ، وَأَمْوَالَكُمْ، وَأَعْرَاضَكُمْ، وَأَبْشَارَكُمْ، عَلَيْكُمْ حَرَامٌ، كَحُرْمَةِ يَوْمِكُمْ هَذَا، فِي شَهْرِكُمْ هَذَا، فِي بَلَدِكُمْ هَذَا، أَلاَ هَلْ بَلَّغْتُ» قُلْنَا: نَعَمْ، قَالَ: «اللَّهُمَّ اشْهَدْ، فَلْيُبَلِّغِ الشَّاهِدُ الغَائِبَ، فَإِنَّهُ رُبَّ مُبَلَّغٍ يُبَلِّغُهُ لِمَنْ هُوَ أَوْعَى لَهُ» فَكَانَ كَذَلِكَ، قَالَ: «لاَتَرْجِعُوا بَعْدِي كُفَّارًا، يَضْرِبُ بَعْضُكُمْ رِقَابَ بَعْضٍ» ف

মুসাদ্দাদ (রহঃ) ... আবূ বাকরা (রাঃ) থেকে বর্ণিত যে, (বিদায় হজ্জে) রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জনতার উদেশে বক্তৃতা দিচ্ছিলেন। তিনি (নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ তোমরা কি জানো না আজ কোন দিন? তারা বললেনঃ আল্লাহ ও তাঁর রাসুলই এ সম্পর্কে অধিক জ্ঞাত। (বর্ণনাকারী বলেন) এতে আমরা মনে করলাম হয়ত তিনি অন্য কোন নামে এ দিনটির নামকরণ করবেন। এরপর তিনি (নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ এটি কি ইয়াওমুন নাহর (কুরবানীর দিন) নয়? আমরা বললাম হ্যাঁ, ইয়া রাসুলাল্লাহ। এরপর তিনি বললেনঃ এটি কোন নগর? এটি 'হারাম নগর' (সংরক্ষিত নগর) নয়? আমরা বললাম হ্যাঁ, ইয়া রাসুলাল্লাহ! তিনি বললেনঃ

নিঃসন্দেহ তোমাদের এ নগরে, এ মাসের এ দিনটি তোমাদের জন্য যেরূপ হারাম, তোমাদের (একের) রক্ত, সম্পদ, ইজ্জত ও চামড়া অপরের জন্য তেমনি হারাম।

শোন! আমি কি তোমাদের নিকট পৌছিয়েছি? আমরা বললাম, হ্যাঁ। তখন তিনি বললেনঃ হে আল্লাহ, তুমি সাক্ষী থাক।(অতঃপর বললেন) উপস্থিত ব্যক্তি যেন (আমার বানী) অনুপস্থিতের নিকট পৌছিয়ে দেয়। কেননা অনেক প্রচারক এমন ব্যক্তির নিকট (আমার বানী) পৌছাবে যারা তার চাইতে অধিক সংরক্ষণকারী হবে। বস্তুত ব্যাপারটি তাই। এরপর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আমার পরে একে অপরের গর্দান মেরে কুফরীর দিকে ফিরে যেয়ো না।(বুখারী,কিতাবুল ফিতান)

حَدَّثَنَا سُوَيْدُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُسْهِرٍ عَنْ عَاصِمٍ عَنْ السُّمَيْطِ بْنِ السَّمِيرِ عَنْ عِمْرَانَ بْنِ الْحُصَيْنِ قَالَ أَتَى نَافِعُ بْنُ الْأَزْرَقِ وَأَصْحَابُهُ فَقَالُوا هَلَكْتَ يَا عِمْرَانُ قَالَ مَا هَلَكْتُ قَالُوا بَلَى قَالَ مَا الَّذِي أَهْلَكَنِي قَالُوا قَالَ اللهُ { وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلهِ } قَالَ قَدْ قَاتَلْنَاهُمْ حَتَّى نَفَيْنَاهُمْ فَكَانَ الدِّينُ كُلُّهُ لِلهِ إِنْ شِئْتُمْ حَدَّثْتُكُمْ حَدِيثًا سَمِعْتُهُ مِنْ رَسُولِ اللهِ ﷺ قَالُوا وَأَنْتَ سَمِعْتَهُ مِنْ رَسُولِ اللهِ ﷺ قَالَ نَعَمْ شَهِدْتُ رَسُولَ اللهِ ﷺ وَقَدْ بَعَثَ جَيْشًا مِنْ الْمُسْلِمِينَ إِلَى الْمُشْرِكِينَ فَلَمَّا لَقُوهُمْ قَاتَلُوهُمْ قِتَالًا شَدِيدًا فَمَنَحُوهُمْ أَكْتَافَهُمْ فَحَمَلَ رَجُلٌ مِنْ لُحَمَتِي عَلَى رَجُلٍ مِنْ الْمُشْرِكِينَ بِالرُّمْحِ فَلَمَّا غَشِيَهُ قَالَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللهُ إِنِّي مُسْلِمٌ فَطَعَنَهُ فَقَتَلَهُ فَأَتَى رَسُولَ اللهِ ﷺ فَقَالَ يَا رَسُولَ اللهِ هَلَكْتُ قَالَ وَمَا الَّذِي صَنَعْتَ مَرَّةً أَوْ مَرَّتَيْنِ فَأَخْبَرَهُ بِالَّذِي صَنَعَ فَقَالَ لَهُ رَسُولُ اللهِ ﷺ فَهَلَّا شَقَقْتَ عَنْ بَطْنِهِ فَعَلِمْتَ مَا فِي قَلْبِهِ قَالَ يَا رَسُولَ اللهِ لَوْ شَقَقْتُ بَطْنَهُ لَكُنْتُ أَعْلَمُ مَا فِي قَلْبِهِ قَالَ فَلَا أَنْتَ قَبِلْتَ مَا تَكَلَّمَ بِهِ وَلَا أَنْتَ تَعْلَمُ مَا فِي قَلْبِهِ قَالَ فَسَكَتَ عَنْهُ رَسُولُ اللهِ ﷺ فَلَمْ يَلْبَثْ إِلَّا يَسِيرًا حَتَّى مَاتَ فَدَفَنَّاهُ فَأَصْبَحَ عَلَى ظَهْرِ الْأَرْضِ فَقَالُوا لَعَلَّ عَدُوًّا نَبَشَهُ فَدَفَنَّاهُ ثُمَّ أَمَرْنَا غِلْمَانَنَا يَحْرُسُونَهُ فَأَصْبَحَ عَلَى ظَهْرِ الْأَرْضِ فَقُلْنَا لَعَلَّ الْغِلْمَانَ نَعَسُوا فَدَفَنَّاهُ ثُمَّ حَرَسْنَاهُ بِأَنْفُسِنَا فَأَصْبَحَ عَلَى ظَهْرِ الْأَرْضِ فَأَلْقَيْنَاهُ فِي بَعْضِ تِلْكَ الشِّعَابِ

حَدَّثَنَا إِسْمَعِيلُ بْنُ حَفْصٍ الْأَيْلِيُّ حَدَّثَنَا حَفْصُ بْنُ غِيَاثٍ عَنْ عَاصِمٍ عَنْ السُّمَيْطِ عَنْ عِمْرَانَ بْنِ الْحُصَيْنِ قَالَ بَعَثَنَا رَسُولُ اللهِ ﷺ فِي سَرِيَّةٍ فَحَمَلَ رَجُلٌ مِنْ الْمُسْلِمِينَ عَلَى رَجُلٍ مِنْ الْمُشْرِكِينَ فَذَكَرَ الْحَدِيثَ وَزَادَ فِيهِ فَنَبَذَتْهُ الْأَرْضُ فَأُخْبِرَ النَّبِيُّ ﷺ وَقَالَ إِنَّ الْأَرْضَ لَتَقْبَلُ مَنْ هُوَ شَرٌّ مِنْهُ وَلَكِنَّ اللهَ أَحَبَّ أَنْ يُرِيَكُمْ تَعْظِيمَ حُرْمَةِ لَا إِلَهَ إِلَّا اللهُ.

ইমরান ইবনু হুসাইন (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নাফে ইবনুল আযরাক (রাঃ) ও তার সাথীরা (আমার নিকট) এসে বললো, হে ইমরান! তুমি ধ্বংস হয়ে গেছো। তিনি বলেন, আমি ধ্বংস হইনি। তারা বলেন, আল্লাহ বলেছেন

“তোমরা তাদের বিরুদ্ধে সংগ্রাম করতে থাকো যতক্ষণ না ফেতনা দূরীভূত হয় এবং আল্লাহর দীন সামগ্রিকভাবে প্রতিষ্ঠিত হয়’ ’ (৮:৩৯)।

তিনি বলেন, আমরা তাদের বিরুদ্ধে এতটা যুদ্ধ করেছি যে, তাদেরকে নির্বাসিত করেছি। ফলে আল্লাহর দীন সামগ্রিকভাবে প্রতিষ্ঠিত হয়েছে। তোমরা চাইলে আমি তোমাদের নিকট একটি হাদীস বর্ণনা করতে পারি, যা আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট শুনেছি। তারা বলেন, আপনি কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট তা শুনেছেন? তিনি বলেন, হাঁ, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট উপস্থিত ছিলাম। তিনি একটি সামরিক বাহিনী মুশরিকদের বিরুদ্ধে পাঠালেন।

মুসলমানরা তাদের মোকাবিলায় অবতীর্ণ হয়ে ঘোরতর যুদ্ধে লিপ্ত হলো। মুশরিকরা পরাজিত হয়ে আত্মসমর্পণ করলো। আমার এক বন্ধু যুদ্ধে লিপ্ত হলো। মুশরিকের উপর বর্শা দ্বারা হামলা করলো, তিনি তাকে পাকড়াও করলে সে বলতে লাগলো, “আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত কোন ইলাহ নাই। নিশ্চয় আমি একজন মুসলিম’ ’ । তিনি তাকে

ভর্ৎসনা করলেন এবং তাকে হত্যা করলেন। অতঃপর তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট এসে একবার বা দু’ বার বলেন, হে আল্লাহর রাসূল! আমি ধ্বংস হয়ে গেছি। অতঃপর তিনি যা করেছেন তা তাঁর নিকট বর্ণনা করলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বলেনঃ তুমি তার পেট চিরে দেখলে না কেন? তাহলে তো তুমি তার অন্তরের খবর জানতে পারতে! তিনি বলেন, হে আল্লাহর রাসূল! আমি তার পেট চিরে ফেললেও তার অন্তরের খবর জানতে পারতাম না। তিনি বলেনঃ তাহলে তুমি তার উচ্চারিত স্বীকারোক্তি কেন কবুল করলে না, অথচ তুমি তার অন্তরের খবর জানতে না?

ইমরান (রাঃ) বলেন, অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিছুক্ষণ নীরব থাকলেন। অবশেষে লোকটি মারা গেলে আমরা তাকে দাফন করলাম। ভোরে উঠে আমরা দেখলাম যে, তার লাশ কবরের বাইরে যমীনের উপরে পড়ে আছে। তারা বললেন, হয়ত কোন শত্রু কবর খুঁড়ে একে বের করে তুলে রেখেছে। অতঃপর আমরা তাকে আবার দাফন করলাম এবং আমাদের যুবকদের তার কবর পাহারা দিতে নির্দেশ দিলাম। আমরা পরদিন ভোরবেলা দেখতে পেলাম যে, তার লাশ কবরের বাইরে যমীনের উপর পড়ে আছে। আমরা বললাম, হয়ত প্রহরীরা তন্দ্রাগ্রস্ত হয়ে পড়েছিল। আমরা পুনরায় তাকে দাফন করলাম এবং নিজেরাই প্রহরায় রত হলাম। প্রত্যুষে আমরা দেখলাম, সে কবরের বাইরে যমীনের উপর পড়ে আছে। অবশেষে আমরা তাকে এক গিরিসংকটে নিক্ষেপ করলাম।

বর্ণনায় আরো আছেঃ যমীন তাকে উৎক্ষিপ্ত করলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে খবর দেয়া হলো। তিনি বলেনঃ যমীন তো অবশ্যি তার চেয়ে নিকৃষ্ট ব্যক্তিকেও গ্রহণ করে। কিন্তু আল্লাহ তা ‘আলা তোমাদের দেখাতে চান যে, ‘‘লা ইলাহা ইল্লাল্লাহ’ ’ -এর মর্যাদা ও মাহাত্ম্য কত বেশী।(ইবনু মাজাহ)

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، وَعَلِيُّ بْنُ حُجْرٍ، قَالاَ حَدَّثَنَا إِسْمَاعِيلُ، وَهُوَ ابْنُ جَعْفَرٍ عَنِ الْعَلاَءِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " أَتَدْرُونَ مَا الْمُفْلِسُ " . قَالُوا الْمُفْلِسُ فِينَا مَنْ لاَ دِرْهَمَ لَهُ وَلاَ مَتَاعَ . فَقَالَ " إِنَّ الْمُفْلِسَ مِنْ أُمَّتِي يَأْتِي يَوْمَ الْقِيَامَةِ بِصَلاَةٍ وَصِيَامٍ وَزَكَاةٍ وَيَأْتِي قَدْ شَتَمَ هَذَا وَقَذَفَ هَذَا وَأَكَلَ مَالَ هَذَا وَسَفَكَ دَمَ هَذَا وَضَرَبَ هَذَا فَيُعْطَى هَذَا مِنْ حَسَنَاتِهِ وَهَذَا مِنْ حَسَنَاتِهِ فَإِنْ فَنِيَتْ حَسَنَاتُهُ قَبْلَ أَنْ يُقْضَى مَا عَلَيْهِ أُخِذَ مِنْ خَطَايَاهُمْ فَطُرِحَتْ عَلَيْهِ ثُمَّ طُرِحَ فِي النَّارِ " .

কুতায়বা ইবনু সাঈদ ও আলী ইবনু হুজর (রহঃ) ... আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা কি বলতে পার, দরিদ্র (দেউলিয়া) কে? তারা বললেন, আমাদের মধ্যে যার দিরহাম (টাকা কড়ি) ও আসবাপত্র (ধন-সম্পদ) নেই সেই তো দরিদ্র। তখন তিনি বললেনঃ আমার উম্মাতের মধ্যে সেই প্রকৃত অভাবগ্রস্ত, যে ব্যক্তি কিয়ামতের দিন সালাত, সাওম ও যাকাত নিয়ে আসবে; অথচ সে এই অবস্থায় আসবে যে, একে গালি দিয়েছে, একে অপবাদ দিয়েছে, এর সম্পদ ভোগ করেছে, একে হত্যা করেছে ও একে মেরেছে। এরপর একে তার নেক আমল থেকে দেওয়া হবে, একে নেক আমল থেকে দেওয়া হবে। এরপর তার কাছে (পাওনাদারের) প্রাপ্য তার নেক আমল থেকে পূরণ করা না গেলে ঋণের বিনিময়ে তাদের পাপের একাংশ তার প্রতি নিক্ষেপ করা হবে। এরপর তাকে জাহান্নামে নিক্ষেপ করা হবে। (মুসলিম)

حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَمْرٍو، عَنْ مُحَمَّدِ بْنِ مُبَارَكٍ، حَدَّثَنَا صَدَقَةُ بْنُ خَالِدٍ، أَوْ غَيْرُهُ، قَالَ: قَالَ خَالِدُ بْنُ دِهْقَانَ، سَأَلْتُ يَحْيَى بْنَ يَحْيَى الْغَسَّانِيَّ، عَنْ قَوْلِهِ: اغْتَبَطَ بِقَتْلِهِ قَالَ: الَّذِينَ يُقَاتِلُونَ فِي الْفِتْنَةِ، فَيَقْتُلُ أَحَدُهُمْ، فَيَرَى أَنَّهُ عَلَى هُدًى، لَا يَسْتَغْفِرُ اللَّهَ يَعْنِي مِنْ ذَلِكَ» قَالَ أَبُو دَاوُدَ: فَاغْتَبَطَ: يَصُبُّ دَمَهُ صَبًّا

সাদাকাহ ইবনু খালিদ বা অন্য কারো সূত্রে বর্ণিত। তিনি বলেন, খালিদ ইবনু দিহকান বলেছেন, আমি ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া আল-গাসসানীকে বললাম, তাঁর (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর বাণীঃ ‘‘ইগতাবাতা বিকাত্তিহি’ ’ এর অর্থ কি? তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যারা ফিতনায় পতিত হয়ে পরস্পর যুদ্ধ করবে। অতঃপর কাউকে হত্যার পর দেখতে পাবে, নিহত ব্যক্তি হিদায়াতের উপর ছিলো। আর সে এজন্য আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করে না। ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, তিনি বলেছেন, ‘‘ফা ‘তাবাতা’ এর অর্থ সে অধিক রক্তপাত ঘটিয়েছে। [আবু দাউদ, আল ফিতান]

عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ: قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَا تَذْهَبُ الدُّنْيَا، حَتَّى يَأْتِيَ عَلَى» النَّاسِ يَوْمٌ لَا يَدْرِي الْقَاتِلُ فِيمَ قَتَلَ، وَلَا الْمَقْتُولُ فِيمَ قُتِلَ " فَقِيلَ: كَيْفَ يَكُونُ ذَلِكَ؟ قَالَ: «الْهَرْجُ، الْقَاتِلُ وَالْمَقْتُولُ فِي النَّارِ» وَفِي رِوَايَةِ ابْنِ أَبَانَ قَالَ: هُوَ يَزِيدُ بْنُ كَيْسَانَ، عَنْ أَبِي إِسْمَاعِيلَ، لَمْ يَذْكُرِ الْأَسْلَمِيَّ

আবু হুরাইরা রা. হতে বর্ণিত। তিনি বলেন, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: আল্লাহর শপথ! কিয়ামত হবে না যে পর্যন্ত না মানুষের উপর এমন অবস্থা আসে যে, ‘‘হত্যাকারী সঠিক জানবে না সে কেন একজনকে হত্যা করছে এবং নিহত ব্যক্তিও বুঝতে পারবে না কেন তাকে হত্যা করা হচ্ছে’’ জিজ্ঞেস করা হল, কিভাবে এমন হবে? রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন ‘‘এটাই হল হারজ, হত্যাকারী ও নিহত ব্যক্তি দুজনই জাহান্নামী। (মুসলিম, কিতাবুল ফিতান)

এবং রব্বুল আলামীনের ঘোষণা:

وَنَضَعُ الْمَوَازِينَ الْقِسْطَ لِيَوْمِ الْقِيَامَةِ فَلَا تُظْلَمُ نَفْسٌ شَيْئًا وَإِن كَانَ مِثْقَالَ حَبَّةٍ مِّنْ خَرْدَلٍ أَتَيْنَا بِهَا وَكَفَى بِنَا حَاسِبِينَ

আমি কেয়ামতের দিন ন্যায়বিচারের মানদন্ড স্থাপন করব। সুতরাং কারও প্রতি জুলুম হবে না। যদি কোন আমল সরিষার দানা পরিমাণও হয়, আমি তা উপস্থিত করব এবং হিসাব গ্রহণের জন্যে আমিই যথেষ্ট। সুরা আম্বিয়া- ২১:৪৭

রব্বুল আলামীনের নিকটই চাই ঈমান- আমালের হিফাজত, মুসলিমদের পারস্পরিক দ্বন্দ্বে সংযম ও আখিরাতের পূর্ণ নিরাপত্তা।

প্রতীক্ষিত মেহমানের আগমন, সর্বোত্তম পাথেয় আহরণের এটাই সুযোগ

রব্বুল আলামীনের ঘোষণা:

وَتَزَوَّدُوا فَإِنَّ خَيْرَ الزَّادِ التَّقْوَى وَاتَّقُونِ يَا أُوْلِي الأَلْبَابِ

আর তোমরা পাথেয় সাথে নিয়ে নাও। নিঃসন্দেহে সর্বোত্তম পাথেয় হচ্ছে আল্লাহর ভয়। আর আমাকে ভয় করতে থাক, হে বুদ্ধিমানগণ! [সুরা বাকারা ২:১৯৭]

এই তাক্বওয়া আহরণের জন্যই সিয়াম সাধনা। ঘোষণা হচ্ছে:

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُواْ كُتِبَ عَلَيْكُمُ الصِّيَامُ كَمَا كُتِبَ عَلَى الَّذِينَ مِن قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُون

হে যারা ইমান এনেছ! তোমাদের উপর সিয়াম ফরয করা হয়েছে যেমন ফরজ করা হয়েছিল তোমাদের পূর্ববর্তী লোকদের উপর, যেন তোমরা তাক্বওয়া অর্জন করতে পার। [সুরা বাকারা ২:১৮৩]

বিগত জীবনের যাবতীয় পাপ-পংকিলতা, বদাভ্যাস পরিহারের মধ্য দিয়ে জীবনকে নতুনভাবে সাজানোর এমন উপায় পরবর্তী সময়ে হয়ত আর নাও আসতে পারে।

মনে রাখতে হবে,মুমিন-মুসলিম ব্যক্তি মাত্রই সিয়ামের বিধান মেনে নিতেবাধ্য। আর সিয়াম কেবল খাবার- পানীয় থেকে দূরে থাকার নাম নয়। ঘোষণা হচ্ছে

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ لَمْ يَدَعْ قَوْلَ الزُّورِ وَالعَمَلَ بِهِ، فَلَيْسَ لِلَّهِ حَاجَةٌ فِي أَنْ يَدَعَ طَعَامَهُ وَشَرَابَهُ»

"যে ব্যক্তি বাজে কথা ও কর্ম পরিহার না করবে তার কেবল খাবার- পানীয় পরিহারে আল্লাহর কাছে কোন মূল্য নেই" । বুখারী

কেননা সিয়াম তো আল্লাহর জন্য এবং প্রতিদান তারই নিকট নির্দিষ্ট। বলা হয়েছে: (হাদীসে কুদসী)

وحَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، وَوَكِيعٌ، عَنِ الْأَعْمَشِ، ح وحَدَّثَنَا زُهَيْرُ بْنُ حَرْبٍ، حَدَّثَنَا جَرِيرٌ، عَنِ الْأَعْمَشِ، ح وحَدَّثَنَا أَبُو سَعِيدٍ الْأَشَجُّ، وَاللَّفْظُ

لَهُ حَدَّثَنَا وَكِيعٌ، حَدَّثَنَا الْأَعْمَشُ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، قَالَ: قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: "كُلُّ عَمَلِ ابْنِ آدَمَ يُضَاعَفُ، الْحَسَنَةُ عَشْرُ أَمْثَالِهَا إِلَى سَبْعِمِائَةِ ضِعْفٍ، قَالَ اللهُ عَزَّ وَجَلَّ: إِلَّا الصَّوْمَ، فَإِنَّهُ لِي وَأَنَا أَجْزِي بِهِ، يَدَعُ شَهْوَتَهُ وَطَعَامَهُ مِنْ أَجْلِي "

বানী আদামের কোন সৎকর্মের প্রতিদান বৃদ্ধি করা হয় দশগুণ থেকে সাতশগুণ। আর বান্দা যখন আমার ভয়ে খাবার- পানীয় ও কু-প্রবৃত্তি বর্জন করে এই সিয়াম আমার জন্য, সুতরাং আমি এর প্রতিদান দিব (যত ইচ্ছা)। (বুখারী, মুসলিম, কিতাবুস সিয়াম)

حَدَّثَنَا مُسلِمُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا هِشَامٌ، حَدَّثَنَا يَحْيَى، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ أَبِي - هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ، عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: «مَنْ قَامَ لَيْلَةَ القَدْرِ إِيمَانًا وَاحْتِسَابًا، غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ، وَمَنْ صَامَ رَمَضَانَ إِيمَانًا وَاحْتِسَابًا غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ»

মুসলিম ইবনে ইবরাহীম রহ……..আবু হুরায়রা রা. থেকে বর্ণিত, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: যে ব্যক্তি লাইলাতুল কদরে ঈমানের সাথে সাওয়াবের আশায় রাত জেগে ইবাদত করে, তার পিছনের সমস্ত গুনাহ ক্ষমা করা হবে। আর যে ব্যক্তি ঈমানসহ সাওয়াবের আশায় রমযানে সিয়াম পালন করবে, তারও অতীতের সমস্ত গুনাহ মাফ করা হবে। (বুখারী, কিতাবুস সিয়াম ও অন্যান্য)

حَدَّثَنَا يَحْيَى بْنُ بُكَيْرٍ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ عُقَيْلٍ، عَنِ ابْنِ شِهَابٍ، - ٢٠٠٨ قَالَ: أَخْبَرَنِي أَبُو سَلَمَةَ، أَنَّ أَبَا هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ لِرَمَضَانَ: «مَنْ قَامَهُ إِيمَانًا وَاحْتِسَابًا، غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ»

আবদুল্লাহ ইবনে ইউসুফ রহ…….. আবু হুরায়রা রা. থেকে বর্ণনা করেন যে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি রমযানে ঈমানের সাথে সাওয়াব লাভের আশায় ক্বিয়ামুল লাইল করবে তার পূর্ববর্তী গুনাহসমূহ মাফ করে দেওয়া হবে। হাদীসের রাবী ইবনে শিহাব রহ. (বুখারী, মুসলিম, সিয়াম, তারাবীহ)

উপরোক্ত হাদীসগুলো সুসংবাদ দিচ্ছে, রমজান মাসে বিগত জীবনের গুনাহসমুহে ক্ষমা পেতে ১. সিয়াম পালন। ২. ক্বিয়ামুল লাইল। এবং ৩. লাইলাতুল ক্বদরে ক্বিয়াম। তিনটির সাথেই থাকতে হবে ইমান ও বিশুদ্ধ নিয়্যাত তথা আল্লাহর সন্তুষ্টি- সাওয়াব প্রত্যাশা। একটি হাদীসে রয়েছে চরম সতর্কবানী, “যে ব্যক্তি সিয়াম পালন করল কিন্তু ঐ সিয়ামে সে বাজে কথা- কর্ম পরিহার করল না তার সিয়াম মূল্যহীন ” ।

তাহলে সিয়ামের প্রতিদান পেতে হলে বাজে কথা-কর্ম পরিহার করতেই হবে। সুতরাং আমরা নিজ নিজ হৃদয়ে প্রতিজ্ঞা করব:

১. মিথ্যা কথা, মিথ্যা গল্প-কৌতুক, এসবে শরীক হব না অর্থাৎ নিজে করব না, কাউকে করতে দেখলে তাকে সিয়ামের বিষয় স্মরণ করিয়ে দিয়ে চলে আসব।

২. গীবত-সমালোচনা, কারও অনুপস্থিতিতে তার ভুল-মন্দ নিয়ে কথা বলা, অনেকের সামনে তাকে অপমান-অসম্মান করা এসবের ধারে কাছেও যাব না।

৩. মাজলিস জমানোর জন্য চাপাবাজি, নিজেকে বিভিন্ন বিষয়ে শ্রেষ্ঠ প্রমাণের চেষ্টা, কোন কাজ না করেও ঐ বিষয়ে প্রশংসা পেতে সত্য-মিথ্যা মিলিয়ে গল্প উপস্থাপন, দাওয়াতী কাজে বা দল ভারী করতে জনতা বা সমর্থকদেরকে মিথ্যা-অবাস্তব আশ্বাস দেয়া এসবের কোনটাতেই আমি যাব না।

৪. কারো পক্ষে- বিপক্ষে কোন ইচ্ছা, কথা বলা ও সিদ্ধান্ত নেয়ার পূর্বে আত্মজিজ্ঞাসায় লিপ্ত হব এটা কি আল্লাহর জন্য করতে যাচ্ছি নাকি অন্য কারো সন্তুষ্টি উদ্দেশ্য।

সর্বোপরি আল্লাহর জন্য মন ও জিহ্বার নিয়ন্ত্রণ এ মাসে আমাদের প্রধানতম দায়িত্ব। রব্বুল আলামীনের ঘোষণা:

وَقُل لِّعِبَادِي يَقُولُواْ الَّتِي هِيَ أَحْسَنُ إِنَّ الشَّيْطَانَ يَنزَغُ بَيْنَهُمْ إِنَّ الشَّيْطَانَ كَانَ لِلإِنْسَانِ عَدُوًّا مُّبِينًا

আমার বান্দাদেরকে বলে দিন, তারা যেন যা উত্তম এমন কথাই বলে। শয়তান তাদের মধ্যে সংঘর্ষ বাধায়। নিশ্চয় শয়তান মানুষের প্রকাশ্য শত্রু। সুরা বনী-ইসরাঈল ১৭:৫৩

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জবানীতে এসেছে:

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو رَضِيَ اللَّهُ عَنْهُمَا، عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «المُسْلِمُ مَنْ سَلِمَ المُسْلِمُونَ مِنْ لِسَانِهِ وَيَدِهِ، وَالمُهَاجِرُ مَنْ هَجَرَ مَا نَهَى اللَّه

যার জিহ্বা ও হাত থেকে অন্য মুসলিমরা নিরাপদ সে-ই প্রকৃত মুসলিম। ..... (বুখারী, মুসলিম, কিতাবুল ঈমান)

عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ كَانَ يُؤْمِنُ بِاللَّهِ وَاليَوْمِ الآخِرِ فَلاَ يُؤْذِ جَارَهُ، وَمَنْ كَانَ يُؤْمِنُ بِاللَّهِ وَاليَوْمِ الآخِرِ فَلْيُكْرِمْ ضَيْفَهُ، وَمَنْ

كَانَ يُؤْمِنُ بِاللَّهِ وَاليَوْمِ الآخِرِ فَلْيَقُلْ خَيْرًا أَوْ لِيَصْمُتْ»

…….. যে ব্যক্তি আল্লাহ ও আখিরাতে ঈমান আনে সে যেন ভাল কথা বলে অথবা চুপ থাকে। (বুখারী, কিতাবুল আদাব, মুসলিম)

এমনিভাবে হিফজুল লিসান বা জবান নিয়ন্ত্রণের নির্দেশ-উৎসাহ প্রতিদান যেমন অনেক হাদীসে বর্ণিত হয়েছে,তেমনি বর্ণনা রয়েছে জবান নিয়ন্ত্রণ না করার ভয়াবহ পরিণাম সম্পর্কে। আমরা যেন জিহ্বা ব্যবহারের পূর্বে রব্বুল আলামীনের নিম্নোক্ত ঘোষণা মনে রাখি:

وَلَقَدْ خَلَقْنَا الْإِنسَانَ وَنَعْلَمُ مَا تُوَسْوِسُ بِهِ نَفْسُهُ وَنَحْنُ أَقْرَبُ إِلَيْهِ مِنْ حَبْلِ الْوَرِيدِ

আমি মানুষ সৃষ্টি করেছি এবং তার মন নিভৃতে যে কুচিন্তা করে, সে সম্বন্ধেও আমি অবগত আছি।

আমি তার গ্রীবাস্থিত ধমনী থেকেও অধিক নিকটবর্তী

إِذْ يَتَلَقَّى الْمُتَلَقِّيَانِ عَنِ الْيَمِينِ وَعَنِ الشِّمَالِ قَعِيدٌ

যখন দুই ফেরেশতা ডানে ও বামে বসে তার আমল গ্রহণ করে

مَا يَلْفِظُ مِن قَوْلٍ إِلَّا لَدَيْهِ رَقِيبٌ عَتِيدٌ

সে যে কথাই উচ্চারণ করে, তাই গ্রহণ করার জন্যে তার কাছে সদা প্রস্তুত প্রহরী রয়েছ

]সুরা ক্বাফ ৫০: ১৬-১৮ [

রমজানের সিয়াম আমাদের জন্য অবশ্য পালনীয় তথা ফরয। সিয়ামের আহকাম, আরকান, সিয়াম ভংগের কারণ এসব নিয়ে আমরা অনেকটাই সচেতন; কিন্তু জিহ্বার নিয়ন্ত্রিত ব্যবহার না হলে আমার পালনকৃত সিয়াম য়ে প্রতিদানের বেলায় মূল্যহীন হতে পারে এ আলোচনা আমাদের মধ্যে অনেকটাই কম।

সুতরাং, আসুন সচেতন হই, রমজানে হিসাব করে কথা বলি, অধিকতর তাক্বওয়া অর্জন করি এবং এই তাক্বওয়া দিয়েই যেন হয় সারা বছরের পথচলা।

জিহ্বার হিফাজতের জন্য সর্বশ্রেষ্ঠ উপায় হল আল্লাহর যিকর। কেননা বান্দা যখন আল্লাহর যিকর করে আল্লাহ সুবহানাহু অ তায়ালা তার সংগী হন। শয়তান তার কাছে আসতে পারে না। আল্লাহ বলেন:

فَاذْكُرُونِي أَذْكُرْكُمْ وَاشْكُرُواْ لِي وَلاَ تَكْفُرُونِ

সুতরাং তোমরা আমাকে স্মরণ কর, আমিও তোমাদের স্মরণ রাখবো এবং আমার কৃতজ্ঞতা প্রকাশ কর; অকৃতজ্ঞ হয়ো না। সুরা বাকারা- ১৫২:০২

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন.. হাদীসে কুদসী:

عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ: قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَقُولُ اللهُ عَزَّ وَجَلَّ: «أَنَا عِنْدَ ظَنِّ عَبْدِي بِي، وَأَنَا مَعَهُ حِينَ يَذْكُرُنِي، إِنْ ذَكَرَنِي فِي نَفْسِهِ، ذَكَرْتُهُ فِي نَفْسِي، وَإِنْ ذَكَرَنِي فِي مَلَإٍ، ذَكَرْتُهُ فِي مَلَإٍ هُمْ خَيْرٌ مِنْهُمْ، وَإِنْ تَقَرَّبَ مِنِّي شِبْرًا، تَقَرَّبْتُ إِلَيْهِ ذِرَاعًا، وَإِنْ تَقَرَّبَ إِلَيَّ ذِرَاعًا، تَقَرَّبْتُ مِنْهُ بَاعًا، وَإِنْ أَتَانِي يَمْشِي أَتَيْتُهُ هَرْوَلَةً»،

আবু হুরাইরাহ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আল্লাহ জাল্লা শানুহু বলেন, আমি বান্দার ধারণা অনুযায়ী নিকটে আছি। যখন সে আমার যিকর (স্মরণ) করে সে সময় আমি তার সাথে থাকি। বান্দা আমাকে একাকী স্মরণ করলে আমিও তাকে একাকী স্মরণ করি। আর যদি সে আমাকে কোন সভায় আমার কথা স্মরণ করে তাহলে আমি তাকে তার চেয়ে উত্তম সভায় স্মরণ করি। যদি সে আমার দিকে এক বিঘত অগ্রসর হয় তাহলে আমি তার দিকে এক হাত এগিয়ে আসি। যদি সে আমার দিকে হেঁটে আসে আমি তার দিকে দৌড়িয়ে আসি। (মুসলিম, যিকর অধ্যায়)

আল কুরআন ও সুন্নাহর আরও বর্ণনা এ পর্বের জন্য বিদ্যমান।

অন্যদিকে কোন বান্দা আল্লাহর স্মরণে গাফিল বা উদাসীন হলে শয়তান তার সংগী হয়ে থাকে। আল্লাহর ঘোষণা:

وَمَن يَعْشُ عَن ذِكْرِ الرَّحْمَٰنِ نُقَيِّضْ لَهُ شَيْطَانًا فَهُوَ لَهُ قَرِينٌ

যে ব্যক্তি দয়াময় আল্লাহর স্মরণ থেকে চোখ ফিরিয়ে নেয়, আমি তার জন্যে এক শয়তান নিয়োজিত করে দেই, অতঃপর সে-ই হয় তার সঙ্গী। [সুরা যূখরুফ ৪৩:৩৬]

وَإِنَّهُمْ لَيَصُدُّونَهُمْ عَنِ السَّبِيلِ وَيَحْسَبُونَ أَنَّهُم مُّهْتَدُونَ

শয়তানরাই মানুষকে সৎপথে বাধা দান করে, আর মানুষ মনে করে যে, তারা সৎপথে রয়েছে। [সুরা যূখরুফ ৪৩:৩৭]

সুতরাং সর্বদা আল্লাহর যিকরে লিপ্ত থাকার মধ্য দিয়েই জিহ্বার যথাযথ হিফাজত সম্ভব। আর সর্বোত্তম যিকরের মধ্যে রয়েছে অত্যন্ত সহজ কয়েকটি বাক্য, তা হল: সুবহানাল্লাহ, আলহামদুলিল্লাহ, আল্লাহু আকবার, লা-ইলাহা ইল্লাল্লাহ, লা হাওলা অলা কুওয়াতা ইল্লা বিল্লাহ, আসতাগফিরুল্লাহা অ আতূবু ইলাইহি' । এর প্রতিটি বাক্যের উপরই ভিন্ন ভিন্নভাবে ফযীলত বর্ণিত হয়েছে, যা আমাদের কম-বেশী জানা রয়েছে।

আর, নিশ্চয়ই এই যিকর সিয়ামের প্রতিদান বাড়িয়ে দেয়, যেমনিভাবে সালাত, জিহাদ ইত্যাদি সকল ইবাদতকে করে তুলে আরও যথাযথ এবং অধিক প্রতিদানোপযোগী। যেমন বর্ণিত হয়েছে:

فقد خرج الإمام أحمد من حديث سهل بن معاذ عن النبي صلى الله عليه وسلم أن رجلًا سأله فقال:(أي الجهاد أعظم أجرا يا رسول الله ؟ قال:((أكثرهم لله ذكرا)). ثم قال: أي الصائمين أعظم؟ قال: ((أكثرهم لله ذكرا)). ثم ذكر لنا الصلاة والزكاة والحج والصدقة كلا ورسول الله صلى الله عليه وسلم يقول: ((أكثرهم لله ذكرا)). فقال أبو بكر: ذهب الذاكرون بكل خير. فقال رسول الله صلى الله عليه وسلم: ((أجل

সুতরাং রব্বুল আলামীনের নিকটই চাই যিকরে সিক্ত জিহ্বা, সিয়ামের হক্ক আদায়ের তাওফীক্ব এবং তাক্বওয়াপূর্ণ ক্বলব।

মহিমান্বিত আল কুরআন অবতরণের মাস রমজান, এ মাসে আমাদের নিকট আল কুরআনের প্রাপ্য।

কতইনা হতভাগা একজন মুসলিম! তাকে যখন একে দুনিয়ার যাবতীয় ব্যস্ততা সম্পর্কে জিজ্ঞাসা করা হয় সে তা সম্পাদনের কথা জানাতে পারে, আর যখনই প্রশ্ন করা হয় আল কুরআন তিলাওয়াত বা স্টাডি সম্পর্কে, সে বলে সময় পায়নি! আরও কত হতভাগা সেই মুসলিম মা বাবা, যে তার সন্তানের স্কুলের পাঠ সম্পন্ন করতে সময় দিতে পারে ঘন্টার পর ঘন্টা, রাত কাটিয়ে দেয় নির্ঘুমে, অথচ সন্তানের কুরআন পাঠে দিতে পারে না দশ মিনিট সময়!

আল্লাহ জানিয়েছেন, এই কুরআন হল মানুষের সমুদয় দুনিয়াবী বিষয় থেকে উত্তম।

هُوَ خَيْرٌ مِّمَّا يَجْمَعُون

বল, এটিই উত্তম সে সমুদয় থেকে যা সঞ্চয় করছ। (সুরা ইউনুস ১০:৫৮)

হে মুসলিম! তোমাকে তোমার দৈনন্দিন মূল ব্যস্ততায় আল কুরআনকে নিতে হবে। এটা অপশনাল নয় যে সময় পেলে এতে মনোযোগী হবে আর না পেলে হবেনা।

· রমজানের মহানত্ব বৃদ্ধি পেয়েছে কারণ এ মাসেই কুরআন নাযিল হয়েছে। আল্লাহ সংবাদ দিচ্ছেন:

شَهْرُ رَمَضَانَ الَّذِي أُنزِلَ فِيهِ الْقُرْآنُ هُدًى لِّلنَّاسِ وَبَيِّنَاتٍ مِّنَ الْهُدَى وَالْفُرْقَانِ

রমযান মাসই হল সে মাস, যাতে নাযিল করা হয়েছে কোরআন, যা মানুষের জন্য হেদায়েত এবং সত্যপথ যাত্রীদের জন্য সুস্পষ্ট পথ নির্দেশ আর ন্যায় ও অন্যায়ের পার্থক্যকারী। সুরা বাকারা- ১৮৫:০২

بِسْمِ اللهِ الرَّحْمنِ الرَّحِيمِ حم وَالْكِتَابِ االمبين انا انزَلْنَاهُ فِي لَيْلَةٍ مُّبَارَكَةٍ إِنَّا كُنَّا مُنذِرِين- ۝ হা-মী-ম। শপথসু-স্পষ্ট কিতাবের।

আমি একে নাযিল করেছি। এক বরকতময় রাতে, নিশ্চয় আমি সতর্ককারী। সুরা দুখান- ৩-১:৪৪

بِسْمِ اللهِ الرَّحْمنِ الرَّحِيمِ إِنَّا أَنزَلْنَاهُ فِي لَيْلَةِ الْقَدْرِ

আমি একে নাযিল করেছি লাইলাতুল কদরে। সুরা কদর- ১:৯৭

আল কুরআন রমাদ্বন মাসে লায়লাতুল ক্বদরে লাওহে মাহফুজ থেকে দুনিয়ার আকাশে বাইতুল ইজ্জতে একযোগে প্রথমবার নাযিল হয়। অত:পর জিবরীল আ. আল্লাহর ইচ্ছানুযায়ী ক্রমে ক্রমে তেইশ বৎসরে মুহাম্মদ সা. কে পৌছে দেন। এমনি বর্ণিত হয়েছে আবদুল্লাহ বিন আব্বাস রা.থেকে এবং তা সমর্থিত হয়েছে তাফসীর শাস্ত্রের ইমামদের র. দ্বারা। এছাড়া রাসুল সা. এর নিকট প্রথম যেদিন ওহী পৌছানো হয় সে দিনটি রমাদ্বন মাসের লাইলাতুল ক্বাদর এর অন্তর্ভুক্ত ছিল এমন বক্তব্য কারো কারো গবেষণায় উঠে এসেছে। আবদুল্লাহ বিন আব্বাস রা. এর বর্ণনা:

أن القرآن قد نزل من اللوح المحفوظ إلى السماء الدنيا ليلة القدر جملةً واحدة : . ثم نزل بعد ذلك منجّماً في ثلاث وعشرين سنة

عن ابن عباس في قوله (إِنَّا أَنْزَلْنَاهُ فِي لَيْلَةِ الْقَدْرِ) قال : نزل القرآن جملة واحدة في ليلة القدر . وكان الله عز وجل يُنزل على رسول الله صلى الله عليه وسلم بعضه في أثر بعض . قالوا (لَوْلَا نُزِّلَ عَلَيْهِ الْقُرْآنُ جُمْلَةً وَاحِدَةً كَذَلِكَ لِنُثَبِّتَ بِهِ فُؤَادَكَ وَرَتَّلْنَاهُ تَرْتِيلًا) .

رواه النسائي في " السنن الكبرى " (519/6) . والأثر له ألفاظ متقاربة . ومخارج متعددة . ولذلك صححه الحافظ ابن حجر في " فتح الباري " (4/9) وغيره .

আল কুরআন নাযিলের এ মাসে জিবরীল আ.প্রতি রাতেই মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট আসতেন এবং পরস্পর একে- অন্যকে আল কুরআনের পাঠ দিতেন। বর্ণিত হচ্ছে:

عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ: «كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَجْوَدَ النَّاسِ، وَكَانَ أَجْوَدُ مَا يَكُونُ فِي رَمَضَانَ حِينَ يَلْقَاهُ جِبْرِيلُ، وَكَانَ يَلْقَاهُ فِي كُلِّ لَيْلَةٍ مِنْ رَمَضَانَ فَيُدَارِسُهُ القُرْآنَ، فَلَرَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَجْوَدُ بِالخَيْرِ مِنَ الرِّيحِ المُرْسَلَةِ»

ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছিলেন সর্বশ্রেষ্ঠ দাতা। রমযানে তিনি আরো বেশী দানশীল হতেন, যখন জিবরাঈল আলাইহি ওয়া সাল্লাম তাঁর সাথে সাক্ষাৎ করতেন। আর রমযানের প্রতি রাতেই জিবরাঈল আলাইহি ওয়া সাল্লাম তাঁর সাথে সাক্ষাৎ করতেন এবং তাঁরা পরস্পর কুরআন তিলাওয়াত করে শোনাতেন। নিশ্চয়ই রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রহমতের বাতাস থেকেও অধিক দানশীল ছিলেন। (বুখারী, কিতাবুল ওহী)

বরকতময় এ মাসে আল কুরআনের অধিকারগুলো আমাদেরকে বিশেষভাবে স্মরণ করতে হবে এবং তা প্রত্যার্পণে পূর্ণ মনোযোগী হতে হবে। অধিকারগুলো হল:

ক. তিলাওয়াত: সারা বৎসর আমরা জাগতিক বিভিন্ন ব্যস্ততায় আল কুরআন তিলাওয়াতে খুব অল্পই সময় দিতে পারি। এখন আমাকে সিদ্ধান্ত নিতে হবে এবং অন্য ব্যস্ততা কমিয়ে অধিক তিলাওয়াতের জন্য সময় বের করতেই হবে। এক্ষেত্রে হতে পারে, প্রতি ওয়াক্ত সালাতের পরই অন্তত দশ মিনিট করে তিলাওয়াত; ব্যক্তি ও ব্যস্ততার ভিন্নতায় এই সময় বাড়তে থাকবে। এছাড়া অবসর পেলেই কোন গল্পে না জড়িয়ে তিলাওয়াতে ব্যস্ত হওয়া উচিত। আল্লাহ বলেন:

إِنَّ الَّذِينَ يَتْلُونَ كِتَابَ اللَّهِ وَأَقَامُوا الصَّلَاةَ وَأَنفَقُوا مِمَّا رَزَقْنَاهُمْ سِرًّا وَعَلَانِيَةً يَرْجُونَ تِجَارَةً لَّن تَبُورَ

যারা আল্লাহর কিতাব পাঠ করে, নামায কায়েম করে, এবং আমি যা দিয়েছি, তা থেকে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে, তারা এমন ব্যবসা আশা কর, যাতে কখনও লোকসান হবে না। সুরা ফাতির- ২৯:৩৫

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন:

عَنْ أَبِي مُوسَى، عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: " المُؤْمِنُ الَّذِي يَقْرَأُ القُرْآنَ وَيَعْمَلُ بِهِ: كَالأُتْرُجَّةِ، طَعْمُهَا طَيِّبٌ وَرِيحُهَا طَيِّبٌ، وَالمُؤْمِنُ الَّذِي لاَ يَقْرَأُ القُرْآنَ، وَيَعْمَلُ بِهِ: كَالتَّمْرَةِ طَعْمُهَا طَيِّبٌ وَلاَ رِيحَ لَهَا، وَمَثَلُ المُنَافِقِ الَّذِي يَقْرَأُ القُرْآنَ: كَالرَّيْحَانَةِ رِيحُهَا طَيِّبٌ وَطَعْمُهَا مُرٌّ، وَمَثَلُ المُنَافِقِ الَّذِي لاَ يَقْرَأُ القُرْآنَ: كَالحَنْظَلَةِ، طَعْمُهَا مُرٌّ أَوْ خَبِيثٌ وَرِيحُهَا مُرٌّ "

মুসাদ্দাদ (রহঃ) ... আবূ মূসা (রাঃ) সূত্রে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত। তিনি বলেন, ঐ মু’ মিন যে কুরআন পাঠ করে এবং সে অনুযায়ী আমল করে, তাঁর উদাহরণ ঐ লেবুর মত যা খেতে সুস্বাদু এবং গন্ধে মন মাতানো। আর ঐ মু’ মিন যে কুরআন পাঠ করে না; কিন্তু এর অনুসারে আমল করে। তার উদাহরণ হচ্ছে ঐ খেজুরের মত যা খেতে সুস্বাদু কিন্তু গন্ধ নেই। আর সকল মুনাফিক যারা কুরআন পাঠ করে; তার উদাহরণ হচ্ছে, ঐ রায়হানের ন্যায়, যার মন মাতানো খুশবু গন্ধ আছে, অথচ খেতে একেবারে বিস্বাদ (তিক্ত)। আর ঐ মুনাফিক কুরআন পাঠ করে না, তার উদাহরণ হচ্ছে ঐ হাঞ্জাল (মাকাল) ফলের ন্যায়, যা খেতেও বিস্বাদ এবং তা দুর্গন্ধযুক্ত। (বুখারী, কিতাবু ফাযাইলিল কুরআন,মু সলিম, অন্যান্য)

খ. তিলাওয়াত শুদ্ধকরণ : হাফিজ, আলিম এবং কুরআনের সাথে দীর্ঘ সময় ব্যয়কারী এই তিন শ্রেণীর ব্যক্তি ছাড়া আমাদের দেশের সাধারণ মানুষের তিলাওয়াতের শুদ্ধতা নেই বললেই চলে। তাদের অবস্থা এভাবে বিন্যাস করা যেতে পারে:

** কারও মুখস্ত কিছু সুরার তিলাওয়াত ভাল।

** কারও নির্দিষ্ট কিছু আয়াতের তিলাওয়াত ভাল।

** কেউ হয়তো অল্পদিনের কোন কোর্সে অংশ নিয়ে শেখার পর নিয়মিত চর্চা না থাকায় ভুলে গেছেন।

** কেউ হয়তো ভুলের উপর শিখে সেটাই চর্চা করছেন, উপযুক্ত কাউকে সমগ্র কুরআন শুনাতে পারেননি।

উক্ত যে শ্রেণীতেই আপনার অবস্থান হোক না কেন, আপনাকে এগিয়ে যেতে হবে। এক্ষেত্রে করণীয় হল:

১. বিশুদ্ধ নিয়্যাত এবং আল্লাহর নিকট দুয়া- তাওফীক্ব কামনা, যেন তিলাওয়াত শুদ্ধ হয়।

عَنْ أَبِي هُرَيْرَةَ، رضى الله عنه عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " لَيْسَ شَيْءٌ أَكْرَمَ عَلَى اللَّهِ تَعَالَى مِنَ الدُّعَاءِ"هَذَا

আবূ হুরাইরাহ (রাযিঃ) হতে বর্ণিত। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা'আলার নিকট দু'আর চেয়ে কোন জিনিস বেশি সম্মানিত নয়। (তিরমিযী, ইবনু মাজাহ, দুআ অধ্যায়)

২. বয়স যা-ই হোক না কেন এই শিক্ষার ক্ষেত্রে লজ্জা বা জড়তা থাকা যাবে না। আল্লাহ রব্বুল আলামীন আপনার চেষ্টা-প্রচেষ্টাই দেখবেন।

عَنْ سَعْدِ بْنِ هِشَامٍ، عَنْ عَائِشَةَ، قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم "الَّذِي يَقْرَأُ الْقُرْآنَ وَهُوَ مَاهِرٌ بِهِ مَعَ السَّفَرَةِ الْكِرَامِ الْبَرَرَةِ وَالَّذِي يَقْرَؤُهُ قَالَ هِشَامٌ وَهُوَ شَدِيدٌ عَلَيْهِ قَالَ شُعْبَةُ وَهُوَ عَلَيْهِ شَاقٌّ فَلَهُ أَجْرَانِ " . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

আয়িশাহ (রাযিঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কুরআন পাঠে দক্ষ ব্যক্তি (আখিরাতে) সম্মানিত নেককার লিপিকর ফেরেশতাদের সাথে থাকবে। আর যে ব্যক্তি উহা পাঠ করে এবং এটা তার পক্ষে (হিশামের বর্ণনায়) খুবই কঠিন ও (শু'বাহর বর্ণনায়) কষ্টকর, সে দুটি পুরস্কার পাবে।

(বুখারী, মুসলিম, তিরমিযী, নাসাঈ, আবু দাউদ, ইবনু মাজাহ)

৩. নিকটবর্তী মাদরাসায় যান এবং ভাল ওস্তাদ খুজে নিন।

৪. দৃঢ় সিদ্ধান্ত নিন, লেগে থাকুন।

৫. প্রতিদিন যতটুকু তিলাওয়াত করবেন তা অডিও শুনুন এবং মিলিয়ে নিন। অডিও শোনার ক্ষেত্রে নেট থকে "সাদ আল গামিদী " বা রাশিদ আল আফাসী বা সিদ্দীক আল মিনশাওয়ী এদের যে কোন একজনের তিলাওয়াত ডাউনলোড করে নিন।

৬. নারীদের জন্য অবশ্যই স্বামী, বাবা, ভাই, ছেলে এদের মধ্য থেকে শিক্ষক হতে হবে। অথবা হাফেজা বা আলেমা কাউকে বাছাই করতে হবে। (এ সম্পর্কে আল মুসলিমাহ কর্ণারে বিস্তারিত)

৭. কুরআন তিলাওয়াতে সুর-ছন্দ নিয়ে আসুন: অনেকে কুরআন পাঠ করেন, মনে হয় যেন সাধারণ কোন বই পড়ছেন কুরআনের আয়াতের ওজন এতে রক্ষিত হয় না। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

قال الإمام البخاري رحمه الله: حدثنا إسحاق حدثنا أبو عاصم أخبرنا بن جريج أخبرنا بن شهاب عن أبي سلمة عن أبي هريرة قال : قال رسول الله صلى الله عليه وسلم : (ليس منا من لم يتغن بالقرآن وزاد غيره يجهر به

(6/2737

ورواه الإمام أحمد (1\172)، وابن أبي شيبة (2 257)، وأبو داود (74/2) ، والحاكم (758/1) ، وابن حبان (327/1) ، والدارمي (417/1) وغيرهم

যে ব্যক্তি সুললিত কণ্ঠে সুন্দরভাবে আল কুরআন পাঠ করবে না সে আমাদের নয়।

তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরও বলেন-

وعن البراء بن عازب، قال: ((قال رسول الله صلى الله عليه وسلم: زينوا القرآن بأصواتكم))

"তোমরা তোমাদের কণ্ঠ দ্বারা করআনকে সৌন্দর্যমন্ডিত কর" (আবু দাউদ ও অন্যান্য)

গ. নির্বাচিত সুরা ও আয়াত মুখস্তকরণ: ছোট সুরাগুলো তথা নিরানব্বই থেকে একশ চৌদ্দ নং সুরা, আয়াত আল কুরসী, সুরা বাক্বারাহর শেষ তিন আয়াত, আলে ইমরানের শেষ দশ আয়াত ও সুরা আল মুলক যাদের মুখস্ত নেই তারা বিশুদ্ধতার সাথে মুখস্ত করতে এ রমাদ্বনেই সুযোগ নিবেন। এসবে যাদের বিশুদ্ধ হিফজ রয়েছে তারা নতুন আয়াত বা সুরা হিফজের দিকে মনোযোগী হবেন।

الترمذي (2914) وأبو داود (1464) واللفظ له ، عن عبد الله بن عمرو رضي الله عنهما قال : قال رسول الله صلى الله عليه وسلم : (يُقَالُ لِصَاحِبِ الْقُرْآنِ : اقْرَأْ وَارْتَقِ وَرَتِّلْ ، كَمَا كُنْتَ تُرَتِّلُ فِي الدُّنْيَا ، فَإِنَّ مَنْزِلَكَ عِنْدَ آخِرِ آيَةٍ تَقْرَؤُهَا) .

আবদুল্লাহ ইবনু আমর (রাযিঃ) হতে বর্ণিত আছে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ (কিয়ামাতের দিন) কুরআনের বাহককে বলা হবে, পাঠ করতে থাক ও উপরে আরোহণ করতে থাক এবং দুনিয়াতে যেভাবে ধীরে সুস্থে পাঠ করতে ঠিক সেরূপে ধীরে সুস্থে পাঠ করতে থাক। যে আয়াতে তোমার পাঠ সমাপ্ত হবে সেখানেই তোমার স্থান। হাসান সহীহঃ মিশকাত (২১৩৪), তা' লীকুর রাগীব (২/২০৮), সহীহ আবূ দাউদ (১৩১৭), সহীহাহ (২২৪০)

ঘ. আল কুরআনের অনুবাদ ও তাফসীর অধ্যয়ন: আপনার মুখস্ত করা সুরা বা আয়াতটির সরল বাংলা অনুবাদ ও তাফসীর ইবন কাসীর খুব ভালভাবে পাঠ করুন।

ঙ. আল কুরআনের মাজলিস অনুষ্ঠান ও অংশগ্রহণ: প্রত্যেকেই নিজ নিজ অবস্থানস্থলে নিকটজনদের নিয়ে অল্প সময়ের জন্য হলেও কুরআনের মাজলিস আয়োজনে সচেষ্ট হোন।

، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ: قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ نَفَّسَ عَنْ مُؤْمِنٍ كُرْبَةً مِنْ كُرَبِ الدُّنْيَا، نَفَّسَ اللهُ عَنْهُ كُرْبَةً مِنْ كُرَبِ يَوْمِ الْقِيَامَةِ، وَمَنْ يَسَّرَ عَلَى مُعْسِرٍ، يَسَّرَ اللهُ عَلَيْهِ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ، وَمَنْ سَتَرَ مُسْلِمًا، سَتَرَهُ اللهُ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ، وَاللهُ فِي عَوْنِ الْعَبْدِ مَا كَانَ الْعَبْدُ فِي عَوْنِ أَخِيهِ، وَمَنْ سَلَكَ طَرِيقًا يَلْتَمِسُ فِيهِ عِلْمًا، سَهَّلَ اللهُ لَهُ بِهِ طَرِيقًا إِلَى الْجَنَّةِ، وَمَا اجْتَمَعَ قَوْمٌ فِي بَيْتٍ مِنْ بُيُوتِ اللهِ، يَتْلُونَ كِتَابَ اللهِ، وَيَتَدَارَسُونَهُ بَيْنَهُمْ، إِلَّا نَزَلَتْ عَلَيْهِمِ السَّكِينَةُ، وَغَشِيَتْهُمُ الرَّحْمَةُ وَحَفَّتْهُمُ الْمَلَائِكَةُ، وَذَكَرَهُمُ اللهُ فِيمَنْ عِنْدَهُ، وَمَنْ بَطَّأَ بِهِ عَمَلُهُ، لَمْ يُسْرِعْ بِهِ نَسَبُهُ

আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু সা. বলেছেন-

যে ব্যক্তি ইলম হাসিলের জন্য পথে বের হয়, আল্লাহ তার জন্য জান্নাতের পথ সুগম করে দেন। যখন কোন সম্প্রদায় আল্লাহর ঘরসমূহের কোন একটিতে সমবেত হয়ে আল্লাহর কিতাব তিলাওয়াত করে এবং পরস্পরে তার পর্যালোচনায় নিয়োজিত থাকে তখন তাদের উপর প্রশান্তি অবতীর্ণ হয়। রহমতের (শামিয়ানা) তাঁদের আচ্ছাদিত করে এবং ফিরিশতাগণ তাঁদের পরিবেষ্টন করে রাখেন। আর আল্লাহ তা' আলা তাঁর নৈকট্যধারীদের (ফিরিশতাগণের) মাঝে তাদের স্মরণ (আলোচনা) করেন। আর যে ব্যক্তির আমল তাকে পিছিয়ে দেবে তার বংশ মর্যাদা তাকে এগিয়ে নিতে পারবেনা। (মুসলিম, যিকর অধ্যায়)

ঙ. আল করআন শিখুন এবং শিক্ষা দিন। কেননা, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন:

عَنْ عُثْمَانَ بْنِ عَفَّانَ، قَالَ: قَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ أَفْضَلَكُمْ مَنْ تَعَلَّمَ القُرْآنَ وَعَلَّمَهُ»

«خَيْرُكُمْ مَنْ تَعَلَّمَ القُرْآنَ وَعَلَّمَهُ»،

তোমাদের মধ্যে উত্তম/শ্রেষ্ঠ সে-ই যে নিজে আল কুরআন শিখে এবং অন্যকে শিক্ষা দেয়। (বুখারী, ফাযায়েলে কুরআন)

ছ. আল কুরআনের আয়াত নিয়ে গভীর অধ্যয়ন: রব্বুল আলামীনের ঘোষণা---

كِتَابٌ أَنزَلْنَاهُ إِلَيْكَ مُبَارَكٌ لِّيَدَّبَّرُوا آيَاتِهِ وَلِيَتَذَكَّرَ أُوْلُوا الْأَلْبَابِ

এটি একটি বরকতময় কিতাব, যা আমি আপনার প্রতি বরকত হিসেবে অবতীর্ণ করেছি, যাতে মানুষ এর আয়াতসূহ লক্ষ্য করে এবং বুদ্ধিমানগণ যেন তা অনুধাবন করে। সুরা সাদ- ২৯:৩৮

أَفَلَا يَتَدَبَّرُونَ الْقُرْآنَ أَمْ عَلَى قُلُوبٍ أَقْفَالُهَا

তারা কি কোরআন সম্পর্কে গভীর চিন্তা করে না? না তাদের অন্তর তালাবদ্ধ? সুরা মুহাম্মাদ- ২৪:৪৭

أَفَلَا يَتَدَبَّرُونَ الْقُرْآنَ وَلَوْ كَانَ مِنْ عِندِ غَيْرِ اللهِ لَوَجَدُواْ فِيهِ اخْتِلاَفًا كَثِيراً

এরা কি লক্ষ্য করে না কোরআনের প্রতি? পক্ষান্তরে এটা যদি আল্লাহ ব্যতীত অপর কারও পক্ষ থেকে হত, তবে এতো অবশ্যই বহু বৈপরিত্য দেখতে পেত। [সুরা নিসা ৪:৮২]

এ পর্ব বিশেষভাবে আলেম ও কুরআন বিশেষজ্ঞদের জন্য, যারা ব্যক্তিগত ও সামষ্টিকভাবে কুরআনের আয়াত নিয়ে গভীর অধ্যয়ন করবেন; যেখানে এর শানে নুযুল, আয়াতসমূহের পারস্পরিক সম্পর্ক, তাফসীর,উপদেশ, নির্দেশনা, বর্তমান করণীয় ইত্যাদি যাবতীয় বিষয় সালফে সালেহীনদের অনুসৃত পন্থায় আলোচিত হবে। সধারণ জনতা শর্তাধীনে ও সাধ্যানুযায়ী উক্ত গবেষণায় শরীক হবেন।

জ. কুরআনের বিধানাবলী অনুসরণ:

اتَّبِعُواْ مَا أُنزِلَ إِلَيْكُم مِّن رَّبِّكُمْ وَلاَ تَتَّبِعُواْ مِن دُونِهِ أَوْلِيَاء قَلِيلاً مَّا تَذَكَّرُونَ

তোমরা অনুসরণ কর, যা তোমাদের প্রতি পালকের পক্ষ থেকে অবতীর্ণ হয়েছে এবং আল্লাহকে বাদ দিয়ে অন্য সাথীদের অনুসরণ করো না। সুরা আরাফ- ৩:৭

وَمَا كَانَ لِمُؤْمِنٍ وَلَا مُؤْمِنَةٍ إِذَا قَضَى اللَّهُ وَرَسُولُهُ أَمْرًا أَن يَكُونَ لَهُمُ الْخِيَرَةُ مِنْ أَمْرِهِمْ وَمَن يَعْصِ اللَّهَ وَرَسُولَهُ فَقَدْ ضَلَّ ضَلَالًا مُّبِينًا

আল্লাহ ও তাঁর রসূল কোন কাজের আদেশ করলে কোন ঈমানদার পুরুষ ও ঈমানদার নারীর সে বিষয়ে ভিন্ন ক্ষমতা নেই যে, আল্লাহ ও তাঁর রসূলের আদেশ অমান্য করে সে প্রকাশ্য পথভ্রষ্ট তায় পতিত হয়। সুরা আহজাব- ৩৬:৩৩

إِنَّمَا كَانَ قَوْلَ الْمُؤْمِنِينَ إِذَا دُعُوا إِلَى اللَّهِ وَرَسُولِهِ لِيَحْكُمَ بَيْنَهُمْ أَن يَقُولُوا سَمِعْنَا وَأَطَعْنَا وَأُوْلَئِكَ هُمُ الْمُفْلِحُونَ

মুমিনদের বক্তব্য কেবল এ কথাই যখন তাদের মধ্যে ফয়সালা করার জন্যে আল্লাহ ও তাঁর রসূলের দিকে তাদেরকে আহবান করা হয়, তখন তারা বলেঃ আমরা শুনলাম ও আদেশ মান্য করলাম। তারাই সফলকাম। সুরা নুর- ৫১:২৪

সুতরাং, জীবনের যে কোন পর্বে কুরআনের বিধান বাস্তবায়নে রমজান মাসই হোক আমাদের গতি নির্দেশক।

জ. ভুলে যাওয়া অংশ পুনরায় স্মৃতিতে নিয়ে আসা: মনে রাখবেন আল কুরআন হিফজ করে দুনিয়াবী ব্যস্ততায় বা অবহেলায় তা ভুলে যাওয়া অনেক বড় পাপ।

এভাবেই আমাদেরকে রমাদ্বন মাসব্যাপী আল কুরআনের পাঠ-পঠন ও চর্চায় অধিক মনোযোগী হয়ে সারা বৎসরের সম্বল

জমাতে হবে। অন্যথায় আমরা অভিযুক্ত হতে পারি কুরআন পরিত্যাগকারী হিসেবে; যাদের সম্পর্কে বলা হচ্ছে,

وَقَالَ الرَّسُولُ يَا رَبِّ إِنَّ قَوْمِي اتَّخَذُوا هَٰذَا الْقُرْآنَ مَهْجُورًا

রসূল বললেনঃ হে আমার পালনকর্তা, আমার সম্প্রদায় এই কোরআনকে পরিত্যক্ত সাব্যস্ত করেছে। সুরা ফুরকান- ৩০:২৫

আর রব্বুল আলামীনের এই ঘোষণা আমরা মনে রাখব,

يَا أَيُّهَا النَّاسُ قَدْ جَاءَتْكُم مَّوْعِظَةٌ مِّن رَّبِّكُمْ وَشِفَاءٌ لِّمَا فِي الصُّدُورِ وَهُدًى وَرَحْمَةٌ لِّلْمُؤْمِنِينَ

হে মানবকুল, তোমাদের কাছে উপদেশবানী এসেছে তোমাদের পরওয়ারদেগারের পক্ষ থেকে এবং অন্তরের রোগের নিরাময়, হেদায়েত ও রহমত মুসলমানদের জন্য। সুরা ইউনুস- ৫৭:১০

قُلْ بِفَضْلِ اللَّهِ وَبِرَحْمَتِهِ فَبِذَٰلِكَ فَلْيَفْرَحُوا هُوَ خَيْرٌ مِّمَّا يَجْمَعُونَ

বল, আল্লাহর দয়া ও মেহেরবাণীতে। সুতরাং এরই প্রতি তাদের সন্তুষ্ট থাকা উচিৎ। এটিই উত্তম সে সমুদয় থেকে যা সঞ্চয় করছ। [সুরা ইউনুস-১০:৫৮]

কুরআনের আয়াত দ্বারা বিতর্ক, নিজের বুঝ দ্বারা তাফসীর এবং পক্ষে-বিপক্ষে কোন আয়াত প্রয়োগের পূর্বে সতর্ক হোন

১. আল কুরআনের আয়াত নিয়ে বিতর্কের পরিণাম:

أَنَّ عَبْدَ اللهِ بْنَ عَمْرٍو، قَالَ: هَجَّرْتُ إِلَى رَسُولِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا، قَالَ: فَسَمِعَ أَصْوَاتَ رَجُلَيْنِ اخْتَلَفَا فِي آيَةٍ، فَخَرَجَ عَلَيْنَا رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، «يُعْرَفُ فِي وَجْهِهِ الْغَضَبُ، فَقَالَ: «إِنَّمَا هَلَكَ مَنْ كَانَ قَبْلَكُمْ، بِاخْتِلَافِهِمْ فِي الْكِتَابِ

আবদুল্লাহ ইবনু আমর (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদিন আমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে গেলাম। তিনি বলেন, তখন তিনি কুরআনের একটি আয়াত সম্পর্কে দু' ব্যক্তির মতবিরোধের আওয়ায শুনতে পান। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের মাঝে আসলেন, তখন তাঁর চেহারায় ক্রোধের চিহ্ন দেখা যাচ্ছিল। তিনি বললেনঃ তোমাদের পূর্ববতীরা আল্লাহর কিতাবে মতবিরোধ করার দরুণ ধ্বংস হয়েছে। (মুসলিম, কিতাবুল ইলম)

অন্য বর্ণনায় এসেছে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন আল কুরআন এক আয়াত অন্য আয়াতের সমার্থক। আর তোমাদের বিতর্কে মনে হচ্ছে এক আয়াত অন্য আয়াতের বিপরীত!.....

সুতরাং এই সতর্কবাণী আমাদের মনে রাখতে হবে। এর আমল হবে এভাবে,

- কারও সাথে বিতর্ক লিপ্ত হলে সে যদি তার কথার সমর্থনে কুরআনের কোন আয়াত পেশ করে আমি সেখানে ঐ আয়াতের বিপরীত অর্থ দেয় এমন কোন আয়াত পেশ না করে বিতর্কে পরিসমাপ্তি টানব। হতে পারে সে উক্ত আয়াতের অর্থ-ব্যাখ্যা বা প্রয়োগের কোথাও ভুল করেছে। আমি তাকে পরবর্তী সময়ে আলোচনার পরিবেশে ঐ আয়াতের সঠিক অর্থ-তাফসীর ও প্রয়োগক্ষেত্র নিয়ে কথা বলব।

২. নিজের বুঝ মত তাফসীর করা যাবে না

আল্লাহর ঘোষণা:

هُوَ الَّذِي بَعَثَ فِي الْأُمِّيِّينَ

رَسُولًا مِّنْهُمْ يَتْلُو عَلَيْهِمْ آيَاتِهِ وَيُزَكِّيهِمْ وَيُعَلِّمُهُمُ الْكِتَابَ وَالْحِكْمَةَ وَإِن كَانُوا مِن قَبْلُ لَفِي ضَلَالٍ مُّبِينٍ

তিনিই নিরক্ষরদের মধ্য থেকে একজন রসূল প্রেরণ করেছেন, যিনি তাদের কাছে পাঠ করেন তার আয়াতসমূহ,

তাদেরকে পবিত্র করেন এবং শিক্ষা দেন কিতাব ও হিকমত। ইতিপূর্বে তারা ছিল ঘোর পথভ্রষ্টতায় লিপ্ত। [সুরা জুম' য়া ৬২:২]

তাহলে রাসূলকে যে সকল দয়িত্ব দিয়ে পাঠানো হয়েছিল তার মধ্যে অন্যতম হল, তিনি উম্মাতকে আল্লাহর কিতাবের পাঠ-পঠন ও ব্যাখ্যা-আমল শিক্ষা দিবেন। এই আয়াতের মূল বক্তব্য আরও উঠে এসেছে আল কুরআনের ২:১২৯, ১৫১ এবং ৩:১৬৪ আয়াতত্রয়ে। এরপর আরও পরিস্কার করে বলা হয়েছে:

بِالْبَيِّنَاتِ وَالزُّبُرِ وَأَنزَلْنَا إِلَيْكَ الذِّكْرَ لِتُبَيِّنَ لِلنَّاسِ مَا نُزِّلَ إِلَيْهِمْ وَلَعَلَّهُمْ يَتَفَكَّرُونَ

এবং আপনার কাছে আমি স্মরণিকা অবতীর্ণ করেছি, যাতে আপনি লোকদের সামনে ঐসব বিষয় সুস্পস্ট করেন, যে গুলো তোদের প্রতি নাযিল করা হয়েছে, যাতে তারা চিন্তা-ভাবনা করে। সুরা নাহল- ৪৪:১৬

وَمَا أَنزَلْنَا عَلَيْكَ الْكِتَابَ إِلاَّ لِتُبَيِّنَ لَهُمُ الَّذِي اخْتَلَفُواْ فِيهِ وَهُدًى وَرَحْمَةً لِّقَوْمٍ يُؤْمِنُونَ

আমি আপনার প্রতি এ জন্যেই গ্রন্থ নাযিল করেছি, যাতে আপনি সরল পথ প্রদর্শনের জন্যে তাদের কে পরিষ্কার বর্ণনা করে দেন, যে বিষয়ে তারা মতবিরোধ করছে এবং ঈমানদারকে ক্ষমা করার জন্যে। সুরা নাহল- ৬৪:১৬

এই নির্দেশের ধরাবাহিকতায় রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল কুরআনের তিলাওয়াত- তাফসীর সাহাবীদেরকে শিখিয়েছেন। তিনি তার দায়িত্ব পূর্ণরূপে পালন করেছেন।

সাহাবীগণ রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে সমগ্র কুরআন শিখে নিয়েছিলেন। তাবেয়ী ইমাম আবু আবদুর রহমান আস সুলামী বলেন: আমাদের কুরআন শেখানোর উসতাদ উসমান রা. ও আব্দুল্লাহ বিন মাসউদ রা. আমাদেরকে বলতেন, "আমরা রাসুল সা. এর নিকট কুরআন শিখতাম, আমরা যখন দশটি আয়াত শিখতাম; খুব ভাল করে ঐ আয়াতগুলোর ইলম ও আমল জেনে না নেয়া পর্যন্ত পরবর্তী আয়াতে যেতাম না। এভাবে সমগ্র কুরআন শিখেছি এবং এর ইলম ও আমল সম্পর্কে জেনেছি।" (তাফসীর তাবারী, মুকাদ্দামাহ)

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবীদেরকে ইলম ছড়িয়ে দেয়ার নির্দেশ দিতেন। বিদায় হজ্জের ভাষণেও ছিল সেই তাগিদ। তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এও জানিয়েছেন, তাঁর উদ্বৃতি দিয়ে মিথ্যা বলার পরিণাম হল জাহান্নাম। নিজের বুঝ থেকে আল কুরআনের কোন আয়াতের ব্যাখ্যার পরিণামও ভয়াবহ।

- সাহাবাগণ সাধ্যানুযায়ী তাঁদের দায়িত্ব পালন করেছেন। তাবেয়ীগণকে তাঁরা কুরআন শিখিয়েছেন। ইলম বিতরণের এই ধারাবাহিকতায় তাফসীরের ইলম বিস্তৃত এক প্রাতিস্ঠানিক রুপে আজ পর্যন্ত চলমান। ইলম তুলে নেয়া পর্যন্ত এই সিলসিলা চলতেই থাকবে।

- আমাদের সময়ে কিছু ব্যক্তি কিংবা একশ্রেণীর যুবকদের দেখা যায় আল কুরআনের কিছু আয়াতের অনুবাদ শিখেই তৃপ্ত মনে কুরআনের যে কোন বিষয়ে সমাধান দিতে তৎপর হয়ে উঠেন! কেউ আবার প্রয়োগ-বিধি সম্পর্কিত ইলম ছাড়াই নিজের পক্ষে বা প্রতিপক্ষকে ঘায়েল করতে কোন আয়াতের উল্লেখ করে থাকেন!

- কাওকে দেখা যায় আল কুরআন বিষয়ক কোন জিজ্ঞাসার বিপরীতে খুব দ্রুত উত্তর দিতে, মনে হয় যেন সে উপস্থিত শ্রোতাদের বোঝাতে চায়, আমি কুরআনের উপর পূর্ণ দখল রাখি যা আর কেউ রাখে না।

- কাউকে দেখা জিজ্ঞাসিত সকল বিষয়ের উত্তর দিতে, যদিও সে নিজেই জানে উত্তর অনেক সময়ই সঠিক হচ্ছেনা। সে চিন্তা করে উত্তর না দিলে তো প্রশ্নকারীর কাছে ছোট হয়ে যাব! এভাবে সে আল্লাহর নিকট অপমান হওয়াকে নিজের জন্য বেছে নিল!

অথচ দেখুন,

- রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বয়ং সকল জিজ্ঞাসার উত্তর তৎক্ষণাত দিতেন না।

- অনেক জিজ্ঞাসায় তিনি সময় নিতেন। ওহীর জন্য অপেক্ষা করতেন। ওহী মারফত সমাধান দিতেন।

- রাসূলের সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জীবদ্দশায় সাহাবাগণ তাঁর নিকট থেকেই সমাধান নিতেন।

- রাসূলের ওফাতের পর খুলাফায়ে রাশেদা অনেক বিষয়েই সমাধান বের করতে রাসূলের সহচর্যে অধিক সময় ব্যয় করেছেন এমন সাহাবার শরণাপন্ন হয়েছেন।

- সাহাবাগণ তাফসীর বা ফতোয়া প্রদানের বেলায় ত্বরাপ্রবণ ছিলেন না। অনেক প্রশ্নে তাঁরা বলতেন, আমার জানা নেই।

- অনেক প্রশ্নে নিজে জিজ্ঞাসিত বিষয়ে অন্য সাহাবীর নিকট পাঠিয়ে দিতেন।

- আমি জানিনা, পরে জানাব, অমুক আমার চেয়ে ভাল জানেন, আল্লাহ ভাল জানেন, আমি জেনে জানাব; এসব বাক্য দ্বারা উত্তর দিতে তাদের মাঝে সামান্যও কার্পণ্য ছিলনা। তাবেয়ী উলামা ও তাদের ছাত্রগণও এমন গুণে গুণান্বিত ছিলেন। এটাই হল তাক্বওয়ার পরিচায়ক। এজন্যই জমিনের বুকে তাদেরকে আল্লাহ তায়ালা যথাযথ মর্যাদায় অধিষ্ঠিত করেছেন। ইমাম ইবনুল কায়্যিম তার বিখ্যাত কিতাব "ইলামুল মুওক্কিয়ীন আন রাব্বিল আলামীন" এ বিষয়ে যথেষ্ঠ আলোচনা করেছেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন:

عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ أُفْتِيَ ح وحَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ دَاوُدَ، أَخْبَرَنَا ابْنُ وَهْبٍ، حَدَّثَنِي يَحْيَى بْنُ أَيُّوبَ، عَنْ بَكْرِ بْنِ عَمْرٍو، عَنْ عَمْرِو بْنِ أَبِي نُعَيْمَةَ، عَنْ أَبِي عُثْمَانَ الطُّنْبُذِيِّ، رَضِيعِ عَبْدِ الْمَلِكِ بْنِ مَرْوَانَ، قَالَ: سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ أُفْتِيَ بِغَيْرِ عِلْمٍ كَانَ إِثْمُهُ عَلَى مَنْ أَفْتَاهُ» زَادَ سُلَيْمَانُ الْمَهْرِيُّ فِي حَدِيثِهِ، وَمَنْ أَشَارَ عَلَى أَخِيهِ بِأَمْرٍ يَعْلَمُ أَنَّ الرُّشْدَ فِي غَيْرِهِ فَقَدْ خَانَهُ وَهَذَا لَفْظُ سُلَيْمَانَ

আবূ হুরাইরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তিকে অজ্ঞতা প্রসূত ফতোয়া দেয়া হয় তার পাপ ফাতাওয়াদানকারীর উপর বর্তাবে। সুলাইমানের বর্ণনায় রয়েছেঃ যে ব্যক্তি তার ভাইকে ক্ষতিকর পরামর্শ দেয়, অথচ সে জানে যে, কল্যাণ তার বিপরীতে রয়েছে তাহলে সে তার ভাইয়ের সাথে বিশ্বাসঘাতকাত করলো। (আবু দাউদ, কিতাবুল ইলম)

তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরও বলেন,

حَدَّثَنِي مَالِكٌ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ العَاصِ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «إِنَّ اللَّهَ لاَ يَقْبِضُ العِلْمَ انْتِزَاعًا يَنْتَزِعُهُ مِنَ العِبَادِ، وَلَكِنْ يَقْبِضُ العِلْمَ بِقَبْضِ العُلَمَاءِ، حَتَّى إِذَا لَمْ يُبْقِ عَالِمًا اتَّخَذَ النَّاسُ رُءُوسًا جُهَّالًا، فَسُئِلُوا فَأَفْتَوْا بِغَيْرِ عِلْمٍ، فَضَلُّوا وَأَضَلُّوا» قَالَ الفِرَبْرِيُّ: حَدَّثَنَا عَبَّاسٌ، قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا جَرِيرٌ، عَنْ هِشَامٍ نَحْوَهُ

ইসমা 'ঈল ইবন 'আবূ উওয়ায়স (রহ.)... আবদুল্লাহ্ ইবন 'আমর ইবনুল 'আস (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেনঃ আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি যে, আল্লাহ তা 'আলা বান্দার অন্তর থেকে ইলম বের করে উঠিয়ে নেবেন না; বরং আলিমদের উঠিয়ে নেওয়ার মাধ্যমেই

ইলম উঠিয়ে নেবেন। যখন কোন আলিম বাকী থাকবে না তখন লোকেরা জাহিলদেরই নেতা হিসেবে গ্রহণ করবে। তাদের জিজ্ঞাসা করা হবে, তারা না জেনেই ফতোয়া দিবে। ফলে তারা নিজেরাও গোমরাহ হবে, আর অপরকেও গোমরাহ করবে।

ফিরাবরী (র) বলেন, আব্বাস (রাঃ)... হিশাম সূত্রেও অনুরূপ বর্ণিত আছে (বুখারী, কিতাবুল ইলম, ফিতান)

- আমাদের মনে রাখতে হবে, না জেনে ফতোয়া দেয়া হল জাহিলদের স্বভাব।

- আলিমদের স্বভাব হল না জানলে কোন ভনিতা না করে সাহাবীদের পন্থা অনুসরণ করা। বর্ণিত হয়েছে:

وَعَنْ مَسرُوقٍ، قَالَ: دَخَلْنَا عَلَى عَبدِ اللهِ بْنِ مَسعُود رضي الله عنه فَقَالَ: يَا أَيُّهَا النَّاسُ، مَنْ عَلِمَ شَيْئاً فَلْيَقُلْ بِهِ، وَمَنْ لَمْ يَعْلَمْ، فَلْيَقُلْ : اللهُ أَعْلَمُ، فَإِنَّ مِنَ العِلْمِ أَنْ يَقُولَ لِمَا لاَ يَعْلَمُ : اللهُ أَعْلَمُ . قَالَ اللهُ تَعَالَى لِنَبِيِّهِ صلى الله عليه وسلم : ﴿قل ما أسألكم عليه من أجر وما أنا من المتكلفين﴾ [ص :] . رواه البخاري

- মাসরূক [রহঃ] হতে বর্ণিত, তিনি বলেন, একদা আমরা আব্দুল্লাহ ইবনে মাসউদ রাদিয়াল্লাহু আনহু এর নিকট প্রবেশ করলাম। তিনি বললেন 'হে লোক সকল! যে ব্যক্তির কিছু জানা থাকে, সে যেন তা বলে। আর যার জানা নেই, সে যেন বলে, 'আল্লাহই ভালো জানেন।' কারণ তোমার অজানা বিষয়ে 'আল্লাহই ভালো জানেন' বলাও এক প্রকার ইলম [জ্ঞান]। মহান আল্লাহ তাঁর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে সম্বোধন করে বলেছেন, "বল, আমি উপদেশের জন্য তোমাদের নিকট কোন প্রতিদান চাই না এবং যারা স্বতঃপ্রণোদিত হয়ে সাধ্যাতীত কর্ম করে, আমি তাদের অন্তর্ভুক্ত নই।' ' (সূরা সোয়াদ: ৮৬, সহীহুল বুখারী ১০০৭, ১০২০, ৪৬৯৩, ৪৭৬৮, ৪৭৭৪, ৪৮০৯, ৪৮২০, ৪৮২১-৪৮২৫, মুসলিম ২৭৯৮, তিরমিযী ৩২৫৪, আহমাদ ৩৬০২, ৪৯৩, ৪১৯৪

- কুরআনের আয়াত প্রয়োগের বেলায় সাবধানতা জরুরী। মনে রাখবেন ইহুদী-নাসারাদের তাহরীফের সূচনা ছিল উদ্দেশ্যপ্রণোদিত অপপ্রয়োগের দ্বারাই। আমরা সামনের কোন সংখ্যায় এ সম্পর্কে বিস্তারিত তুলে আনব ইনশাআল্লাহ।

আল্লাহর নিকটই হিফাজত চাই ইলমের সবধরণের খিয়ানত থেকে।

রমজান ও সিয়াম; বিশেষ নির্দেশিকা

আনন্দ উদ্দীপনার সাথে রমজানকে স্বাগত জানান আল্লাহর প্রশংসার দ্বারা, যিনি আমাদেরকে এই রমাদ্বন মাসে উপস্থিত করেছেন।

الْحَمْدُ لِلّٰهِ الَّذِي هَدَانَا لِهَـٰذَا وَمَا كُنَّا لِنَهْتَدِيَ لَوْلَا أَن هَدَانَا اللّٰهُ لَقَدْ جَاءَتْ رُسُلُ رَبِّنَا بِالْحَقِّ وَنُودُوا أَن تِلْكُمُ الْجَنَّةُ أُورِثْتُمُوهَا بِمَا كُنتُمْ تَعْمَلُونَ

প্রশংসা আল্লাহরই জন্য, যিনি আমাদেরকে সত্যের দিকে পথ দেখিয়েছেন; আমরা কখনও পথ পেতাম না, যদি আল্লাহ আমাদেরকে পথ প্রদর্শন না করতেন। আমাদের প্রতিপালকের রসূল আমাদের কাছে সত্যকথা নিয়ে এসেছেন। [সুরা আরাফ ৭:৪৩]

- "আল্লাহর সন্তুষ্টির জন্যই সিয়াম পালন করব, সিয়ামের পূর্ণ হক্ক আদায়ে সচেষ্ট হব" দৃঢ় নিয়্যাত করুন।

سَمِعْتُ عُمَر

بْنَ الخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ عَلَى المِنْبَرِ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «إِنَّمَا الأَعْمَالُ بِالنِّيَّاتِ، وَإِنَّمَا لِكُلِّ امْرِئٍ مَا نَوَى، يُهِ

হুমায়দী (রহঃ) আলকামা ইবনু ওয়াক্কাস আল-লায়সী (রহঃ) থেকে বর্ণিত, আমি উমর ইবনুল খাত্তাব (রাঃ)-কে মিম্বরের

ওপর দাঁড়িয়ে বলতে শুনেছিঃ আমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছিঃ প্রত্যেক কাজ নিয়তের সাথে সম্পর্কিত। আর মানুষ তার নিয়ত অনুযায়ী ফল পাবে।

(বুখারী ও অন্যান গ্রন্থাবলী)

- সেহরী খাবেন, অল্প এমনকি কেবল পানি দিয়ে হলেও :

وعن أبي هريرة رض الله عنه قال : قال رسول الله صلى الله عليه وسلم : " نعم سحور المؤمن التمر " رواه أبو داوود(2345) وصححه الألباني في صحيح أبي داوود .

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: "খেজুর মুমিনের জন্য উত্তম সেহরী" । (আবু দাউদ)

وعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : " السُّحُورُ أَكْلَةٌ بَرَكَةٌ فَلا تَدَعُوهُ وَلَوْ أَنْ يَجْرَعَ أَحَدُكُمْ جَرْعَةً مِنْ مَاءٍ فَإِنَّ اللَّهَ وَمَلائِكَتَهُ يُصَلُّونَ عَلَى الْمُتَسَحِّرِينَ " رواه أحمد (11003) وحسنه الألباني في صحيح الجامع 3683))

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: "সেহরী বরকতপূর্ণ খবার, তোমরা এটা ছেড়ে দিওনা, যদিও সেটা হয় একটু পানি··· কেননা নিশ্চয়ই আল্লাহ ও ফিরিশতাগণ তাদের উপর রহমত করেন যারা সেহরী খায়" ।(আহমাদ)

عن أَنَسِ بْنِ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : " تَسَحَّرُوا فَإِنَّ فِي السَّحُورِ بَرَكَةً " رواه البخاري-مسلم ك

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: "তোমরা সেহরী খাও, কেননা নিশ্চয়ই সেহরীতে বরকত নিহিত" । (বুখারী-মুসলিম)

عَنْ جَابِرٍ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : " مَنْ أَرَادَ أَنْ يَصُومَ فَلْيَتَسَحَّرْ بِشَيْءٍ " رواه أحمد (14533) وصححه الألباني في السلسلة الصحيحة (2309)

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "যে ব্যক্তি সিয়াম পালনের ইরাদা করে সে যেন কিছুর দ্বারা সেহরী খায়" । (আহমাদ) তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরও বলেন,

وَعَنْ عَمرِو بنِ العَاص رضي الله عنه: أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، قَالَ: «فَصْلُ مَا بَيْنَ صِيَامِنَا وصِيَامِ أَهْلِ الكِتَابِ، أَكْلَةُ السَّحَرِ». رواه مسلم

আমর ইবন আস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "আমাদের রোযা ও কিতাব-ধারীদের (ইয়াহুদী ও খ্রিষ্টানদের) রোযার মধ্যে পার্থক্য হচ্ছে, সেহরি খাওয়া।" মুসলিম ১০৯৬, তিরমিযী ৭০৯, নাসায়ী ২১৬৬, আবূ দাউদ ২৩৪৩, আহমাদ ১৭৩০৮, ১৭৩৪৫, দারেমী ১৬৯৭

- খেজুর দিয়ে ইফতার করুন, না হলে পানি

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، قَالَ "كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يُفْطِرُ قَبْلَ أَنْ يُصَلِّيَ عَلَى رُطَبَاتٍ فَإِنْ لَمْ تَكُنْ رُطَبَاتٌ فَتُمَيْرَاتٍ فَإِنْ لَمْ تَكُنْ تُمَيْرَاتٌ حَسَا حَسَوَاتٍ مِنْ مَاءٍ" . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ . قَالَ أَبُو عِيسَى وَرُوِيَ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم كَانَ يُفْطِرُ فِي الشِّتَاءِ عَلَى تَمَرَاتٍ وَفِي الصَّيْفِ عَلَى الْمَاءِ

আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (মাগরিবের) নামায আদায়ের পূর্বেই কয়েকটা তাজা খেজুর দ্বারা ইফতার করতেন। তিনি তাজা খেজুর না পেলে কয়েকটা শুকনো খেজুর দ্বারা ইফতার করতেন আর শুকনো খেজুরও না পেলে তবে কয়েক ঢোক পানি পান করতেন। — সহীহ, ইরওয়া (৯২২) সহীহ আবু দাউদ (২০৪০)

- অন্যকে ইফতার করাবেন।

سُلَيْمَانَ، عَنْ عَطَاءٍ، عَنْ زَيْدِ بْنِ خَالِدٍ الْجُهَنِيِّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم "مَنْ فَطَّرَ صَائِمًا كَانَ لَهُ مِثْلُ أَجْرِهِ غَيْرَ أَنَّهُ لاَ يَنْقُصُ مِنْ أَجْرِ الصَّائِمِ شَيْئًا" قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ.

যাইদ ইবনু খালিদ আল-জুহানী (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন রোযা পালনকারীকে যে লোক ইফতার করায় সে লোকের জন্যও রোযা পালনকারীর সমপরিমাণ সাওয়াব রয়েছে। কিন্তু এর ফলে রোযা পালনকারীর সাওয়াব থেকে বিন্দুমাত্র কমানো হবে না। —তিরমিযী,ইবনু মাজাহ, কিতাবুস সাওম

- জিহ্বা, চোখ, কান, হাত, পা, মুখ, পেট ও হৃদয়কে নিয়ন্ত্রণ করুন হারাম বলা, দেখা, শোনা, ধরা, হারামের দিকে এগিয়ে যাওয়া, সেহরী-ইফতারে হারাম বস্তু বা উপার্জন ভক্ষণ করা ও হারাম চিন্তা- আকর্ষণ থেকে

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ لَمْ يَدَعْ قَوْلَ الزُّورِ وَالعَمَلَ بِهِ، فَلَيْسَ لِلَّهِ حَاجَةٌ فِي أَنْ يَدَعَ طَعَامَهُ وَشَرَابَهُ»

"যে ব্যক্তি বাজে কথা ও কর্ম পরিহার না করবে তার কেবল খাবার- পানীয় পরিহারে আল্লাহর কাছে কোন মূল্য নেই" । বুখারী

- নফল সাদাকাহ করুন

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমজান মাসে অনেক বেশী দান করতেন। বর্ণিত আছে,

عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ: «كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَجْوَدَ النَّاسِ، وَكَانَ أَجْوَدُ مَا يَكُونُ فِي رَمَضَانَ حِينَ يَلْقَاهُ جِبْرِيلُ، وَكَانَ يَلْقَاهُ فِي كُلِّ لَيْلَةٍ مِنْ رَمَضَانَ فَيُدَارِسُهُ القُرْآنَ، فَلَرَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَجْوَدُ بِالخَيْرِ مِنَ الرِّيحِ المُرْسَلَةِ»

ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছিলেন সর্বশ্রেষ্ঠ দাতা। রমযানে তিনি আরো বেশী দানশীল হতেন, যখন জিবরাঈল আলাইহি ওয়া সাল্লাম তাঁর সাথে সাক্ষাৎ করতেন। আর রমযানের প্রতি রাতেই জিবরাঈল আলাইহি ওয়া সাল্লাম তাঁর সাথে সাক্ষাৎ করতেন এবং তাঁরা পরস্পর কুরআন তিলাওয়াত করে শোনাতেন। নিশ্চয়ই রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রহমতের বাতাস থেকেও অধিক দানশীল ছিলেন। (বুখারী, কিতাবুল ওহী)

সাহাবীরাও রা. রাসূলের অনুসরণ করে দানের পরিমাণ বাড়িয়ে দিতেন। তার সিয়াম পালনের ফলে সারা দিনের যে খাবার বেঁচে যেত তা দান করে দিতেন।

- সারাদিন যিকর করার অভ্যাস করুন।

عَنْ أَبِي أُمَامَةَ رضي الله عنه، قَالَ: سَمِعتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، يَقُولُ: «اقْرَؤُوا القُرْآنَ ؛ فَإِنَّهُ يَأْتِي يَوْمَ القِيَامَةِ شَفِيعاً لأَصْحَابِهِ». رواه مسلم

আবূ উমামাহ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এ কথা বলতে শুনেছি যে, "তোমরা কুরআন মাজীদ পাঠ কর। কেননা, কিয়ামতের দিন কুরআন, তার পাঠকের জন্য সুপারিশ-কারী হিসাবে আগমন করবে।"

মুসলিম ৮০৪, আহমাদ ২১৬৪২, ২১৬৫৩, ২১৬৮১, ২১৭১০

- অন্যান্য সৎকর্ম বাড়িয়ে দিন
- ক্বিয়ামুল লাইলে নিয়মিত হোন
- আল কুরআনের হক্ক আদায় করুন

(উপরে ক ও খ প্রবন্ধে বিস্তারিত...)

- অধিক পরিমাণে দুআ করুন, ইস্তেগফার করুন; নিজের ও অন্যের জন্য

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قال رسول الله صلى الله عليه وسلم : " ثَلاثَةٌ لا تُرَدُّ دَعْوَتُهُمْ الإِمَامُ الْعَادِلُ وَالصَّائِمُ حِينَ يُفْطِرُ وَدَعْوَةُ الْمَظْلُومِ يَرْفَعُهَا فَوْقَ الْغَمَامِ وَتُفَتَّحُ لَهَا أَبْوَابُ السَّمَاءِ وَيَقُولُ الرَّبُّ عَزَّ وَجَلَّ وَعِزَّتِي لأَنْصُرَنَّكِ وَلَوْ بَعْدَ حِينٍ " رواه الترمذي (2525) وصححه الألباني في صحيح الترمذي (2050

قول رسول الله صلّى الله عليه وسلّم: "ثلاثةٌ لا تُرَدُّ دعوتُهم: الصّائم حين يُفْطِر، والإمام العادِل، ودعوة المظلوم" (رواه الترمذي وقال: حديث حسنٌ.

ثلاث دعوات مستجابات: دعوة الصائم، و دعوة المظلوم، و دعوة المسافر

الراوي: أبو هريرة خلاصة الدرجة: صحيح المحدث: الألباني المصدر: صحيح الجامع الصفحة أو الرقم: 3030

ومنها حديث (إن للصائم عند فطره دعوة لا ترد) فقد أشار ابن القيم إلى تضعيفه، وقال الشيخ الألباني: إسناد هذا الحديث ضعيف.

উক্ত হাদীসগুলোতে সিয়াম পালনকারীর সিয়াম অবস্থার দুআ কবুল হওয়ার সু- সংবাদ রয়েছে। এখানে স্মর্তব্য, ইফতার পূর্ব সময়ে দুআ কবুল হওয়ার বিষয়ে যে হাদীস এসেছে তার কোন সনদ সম্পর্কে শায়খ আলবানী বা কোন মুহাদ্দিস আপত্তি তুললেও কোন কোন সনদকে হাসান বা সহীহ-ও বলেছেন। সুতরাং, হাদীসটি আমলযোগ্য।

- সামর্থ্য থাকলে উমরাহ করুন

وَعَنِ ابنِ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنهُمَا: أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم، قَالَ: «عُمْرَةٌ فِي رَمَضَانَ تَعْدِلُ حَجَّةً أَوْ حَجَّةً مَعِي». متفقٌ عَلَيْه

ـ

ইবনে আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "মাহে রমযানের উমরাহ একটি হজ্জের সমতুল্য অথবা আমার সঙ্গে হজ্জ করার সমতুল্য।" সহীহুল বুখারী ১৭৮৬, ১৮৬৩, মুসলিম ১২৫৬, নাসায়ী ২১১০, আবূ দাউদ ১৯৯০, ইবনু মাজাহ ২৯৯৪, আহমাদ ২০২৬, ২৮০৪, দারেমী ১৮৫৯

- শেষ দশকে ইতিকাফ করুন

- শেষ দশকে লাইলাতুল ক্বদর অন্বেষণ করুন।

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا، قَالَتْ :كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم يُجَاوِرُ فِي العَشْرِ الأَوَاخِرِ مِنْ رَمَضَانَ، ويَقُوْل: «تَحرَّوا لَيْلَةَ القَدْرِ فِي العَشْرِ الأَوَاخِرِ مِنْ رَمَضَانَ». متفقٌ عَلَيْهِ

আয়েশা রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমযানের শেষ দশ দিনে এতেকাফ করতেন এবং বলতেন, "তোমরা রমযানের শেষ দশকে শবে কদর অনুসন্ধান কর।" সহীহুল বুখারী ২০২০, ২০১৭, মুসলিম ১১৬৯, তিরমিযী ৭৯২, আহমাদ ২৩৭১৩, ২৩৭৭১, ২৩৯২৪, ২৫১৬২

লাইলাতুল ক্বাদরের সকল হাদীস জমা করলে সারকথা দাঁড়ায়, রমজানের শেষ দশকের বেজোর রাত্রিগুলোর মধ্যেই এটা নিহিত। (লাইলাতুল ক্বাদর বিষয়ক প্রবন্ধ দেখুন)

- সাদকাতুল ফিতর আদায় করুন

ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا، قَالَ: «فَرَضَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ زَكَاةَ الفِطْرِ صَاعًا مِنْ تَمْرٍ، أَوْ صَاعًا مِنْ شَعِيرٍ عَلَى العَبْدِ وَالحُرِّ، وَالذَّكَرِ وَالأُنْثَى، وَالصَّغِيرِ وَالكَبِيرِ مِنَ المُسْلِمِينَ، وَأَمَرَ بِهَا أَنْ تُؤَدَّى قَبْلَ خُرُوجِ النَّاسِ إِلَى الصَّلاَةِ»

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বাধীন, দাস, পুরুষ, নারী, ছোট, বড় সকলের উপর যাকাতুল ফিতরকে ফরয ঘোষণা দিয়েছেন, এক সা' পরিমাণ খেজুর বা যব; এবং তা আদায় করতে নির্দেশ দিয়েছেন লোকজন ঈদের সালাতের জন্য বের হওয়ার পূর্বেই।

(বুখারী,মুসলিম)

- কম খাওয়ার অভ্যাস করুন, আপনার সিয়ামের কারণে দিনের বেলার যে খাবার জমা হল তাতে গরীব-মিসকীনের হক্ক আছে। মনে রাখা ভাল, "সিয়ামের সেহরী ইফতারে যতই খাওয়া হোক হিসাব দিতে হবে না" মর্মে যে হাদীস সমাজে প্রচলিত তা ভিত্তিহীন, জাল হাদীস।

আমরা সিয়াম ও রমাদ্বন সম্পর্কে ইতিপূর্বে দুটি নিবন্ধ উপস্থাপন করেছি, উক্ত নিবন্ধদ্বয়ে কিছুটা সময় ব্যয় করতে পাঠকদের প্রতি অনুরোধ রইল।

লাইলাতুল কদর প্রাপ্তিই হবে জীবনের শ্রেষ্ঠতম ঘটনা

রব্বুল আলামীনের ঘোষণা-

بِسْمِ اللهِ الرَّحْمنِ الرَّحِيمِ إِنَّا أَنزَلْنَاهُ فِي لَيْلَةِ الْقَدْرِ

আমি একে নাযিল করেছি শবে-কদরে

وَمَا أَدْرَاكَ مَا لَيْلَةُ الْقَدْرِ

শবে-কদর সমন্ধে আপনি কি জানেন

لَيْلَةُ الْقَدْرِ خَيْرٌ مِّنْ أَلْفِ شَهْرٍ

শবে-কদর হল এক হাজার মাস অপেক্ষা শ্রেষ্ঠ।

تَنَزَّلُ الْمَلَائِكَةُ وَالرُّوحُ فِيهَا بِإِذْنِ رَبِّهِم مِّن كُلِّ أَمْرٍ

এতে প্রত্যেক কাজের জন্যে ফেরেশতাগণ ও রূহ অবতীর্ণ হয় তাদের পালনকর্তার নির্দেশক্রমে।

سَلَامٌ هِيَ حَتَّى مَطْلَعِ الْفَجْرِ

এটা নিরাপত্তা, যা ফজরের উদয় পর্যন্ত অব্যাহত থাকে। [সুরা ক্বদর ৯৭:১-৫]

فِيهَا يُفْرَقُ كُلُّ أَمْرٍ حَكِيمٍ

এ রাতে প্রত্যেক প্রজ্ঞাপূর্ণ বিষয় স্থিরীকৃত হয়। [সুরা দুখান ৪৪:৪]

এখানে আল্লাহ রব্বুল আলামীন লাইলাতুল ক্বদরকে হাজার মাস অপেক্ষা উত্তম বলেছেন। আমরা জানি এক হাজার মাস সমান ত্রিশ হাজার রাত্রি, বা ৮৩ বছর ৪ মাস। এরকম বলার তাৎপর্য কী? পূর্ববর্তী নবীদের উম্মতের সাধারণের গড় আয়ু ছিল সর্বশেষ নবী সা: এর উম্মতের সাধারণের গড় আয়ু থেকে অনেকটাই বেশী। একটি বর্ণনায় উম্মতে মুহাম্মদির গড় আয়ু বলা হয়েছে ৬০ বছর। সুতরাং আমরা যেন অল্প গড় আয়ুতে অধিক পিছিয়ে না পড়ি এজন্য ৮৩ বছর ৪ মাস থেকে উত্তম একটি মহিমান্বিত রাত্রি দিয়েই আমাদেরকে পুষিয়ে দেয়া হয়েছে। বিস্তারিত দেখুন তাফসিরে ইবনে কাসির, সূরা কদরের তাফসীর।

আমরা যদি লাইলাতুল কদর পেয়ে যাই এবং তার হক আদায় করতে পারি তাহলে ঐ এক রাতের ইবাদতই হবে ৮৩ বছর ৪ মাসের ইবাদতের চেয়ে উত্তম। সেই সাথে এই রাতের ইবাদতে রয়েছে বিগত জীবনের পাপ মোচনের নিশ্চয়তা। সুতরাং এই রাতের প্রাপ্তিই হবে আমাদের জীবনের সর্বশ্রেষ্ঠ ঘটনা এবং শ্রেষ্ঠতম অর্জন। অতএব এমন একটি অর্জনের জন্য রমজানের শেষ দশকে আমাদেরকে নিরলসভাবেই প্রচেষ্টা চালাতে হবে।

লাইলাতুল কদর কোন রাত্রি?

লক্ষণীয় বিষয় হলো রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন-

আমাকে লাইলতুল কদরের নির্দিষ্টভাবে অবগত করা হয়েছিল কিন্তু ভুলিয়ে দেয়া হয়েছে··· এই ভুলিয়ে দেয়ার পেছনে প্রকৃত কারণ আল্লাহর ইলম ও হিকমাহর অন্তর্ভুক্ত। কিন্তু বাহ্যিকভাবে আমরা অনুধাবন করতে পারি এর একটি রহস্য

এই যে, বান্দা যেন তার জীবনের সর্বোচ্চ অর্জন পেতে কিছুটা মুজাহাদায় লিপ্ত হয়। লাইলাতুল কদর সংক্রান্ত হাদিসগুলো একত্রিত করলে দেখা যায়, কখনো ভিন্ন ভিন্ন বর্ণনায় রমাদানের ২১, ২৩, ২৫, ২৭ ও ২৯ রজনীর কথা নির্দিষ্ট করে বলা হয়েছে। একটি বর্ণনায় ২৪ রজনীর কথাও এসেছে। সাধারণভাবে নির্দেশ দেয়া হয়েছে রমাদানের শেষ দশ দিনের বিজোড় রাত্রিতে এবং বলা হয়েছে রমাদানের শেষ দশকের পুরোভাগেই লাইলাতুল কদর অন্বেষণ করতে। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমজানের শেষ দশকে ইতিকাফ করতেন এবং লাইলাতুল কদর অন্বেষণ করতেন। লাইলাতুল কদর সংক্রান্ত হাদিসগুলো পর্যালোচনা করার পর শায়খ সালিহ আল উসাইমিন বলেন- "শেষ দশকের বিজোড় রাত্রিতে লাইলাতুল ক্বাদরের সম্ভাবনা প্রবল কিন্তু জোড় রাত্রিগুলোতে এটা হবে না এমন কথা বলা নেই। সুতরাং দশ রাত্রির সবগুলোতেই এর অন্বেষণে নিয়োজিত হওয়া উচিৎ। " (শারহুল মুমতে)

আমরা মুসলিম ভাইবোনদের অনুরোধ করব রমজানের শেষ দশকের রাত্রিতে ঈদের কেনাকাটায় বের না হয়ে ইশার সালাতের পর থেকেই সালাত, যিকির, ইস্তিগফার, কুরআন তিলাওয়াত-কিয়াম-রুকু-সিজদায় যেন লিপ্ত হয়ে পরি।

লাইলাতুল কদর সংক্রান্ত কয়েকটি হাদিস আমরা নিচে তুলে ধরছি-

وَعَنِ ابنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا: أَنَّ رِجَالاً مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم أُرُوا لَيْلَةَ القَدْرِ فِي المَنَامِ فِي السَّبْعِ الأَوَاخِرِ، فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم : «أَرَى رُؤْيَاكُمْ قَدْ تَوَاطَأَتْ فِي السَّبْعِ الأَوَاخِرِ، فَمَنْ كَانَ مُتَحَرِّيهَا فَلْيَتَحَرَّهَا فِي السَّبْعِ الأَوَاخِرِ». متفقٌ عَلَيْهِ

আব্দুল্লাহ ইবনে উমার রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কিছু সাহাবিকে স্বপ্নযোগে (রমযান মাসের) শেষ সাত রাতের মধ্যে শবে কদর দেখানো হল। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "আমি দেখছি যে, শেষ সাত রাতের ব্যাপারে তোমাদের স্বপ্নগুলি পরস্পরের মুতাবেক। সুতরাং যে ব্যক্তি শবে কদর অনুসন্ধানী হবে, সে যেন শেষ সাত রাতে তা অনুসন্ধান করে।" (বুখারী ও মুসলিম)

সহীহুল বুখারী ২০১৫, ৪৯৯১, মুসলিম ১১৬৫, আহমাদ ৪৪৮৫, ৪৫৩৩, ৪৬৫৭, ৪৭৯৩, ৪৯১৯, ৫০১১, ৫২৬১, ৫৪০৭, ৫৪২০, ৫৪৬১, ৫৬১৯, ৫৮৯৬, ৬৪৩৮, মুওয়াত্তা মালিক ৭০৬

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا، قَالَتْ :كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم يُجَاوِرُ فِي العَشْرِ الأَوَاخِرِ مِنْ رَمَضَانَ، ويَقُوْل: «تَحرَّوا لَيْلَةَ القَدْرِ فِي العَشْرِ الأَوَاخرِ مِنْ رَمَضَانَ». متفقٌ عَلَيْهِ

আয়েশা রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমজানের শেষ দশ দিনে এতেকাফ করতেন এবং বলতেন, "তোমরা রমজানের শেষ দশকে শবে কদর অনুসন্ধান কর।" সহীহুল বুখারী ২০২০, ২০১৭, মুসলিম ১১৬৯, তিরমিযী ৭৯২, আহমাদ ২৩৭১৩, ২৩৭৭১, ২৩৯২৪, ২৫১৬২

وعنها رَضِيَ اللهُ عَنْهَا: أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، قَالَ: «تَحَرَّوْا لَيْلَةَ القَدْرِ فِي الوَتْرِ مِنَ العَشْرِ الأَوَاخِرِ مِنْ رَمَضَانَ». رواه البخاري

উক্ত রাবী রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "রমযান মাসের শেষ দশকের বিজোড় (রাত) গুলিতে শবে কদর অনুসন্ধান কর। " (বুখারী)

قَالَتْ: قُلْتُ: يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم. أَرَأَيْتَ إِنْ عَلِمْتُ أَيُّ لَيلَةٍ لَيْلَةُ القَدْرِ مَا أَقُوْلُ فِيهَا ؟ قَالَ: «قُولِي: اَللهم إِنَّكَ عَفُوٌّ تُحِبُّ العَفْوَ فَاعْفُ عَنِّي». رواه الترمذي، وقال: حديث حسن صحيح

উক্ত রাবী রাদিয়াল্লাহু আনহা হতেই বর্ণিত, তিনি বলেন, একদা আমি নিবেদন করলাম, 'হে আল্লাহর রাসূল! আপনি বলুন, যদি আমি (ভাগ্যক্রমে) শবে কদর জেনে নিই, তাহলে তাতে কোন (দো 'আ) পড়ব?' তিনি বললেন, এই দো 'আ, "আল্লাহুম্মা ইন্নাকা আফুউউন তুহিব্বুল 'আফওয়া ফা 'ফু 'আন্নী।" অর্থাৎ হে আল্লাহ! নিশ্চয় তুমি ক্ষমাশীল, ক্ষমা ভালবাসো। সুতরাং তুমি আমাকে ক্ষমা করে দাও।

তিরমিযী ৩৫১৩, ইবনু মাজাহ ৩৮৫০

হে রব্বুল আলামীন! আমাদেরকে লাইলাতুল কদরে উপনীত কর। ঐ রাতের কল্যাণ প্রাপ্তির তাওফীক্ব দাও।

সঠিক তথ্যানুসন্ধান: আলী রা. ও মুয়াবিয়ার রা. যুদ্ধে দশ হাজার জীবিত সাহাবীর মধ্যে উভয় পক্ষে অংশ নিয়েছিলেন মাত্র সত্তর জন

সঠিক তথ্যানুসন্ধান: আলী রা. ও মুয়াবিয়ার রা. যুদ্ধে দশ হাজার জীবিত সাহাবীর মধ্যে উভয় পক্ষে অংশ নিয়েছিলেন মাত্র সত্তর জন

قَالَ أَبُو العَالِيَةِ:"لَمَّا كَانَ زَمَانُ عَلِيٍّ وَمُعَاوِيَةَ، وَإِنِّي لَشَابٌّ، القِتَالُ أَحَبُّ إِلَيَّ مِنَ الطَّعَامِ الطَّيِّبِ، فَتَجَهَّزْتُ بِجَهَازٍ حَسَنٍ حَتَّى أَتَيْتُهُم، فَإِذَا صَفَّانِ مَا يُرَى طَرَفَاهُمَا، إِذَا كَبَّرَ هَؤُلاَءِ، كَبَّرَ هَؤُلاَءِ، وَإِذَا هَلَّلَ هَؤُلاَءِ، هَلَّلَ هَؤُلاَءِ، فَرَاجَعْتُ نَفْسِي، فَقُلْتُ: أَيُّ الفَرِيْقَيْنِ أُنَزِّلُهُ كَافِراً؟ وَمَنْ أَكْرَهَنِي عَلَى هَذَا؟

قَالَ: فَمَا أَمْسَيْتُ حَتَّى رَجَعْتُ، وَتَرَكْتُهُم. حلية الأولياء لأبي نعيم ج2ص219 وتاريخ دمشق لابن عساكر ج18ص182 وسير أعلام النبلاء 4/209.

শীর্ষস্থানীয় তাবেয়ী ইমাম আবুল আলিয়া র. বলেন, আলী ও মুয়াবিয়ার রা. যুদ্ধের সময় আমি একজন যুবক। যুদ্ধ আমার নিকট উত্তম খাবারের চেয়ে অধিক পছন্দনীয়। পূর্ণ রণসাজে সজ্জিত হয়ে ময়দানে এলাম। এসে দেখি দুটি বিশাল দল পরস্পর মুখোমুখি, উভয় দলই তাকবীর দিচ্ছে, তাহলীল পাঠ করছে। আমি তখন নিজেকে প্রশ্ন করলাম, কোন দলটিকে আমি কাফির প্রতিপন্ন করব? আর কেউ কি আমাকে বাধ্য করেছে এই যুদ্ধে আসতে? অত:পর সন্ধ্যার পূর্বেই আমি ফিরে এলাম।

قال أبوالعالية : لما كان قتال علي ومعاوية كنت رجلا شابا فتهيأت ولبست سلاحي ثم أتيت القوم فإذا صفان لا يرى طرفاهما فتلوت هذه الآية:" ومن يقتل مؤمنا متعمدا فجزاؤه جهنم خالدا فيها" فرجعت وتركتهم .الحلية لأبي نعيم ج2ص219 وتاريخ ابن عساكر ج18/182

অন্য বর্ণনায় এসেছে…

ময়দানের অবস্থা দেখে আমি আয়াত তিলাওয়াত করলাম, “এবং কেউ কোন মুমিনকে ইচ্ছাকৃত হত্যা করলে তার প্রতিদান জাহান্নাম…” ৪:৯৩…. অত:পর আমি তাদের ছেড়ে ফিরে এলাম।

(আবুল আলিয়া জাহিলী যুগে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে পেয়েছেন কিন্তু ইসলাম গ্রহণের সৌভাগ্য হয়েছে আবু বকর রা. এর খিলাফতের সময়। তার মৃত্যু ৯১ হিজরীতে। বিখ্যাত সাহাবীদের কাছ থেকে তিনি তাফসীর শিখেন। তার সংকলিত তাফসীর “তাফসীর আবুল আলিয়া” নামে প্রসিদ্ধ।)

মুসলিমদের মাঝে ভ্রাতৃত্ব সম্পর্ক অক্ষুন্ন রাখতে এবং তাদেরকে পারস্পরিক দ্বন্দ্ব -সংঘাত থেকে দূরে রাখতে আল কুরআন ও নবী সা. এর জবানীতে বর্ণিত হয়েছে প্রচুর পরিমান বাণী; যাতে রয়েছে সংশ্লিষ্ট আদেশ-নিষেধ, উৎসাহ-

সতর্কবাণী, করণীয়-বর্জনীয়, প্রতিদান ও পরিণামের বর্ণনা। এরই ধারাবাহিকতায় বিদায় হজ্জের ভাষণেও তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিষয়টির উপর অত্যন্ত কঠোর নির্দেশনা দিয়ে বলেন:

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَلِيِّ بْنِ مُدْرِكٍ، سَمِعْتُ أَبَا زُرْعَةَ .. بْنَ عَمْرِو بْنِ جَرِيرٍ، عَنْ جَدِّهِ جَرِيرٍ، قَالَ: قَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي حَجَّةِ الوَدَاعِ: «اسْتَنْصِتِ النَّاسَ» ثُمَّ قَالَ: «لاَ تَرْجِعُوا بَعْدِي كُفَّارًا، يَضْرِبُ بَعْضُكُمْ رِقَابَ بَعْضٍ»(بخاری۔کتاب الفتن)

সুলায়মান ইবনু হারব (রহঃ) ... জারীর (রা.) থেকে বর্ণিত। বলেন যে, বিদায় হাজ্জে (হজ্জ) রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেনঃ লোকদেরকে নীরব হতে বল। তারপর তিনি বললেনঃ আমার পরে তোমরা একে অপরের গর্দান মেরে কুফরীর দিকে ফিরে যেয়ো না। (বুখারী, কিতাবুল ফিতান ও নিম্নোক্ত)

الحديث أخرجه مسلم، حديث (65)، وأخرجه البخاري في "كتاب العلم" "باب الإنصات للعلماء" حديث (121)، وأخرجه النسائي في "كتاب التحريم" "باب تحريم القتل" حديث (4142)، وأخرجه ابن ماجه في "كتاب الفتن" "باب لا ترجعوا بعدي كفارًا يضرب بعضكم رقاب بعض" حديث (3942).

তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এখানেই ক্ষান্ত হননি। বরং কখনো ব্যক্তিগত ভাবে, কখনো ভর মাজলিসে সাহাবাদেরকে তার সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নবুয়তের ধারা থেকেই জানিয়ে গিয়েছিলেন, মুসলিমদের মাঝে ফিতনা দেখা দিবে, মতভেদ- অনৈক্য- দ্বন্দ্ব- লড়াই ছড়িয়ে পড়বে। নির্দিষ্ট কিছু ক্ষেত্রে কার ভূমিকা- পরিণতি কি হবে সেটাও তিনি তুলে ধরেছিলেন। সেই সাথে উক্ত ফিতনার সময়ে সঠিক করণীয় কি সেটাও তিনি নির্দেশ করেছিলেন।

এমনি কিছু বর্ণনা আমরা এখন উপস্থিত করব:

قال أبو بكرة رضي الله عنه: قال رسول الله صلى الله عليه وسلم إنها ستكون فتن ألا ثم تكون فتنة القاعد فيها خير من الماشي فيها والماشي فيها خير من الساعي إليها ألا فإذا نزلت أو وقعت فمن كان له إبل فليلحق بإبله ومن كانت له غنم فليلحق بغنمه ومن كانت له أرض فليلحق بأرضه قال فقال رجل يا رسول الله أرأيت من لم يكن له إبل ولا غنم ولا أرض قال يعمد إلى سيفه فيدق على حده بحجر ثم لينج إن استطاع النجاء اللهم هل بلغت اللهم هل بلغت اللهم هل بلغت قال فقال رجل يا رسول الله أرأيت إن أكرهت حتى ينطلق بي إلى أحد الصفين أو إحدى الفئتين فضربني رجل بسيفه أو يجئ

سهم فيقتلني قال يبوء بإثمه وإثمك ويكون من أصحاب النار۔

صحيح مسلم:ج4/ص2212 ح2887 والمستدرك على الصحيحين:ج4/ص487 ح8361 ومسند أحمد:ج5/ص48 ح20508 وسنن البيهقيالكبرى:ج8/ص190 ح16574ومصنف ابن أبيشيبة:ج7/ص446 ح37111 وسنن أبي داود:ج4/ص99 ح4256 وصحيح ابن حبان:ج13/ص303 ح5965 وهو مروي بأسانيد صحيحة عن كثير من الصحابة الآخرين.

আবূ কামিল জাহদারী ফুযায়ল ইবনু হুসায়ন (রহঃ) ... উসমান আশ-শাহহাম (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, মুসলিম ইবনু আবূ বাকরা (রহঃ) তার ভূমিতে ছিলেন। এমতাবস্থায় আমি ও ফারকাদ সাবাখী তার নিকট গেলাম। এবং তাকে জিজ্ঞেস করলাম, আপনি কি আপনার আব্বাকে ফিতনা সম্পর্কে কোন হাদীস বর্ণনা করতে শুনেছেন? জবাবে তিনি বললেন, হ্যাঁ, আমি আবূ বাকরা (রাঃ) কে এ কথা বর্ণনা করতে শুনেছি, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ অচিরেই ফিতনা দেখা দিবে। সাবধান, আবার ফিতনা দেখা দিবে। তখন বসে থাকা ব্যক্তি চলমান ব্যক্তি থেকে ভাল থাকবে। আর চলমান ব্যক্তি তখন দ্রুতগামী ব্যক্তি হতে ভাল থাকবে। সাবধান যখন ফিতনা আপতিত হবে অথবা সংঘটিত হবে, এমতাবস্থায় যে ব্যক্তি উটের মালিক সে তার উট নিয়ে ব্যস্ত থাকুক। আর যার বকরী আছে সে তার

বকরী নিয়ে ব্যস্ত থাকুক এবং যার যমীন আছে সে তার যমীন নিয়ে ব্যস্ত থাকুক।

তখন এক ব্যক্তি বলল, হে আল্লাহর রাসূল! বলে দিন যার উট, বকরী ও যমীন নেই, সে কি করবে? উত্তরে তিনি বললেন, সে তার তরবারি হাতে নিয়ে প্রস্তরাঘাতে তার ধারাল তীক্ষ্ণ অংশ চুর্ণ করে ফেলবে। অতঃপর সে রক্ষা পেতে সক্ষম হলে রক্ষা লাভ করবে। অতঃপর তিনি বললেনঃ হে আল্লাহ! আমি কি পৌছিয়ে দিয়েছি? হে আল্লাহ! আমি কি পৌছিয়ে দিয়েছি? হে আল্লাহ! আমি কি পৌছিয়ে দিয়েছি?

এ সময় জনৈক ব্যক্তি বলল, হে আল্লাহর রাসুল! যদি চাপ সৃষ্টি করে দুই সারির কোন একটিতে অথবা দুই দলের কোন এক দলে আমাকে নিয়ে যায় আর কোন এক ব্যক্তি তার তরবারি দ্বারা আমাকে আঘাত করে বা তীর এসে আমার গায়ে লাগে এবং আমাকে সে মেরে ফেলে, তবে আমার অবস্থা কি হবে? উত্তরে তিনি বললেনঃ তবে সে তার এবং তোমার পাপের ভার বহন করবে এবং জাহান্নামী হবে। (মুসলিম ও…

قال الحسن: ان عليا بعث إلى محمد بن مسلمة فجيء به فقال ما خلفك عن هذا الأمر قال دفع الي بن عمك يعني النبي صلى الله عليه و سلم سيفا فقال: " قاتل به ما قوتل العدو فإذا رأيت الناس يقتل بعضهم بعضا فاعمد به إلى صخرة فاضربه بها ثم الزم بيتك حتى تأتيك منية قاضية أو يد خاطئة". قال خلوا عنه" . مسند أحمد بن حنبل : ج 4 ص: 225 ،وقال الشيخ شعيب الأرنؤوط:حسن بمجموع طرقه والمعجم الكبير:ج19/ص235ح

523.

আলী রা. মুহাম্মদ বিন মাসলামাহ কে ডেকে পাঠালেন তিনি আসলেন, আলী রা. তাকে .বললেন: "হে মুহাম্মদ! কিসে তোমাকে আমার পক্ষে যুদ্ধে অংশ নিতে বাধা দিচ্ছে? মুহাম্মদ বললেন, আমাকে তোমার চাচাতো ভাই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তরবারী দিয়েছেন এবং বলেছেন "তুমি এর দ্বারা শত্রুর সাথে ক্বিতাল করবে যতক্ষণ শত্রু ক্বিতাল করে। অত:পর যখন তুমি দেখবে মুসলিম জনতা পরস্পরে ক্বিতাল করছে তখন তুমি তোমার তরবারী নিয়ে পাথরের দিকে এগিয়ে যাও এবং তরবারীটা ঐ পাথরে আঘাত করে ভেংগে ফেল, অত:পর মৃত্যু আসা পর্যন্ত তোমার ঘরে অবস্থান কর।

عن أبي هريرة ، أن رسول الله صلى الله عليه و سلم قال : ((ستكون فتن القاعد فيها خير من القائم ،و القائم فيها خير من الماشي ، و الماشي فيها خير من الساعي ،و من تشرّف لها تستشرفه ، فمن وجد فيها ملجأ أو معاذا فليعذ به)).صحيح البخاري ، ج6 ص: 2594ح6671 و صحيح مسلم:ج4/ص2211 ح2886.

আবু হুরায়রা থেকে বর্ণিত, তোমাদের মধ্যে ফিতনা দেখা দিবে, সেই ফিতনায় বসা ব্যক্তি দাড়ানো ব্যক্তির চেয়ে উত্তম, দাড়ানো ব্যক্তি হাটা ব্যক্তির চেয়ে উত্তম, হাটা ব্যক্তি দৌড়ানো ব্যক্তির চেয়ে উত্তম। আর যে ব্যক্তি সেই ফিতনার দিকে মাথা তুলে তাকাবে সেটা তাকে পেয়ে বসবে। যে আশ্রয়ের বা পালানোর যায়গা পাবে সে যেন তাতেই আশ্রয় নিয়ে নেয়।

عَن أَبِي مُوسَى الأشعري رضي الله عنه ، عَنِ النَّبِي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : " كَسِّرُوا قِسِيَّكُمْ ، وَقَطِّعُوا أَوْتَارَكُمْ " يَعْنِي فِي الْفِتْنَةِ " وَالْزَمُوا أَجْوَافَ الْبُيُوتِ ، وَكُونُوا فِيهَا كَالْخَيِّرِ مِنَ ابْنَي آدَمَ " . رواه أحمد في المسند ج 4ص: 408 وعلق الشيخ شعيب الأرنؤوط:صحيح لغيره .وسنن أبي داود:ج4/ص100 ح4259 و الترمذي في سننه ج4 ص: 490 و صححه الألباني.وسنن ابن ماجه:ج2/ص1310 ح3961 وصححه الألباني.و مسند الروياني {رقم 585} ومصنف ابن أبي شيبة:ج7/ص448 ح37122 وصحيح ابن حبان:ج13/ص297 ح5962 و المعجم الأوسط للطبراني :ج8/ص257 ح8563 وسنن البيهقي الكبرى:ج8/ص191 ح165

আবূ মূসা আল-আশআরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামতের নিকটবর্তী সময়ে অন্ধকার রাতের টুকরার ন্যায় চরম বিপর্যয় আসতে থাকবে। ঐ সময় সকাল বেলা যে ব্যক্তি মুমিন থাকবে সে সন্ধ্যাবেলা কাফের হয়ে যাবে এবং সন্ধ্যাবেলা যে ব্যক্তি মুমিন থাকবে সে সকাল বেলা কাফের হয়ে যাবে। এ সময় উপবিষ্ট ব্যক্তি দন্ডায়মান ব্যক্তির চেয়ে উত্তম হবে, দন্ডায়মান ব্যক্তি চলমান ব্যক্তির চেয়ে উত্তম হবে এবং চলমান ব্যক্তি দ্রুত ধাবমান ব্যক্তির চেয়ে উত্তম হবে। এ সময় তোমরা তোমাদের ধনুক ভেঙ্গে ফেলো, ধনুকের ছিলা কেটে ফেলো এবং তোমাদের তরবারিগুলো পাথরের উপর আঘাত করে ভেঙ্গে ফেলো। তোমাদের কারো ঘরে বিপর্যয় ঢুকে পড়লে সে যেন আদম আলাইহি ওয়াসাল্লামের দু' পুত্রের মধ্যে উত্তম জনের (হাবিল) ন্যায় হয়ে যায়।

قال عليه الصلاة و السلام . للحسن بن علي رضي الله عنهما : ((ابني هذا سيد . و لعل الله يصلح به بين فئتين من المسلمين)). صحيح البخاري . ج8 ص : 9998

.

قالت عديسة بنت أهبان : لما جاء علي بن أبي طالب ههنا البصرة دخل على أبي . فقال يا أبامسلم ألا تعينني على هؤلاء القوم ؟ قال بلى . قال فدعا جارية له . فقال ياجارية أخرجي سيفي . قال فأخرجته . فسل منه قدر شبر فإذا هوخشب . فقال: " إن خليلي وابن عمك صلى الله عليه و سلم عهد إلي إذا كانت الفتنة بين المسلمين . فأتخذ سيفا من خشب" . فإن شئت خرجت معك . قال لاحاجة لي فيك ولا في سيفك .سنن ابن ماجة كتاب الفتن ج 2 ص: 1309.قال الشيخ الألباني:حسن صحيح.ومسند أحمد ج 5ص: 69، و ج6 ص: 393 وقال شعيب الأرنؤوط : حديث حسن

উহ্বান কন্যা উদায়সা (রাঃ) বলেন, আলী ইবনে আবূ তালিব (রাঃ) এখানে বসরায় আসেন এবং আমার পিতার সাথে সাক্ষাত করেন। তিনি বলেন, হে আবূ মসলিম! তুমি কি এই গোষ্ঠীর (সিরীয়দের) রিরুদ্ধে আমাকে সাহায্য করবে না? আবূ মুসলিম বলেন, হাঁ (করবো)। রাবী বলেন, অতঃপর তিনি তার এক দাসীকে ডেকে বলেন, হে দাসী! আমার তরবারিটা বের করো। রাবী বলেন, সে তরবারিটা বের করলো। আবূ মুসলিম তা খাপের মধ্য থেকে এক বিঘত পরিমান বের করলেন। দেখা গেলো যে, তা এক খন্ড কাঠ। আবূ মুসলিম বলেন, আমার অন্তরঙ্গ বন্ধু ও তোমার চাচাতো ভাই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে এই উপদেশ দেন যে, "মুসলমানদের মধ্যে বিবাদ-বিশৃংখলা চলাকালে তুমি একটি কাঠের তরবারি ধারণ করবে' ' । এখন আপনি চাইলে আমি আপনার সাথে রওয়ানা হতে পারি। আলী (রাঃ) বলেন, তোমাকেও আমার প্রয়োজন নেই এবং তোমার তরবারিও নয়।

তিরমিযী ২২০৩, সহীহাহ ১৬৮০। তাহকীক আলবানীঃ হাসান সহীহ।

عَنْ أَبِي مُوسَى الأَشْعَرِيِّ , رَضِيَ اللَّهُ عَنْهُ , قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : " سَلامَةُ الرَّجُلِ فِي الْفِتْنَةِ أَنْ يَلْزَمَ بَيْتَهُ " .مسند الفردوس للديلمي ج3 ص357 وكنز العمال:ح30825 وصحيح الجامع للشيخ الألباني رقم 3649 وقال:حسن.

আবু মুসা আশআরী রা.হতে বর্ণিত, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ফিতনার সময় একজন ব্যক্তির জন্য নিরাপদ হল ঘরে অবস্থান করা।

قال عَبْدُ اللَّهِ بْنُ عَمْرِو بْنِ الْعَاصِ : بَيْنَمَا نَحْنُ حَوْلَ رَسُولِ اللَّهِ ، صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، إِذَا ذَكَرَ الْفِتْنَةَ أَوْ ذُكِرَتْ عِنْدَهُ ، فَقُلْتُ : كَيْفَ أَفْعَلُ ، جَعَلَنِي اللَّهُ فِدَاكَ ؟ قَالَ : " الْزَمْ بَيْتَكَ ، وَامْلِكْ عَلَيْكَ لِسَانَكَ ".

حديث حسن :أخرجه أبو داود (4343) ، والنسائي في " عمل اليوم " (205) ، وابن المبارك في " مسنده " (257) ، وابن أبي شيبة (9/15ـ10) ، وأحمد (212/2) ، والطحاوي في " بيان مشكل حديث النبي صلى الله عليه وسلم " (67/2ـ68) ، وابن السني في " عمل اليوم (439) ، والحاكم (282/4ـ238) ، وأبو عمرو الداني في " الفتن " (117) ، والطبراني في " كبيره " ج 13 رقم 4/قطعة من الجزء الثالث (عشر) ، والخطابي في " العزلة " (ص 63ـ64

আব্দুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর চারপাশে বসা ছিলাম। তখন তিনি ফিতনা সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলেনঃ তোমরা যখন দেখবে, মানুষের ওয়াদা নষ্ট হয়ে গেছে, তাদের আমানতদারী কমে গেছে এবং তারা এরূপ হয়ে গেছে- এ বলে তিনি তাঁর হাতের আঙ্গুলসমূহ পরস্পরের মধ্যে মিলালেন। বর্ণনাকারী বলেন, একথা শুনে আমি দাঁড়িয়ে তাঁকে বললাম, আল্লাহ আমাকে আপনার জন্যে উৎসর্গিত করুন! আমি তখন কি করবো? তিনি বললেনঃ তুমি অত্যন্ত দৃঢ়ভাবে তোমার ঘরে অবস্থান করো, তোমার জিহবা সংযত রাখো; যা জানাশুনা আছে তাই গ্রহণ করো এবং অজানাকে পরিত্যাগ করো। আর তোমার নিজের ব্যাপারে বিশেষভাবে সতর্ক হও এবং সাধারণের সম্পর্কে বিরত থাকো।

أَنَّ عَبْدَ الرَّحْمَنِ بْنَ جُبَيْرِ بْنِ نُفَيْرٍ , حَدَّثَهُ عَنْ أَبِيهِ , عَنِ الْمِقْدَادِ بْنِ الأَسْوَدِ الْكِنْدِيِّ , قَالَ : جَاءَنَا الْمِقْدَادُ لِحَاجَةٍ لَهُ , فَقُلْنَا لَهُ : اجْلِسْ , عَافَاكَ اللَّهُ حَتَّى نَطْلُبَ لَكَ حَاجَتَكَ , قَالَ : فَجَلَسَ , فَقَالَ : لَعَجَبٌ مِنْ قَوْمٍ مَرَرْتُ بِهِمْ آنِفًا يَتَمَنَّوْنَ الْفِتْنَةَ , يَزْعُمُونَ لَيَبْتَلِيهِمُ اللَّهِ فِيهَا , مَا أَبْلا رَسُولُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَصْحَابُهُ , وَايْمُ اللَّهِ لَقَدْ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ , يَقُولُ : " إِنَّ السَّعِيدَ لَمَنْ جُنِّبَ الْفِتَنَ , إِنَّ السَّعِيدَ لَمَنْ جُنِّبَ الْفِتَنَ , إِنَّ السَّعِيدَ لَمَنْ جُنِّبَ الْفِتَنَ " , يُرَدِّدُهَا ثَلاثَ مَرَّاتٍ , " وَلَمَنِ ابْتُلِيَ فَصَبَرَ " , فَوَاهًا . سنن أبي داود: ج4/ص102 ح4263 و صحّحه الألبانيّ والمعجم الكبير: ج20/ص252 ح598 ومسند الشاميين: ج3/ص175 ح

2021

আসওয়াদ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর কসম! আমি নিশ্চয়ই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ যে ব্যক্তি ফিতনা থেকে দূরে থাকবে, সেই সৌভাগ্যবান; যে লোক ফিতনা থেকে দূরে থাকবে সেই সৌভাগ্যবান; যে ফিতনা থেকে দূরে থাকবে সেই সৌভাগ্যবান। আর যে ব্যক্তি ফিতনায় পড়ে ধৈর্য ধারণ করবে, তার জন্য কতই না মঙ্গল!

-এখন আমরা দেখব, রসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উপরোক্ত নির্দেশনার প্রতি সাহাবীগনের রা. আমল কেমন ছিল:

عن أيوب السختياني ، عن محمد بن سيرين أنه قال: لما حدثت الفتنة كان عدد الصحابة عشرة آلاف ، لم يخف منهم أربعون رجلا . معمر بن راشد : الجامع ، ج 11ص: 357 واسنادها صحيح

আবু আয়ূব সাখতিয়ানী বর্ণনা করেন, মুহাম্মদ বিন সীরীন র. বলেন, ফিতনা উপস্থিত হওয়ার কালে সাহাবীদের সংখ্যা ছিল দশ হাজার। কিন্তু ফিতনায় জড়িত হয়েছেন এমন সংখ্যা চল্লিশেও পৌছেনি।

وَقَالَ لَهُمْ نَبِيُّهُمْ إِنَّ اللهَ قَدْ بَعَثَ لَكُمْ طَالُوتَ مَلِكًا قَالُوَاْ أَنَّى يَكُونُ لَهُ الْمُلْكُ عَلَيْنَا وَنَحْنُ أَحَقُّ بِالْمُلْكِ مِنْهُ وَلَمْ يُؤْتَ سَعَةً مِّنَ الْمَالِ قَالَ إِنَّ اللهَ اصْطَفَاهُ عَلَيْكُمْ وَزَادَهُ بَسْطَةً فِي الْعِلْمِ وَالْجِسْمِ وَاللهُ يُؤْتِي مُلْكَهُ مَن يَشَاء وَاللهُ وَاسِعٌ عَلِيمٌ

আর তাদেরকে তাদের নবী বললেন, নিশ্চয়ই আল্লাহ তালূতকে তোমাদের জন্য বাদশাহ সাব্যস্ত করেছেন। তারা বলতে লাগল তা কেমন করে হয় যে, তার শাসন চলবে আমাদের উপর। অথচ রাষ্ট্রক্ষমতা পাওয়ার ক্ষেত্রে তার চেয়ে

আমাদেরই অধিকার বেশী। আর সে সম্পদের দিক দিয়েও সচ্ছল নয়। নবী বললেন, নিশ্চয় আল্লাহ তোমাদের উপর তাকে পছন্দ করেছেন এবং স্বাস্থ্য ও জ্ঞানের দিক দিয়ে প্রাচুর্য দান করেছেন। বস্তুতঃ আল্লাহ তাকেই রাজ্য দান করেন, যাকে ইচ্ছা। আর আল্লাহ হলেন অনুগ্রহ দানকারী এবং সব বিষয়ে অবগত। [সুরা বাকারা ২:২৪৭]

وَقَالَ لَهُمْ نِبِيُّهُمْ إِنَّ آيَةَ مُلْكِهِ أَن يَأْتِيَكُمُ التَّابُوتُ فِيهِ سَكِينَةٌ مِّن رَّبِّكُمْ وَبَقِيَّةٌ مِّمَّا تَرَكَ آلُ مُوسَى وَآلُ هَارُونَ تَحْمِلُهُ الْمَلآئِكَةُ إِنَّ فِي ذَلِكَ لآيَةً لَّكُمْ إِن كُنتُم مُّؤْمِنِينَ

বনী-ইসরাঈলদেরকে তাদের নবী আরো বললেন, তালূতের নেতৃত্বের চিহ্ন হলো এই যে, তোমাদের কাছে একটা সিন্দুক আসবে তোমাদের পালকর্তার পক্ষ থেকে তোমাদের মনের সন্তুষ্টির নিমিত্তে। আর তাতে থাকবে মূসা, হারুন এবং তাঁদের সন্তানবর্গের পরিত্যক্ত কিছু সামগ্রী। সিন্দুকটিকে বয়ে আনবে ফেরেশতারা। তোমরা যদি ঈমানদার হয়ে থাক, তাহলে এতে তোমাদের জন্য নিশ্চিতই পরিপূর্ণ নিদর্শন রয়েছে। [সুরা বাকারা ২:২৪৮]

فَلَمَّا فَصَلَ طَالُوتُ بِالْجُنُودِ قَالَ إِنَّ اللّهَ مُبْتَلِيكُم بِنَهَرٍ فَمَن شَرِبَ مِنْهُ فَلَيْسَ مِنِّي وَمَن لَّمْ يَطْعَمْهُ فَإِنَّهُ مِنِّي إِلاَّ مَنِ اغْتَرَفَ غُرْفَةً بِيَدِهِ فَشَرِبُواْ مِنْهُ إِلاَّ قَلِيلاً مِّنْهُمْ فَلَمَّا جَاوَزَهُ هُوَ وَالَّذِينَ آمَنُواْ مَعَهُ قَالُواْ لاَ طَاقَةَ لَنَا الْيَوْمَ بِجَالُوتَ وَجُنودِهِ قَالَ الَّذِينَ يَظُنُّونَ أَنَّهُم مُّلاَقُو اللّهِ كَم مِّن فِئَةٍ قَلِيلَةٍ غَلَبَتْ فِئَةً كَثِيرَةً بِإِذْنِ اللّهِ وَاللّهُ مَعَ الصَّابِرِينَ

অতঃপর তালূত যখন সৈন্য-সামন্ত নিয়ে বেরুল, তখন বলল, নিশ্চয় আল্লাহ তোমাদিগকে পরীক্ষা করবেন একটি নদীর মাধ্যমে। সুতরাং যে লোক সেই নদীর পানি পান করবে সে আমার নয়। আর যে, লোক তার স্বাদ গ্রহণ করলো না, নিশ্চয়ই সে আমার লোক। কিন্তু যে লোক হাতের আঁজলা ভরে সামান্য খেয়ে নেবে তার দোষ অবশ্য তেমন গুরুতর হবে না। অতঃপর সবাই পান করল সে পানি, সামান্য কয়েকজন ছাড়া। পরে তালূত যখন তা পার হলো এবং তার সাথে ছিল মাত্র কয়েকজন ঈমানদার, তখন তারা বলতে লাগল, আজকের দিনে জালূত এবং তার সেনাবাহিনীর সাথে যুদ্ধ করার শক্তি আমাদের নেই, যাদের ধারণা ছিল যে, আল্লাহর সামনে তাদের একদিন উপস্থিত হতে হবে, তারা বার বার বলতে লাগল, সামান্য দলই বিরাট দলের মোকাবেলায় জয়ী হয়েছে আল্লাহর হুকুমে। আর যারা ধৈর্য্যশীল আল্লাহ তাদের সাথে রয়েছেন। [সুরা বাকারা ২:২৪৯]

وَلَمَّا بَرَزُواْ لِجَالُوتَ وَجُنُودِهِ قَالُواْ رَبَّنَا أَفْرِغْ عَلَيْنَا صَبْرًا وَثَبِّتْ أَقْدَامَنَا وَانصُرْنَا عَلَى الْقَوْمِ الْكَافِرِينَ

আর যখন তালূত ও তার সেনাবাহিনী শত্রুর সম্মুখীন হল, তখন বলল, হে আমাদের পালনকর্তা, আমাদের মনে ধৈর্য্য সৃষ্টি করে দাও এবং আমাদেরকে দৃঢ়পদ রাখ-আর আমাদের সাহায্য কর সে কাফের জাতির বিরুদ্ধে। [সুরা বাকারা ২:২৫০]

فَهَزَمُوهُم بِإِذْنِ اللّهِ وَقَتَلَ دَاوُودُ جَالُوتَ وَآتَاهُ اللّهُ الْمُلْكَ وَالْحِكْمَةَ وَعَلَّمَهُ مِمَّا يَشَاء وَلَوْلاَ دَفْعُ اللّهِ النَّاسَ بَعْضَهُمْ بِبَعْضٍ لَّفَسَدَتِ الأَرْضُ وَلَكِنَّ اللّهَ ذُو فَضْلٍ عَلَى الْعَالَمِينَ

তারপর ঈমানদাররা আল্লাহর হুকুমে জালূতের বাহিনীকে পরাজিত করে দিল এবং দাউদ জালূতকে হত্যা করল। আর আল্লাহ দাউদকে দান করলেন রাজ্য ও অভিজ্ঞতা। আর তাকে যা চাইলেন শিখালেন। আল্লাহ যদি একজনকে অপরজনের দ্বারা প্রতিহত না করতেন, তাহলে গোটা দুনিয়া বিধ্বস্ত হয়ে যেতো। কিন্তু বিশ্ববাসীর প্রতি আল্লাহ একান্তই দয়ালু, করুণাময়। [সুরা বাকারা ২:২৫১]

এবার আমরা উম্মতে মুহাম্মদে বিদ্যমান কিতালভীতিতে আক্রান্ত ব্যাক্তিদের অবস্থা তুলে ধরব যেন আমরা শিক্ষাগ্রহণ করতে পারি এবং নিজেদের অবস্থা সংশোধন করে নিতে পারি।

- বদর যুদ্ধের প্রাক্কালে কিতালভীতি ও আল্লাহ রব্বুল আলামীনের হুমকি-

كَمَا أَخْرَجَكَ رَبُّكَ مِن بَيْتِكَ بِالْحَقِّ وَإِنَّ فَرِيقاً مِّنَ الْمُؤْمِنِينَ لَكَارِهُونَ

যেমন করে তোমাকে তোমার পরওয়ারদেগার ঘর থেকে বের করেছেন ন্যায় ও সৎকাজের জন্য, অথচ ঈমানদারদের একটি দল (তাতে) সম্মত ছিল না। [সুরা আনফাল ৮:৫]

يُجَادِلُونَكَ فِي الْحَقِّ بَعْدَ مَا تَبَيَّنَ كَأَنَّمَا يُسَاقُونَ إِلَى الْمَوْتِ وَهُمْ يَنظُرُونَ

তারা তোমার সাথে বিবাদ করছিল সত্য ও ন্যায় বিষয়ে, তা প্রকাশিত হবার পর; তারা যেন মৃত্যুর দিকে ধাবিত হচ্ছে দেখতে দেখতে। [সুরা আনফাল ৮:৬]

- উহুদ যুদ্ধের প্রাক্কালে কিতালভীতি- وَإِذْ غَدَوْتَ مِنْ أَهْلِكَ تُبَوِّئُ الْمُؤْمِنِينَ مَقَاعِدَ لِلْقِتَالِ وَاللّهُ سَمِيعٌ عَلِيمٌ

আর আপনি যখন পরিজনদের কাছ থেকে সকাল বেলা বেরিয়ে গিয়ে মুমিনগণকে যুদ্ধের অবস্থানে বিন্যস্ত করলেন, আর আল্লাহ সব বিষয়েই শোনেন এবং জানেন। [সুরা ইমরান ৩:১২১]

إِذْ هَمَّت طَّآئِفَتَانِ مِنكُمْ أَن تَفْشَلاَ وَاللّهُ وَلِيُّهُمَا وَعَلَى اللّهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ

যখন তোমাদের দুটি দল সাহস হারাবার উপক্রম হলো, অথচ আল্লাহ তাদের সাহায্যকারী ছিলেন, আর আল্লাহর উপরই ভরসা করা মুমিনদের উচিত। [সুরা ইমরান ৩:১২২]

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُواْ لاَ تَكُونُواْ كَالَّذِينَ كَفَرُواْ وَقَالُواْ لإِخْوَانِهِمْ إِذَا ضَرَبُواْ فِي الأَرْضِ أَوْ كَانُواْ غُزًّى لَّوْ كَانُواْ عِندَنَا مَا مَاتُواْ وَمَا قُتِلُواْ لِيَجْعَلَ اللّهُ ذَلِكَ حَسْرَةً فِي قُلُوبِهِمْ وَاللّهُ يُحْيِي وَيُمِيتُ وَاللّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ

হে ঈমাণদারগণ! তোমরা তাদের মত হয়ো না, যারা কাফের হয়েছে এবং নিজেদের ভাই বন্ধুরা যখন কোন অভিযানে বের হয় কিংবা জেহাদে যায়, তখন তাদের সম্পর্কে বলে, তারা যদি আমাদের সাথে থাকতো, তাহলে মরতোও না আহতও হতো না। যাতে তারা এ ধারণা সৃষ্টির মাধ্যমে সংশ্লিষ্টদের মনে অনুতাপ সৃষ্টি করতে পারে। অথচ আল্লাহই জীবন দান করেন এবং মৃত্যু দেন। তোমাদের সমস্ত কাজই, তোমরা যা কিছুই কর না কেন, আল্লাহ সবকিছুই দেখেন। [সুরা ইমরান ৩:১৫৬]

وَلَئِن قُتِلْتُمْ فِي سَبِيلِ اللّهِ أَوْ مُتُّمْ لَمَغْفِرَةٌ مِّنَ اللّهِ وَرَحْمَةٌ خَيْرٌ مِّمَّا يَجْمَعُونَ

আর তোমরা যদি আল্লাহর পথে নিহত হও কিংবা মৃত্যুবরণ কর, তোমরা যা কিছু সংগ্রহ করে থাক আল্লাহ তা'আলার ক্ষমা ও করুণা সে সবকিছুর চেয়ে উত্তম। [সুরা ইমরান ৩:১৫৭]

- খন্দক যুদ্ধের প্রাক্কালে কিতালভীতির সামগ্রিক চিত্র।

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اذْكُرُوا نِعْمَةَ اللّهِ عَلَيْكُمْ إِذْ جَاءتْكُمْ جُنُودٌ فَأَرْسَلْنَا عَلَيْهِمْ رِيحًا وَجُنُودًا لَّمْ تَرَوْهَا وَكَانَ اللّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرًا

হে মুমিনগণ! তোমরা তোমাদের প্রতি আল্লাহর নেয়ামতের কথা স্মরণ কর, যখন শত্রুবাহিনী তোমাদের নিকটবর্তী হয়েছিল, অতঃপর আমি তাদের বিরুদ্ধে ঝঞ্ঝাবায়ু এবং এমন সৈন্যবাহিনী প্রেরণ করেছিলাম, যাদেরকে তোমরা দেখতে না। তোমরা যা কর, আল্লাহ তা দেখেন। সুরা আহজাব- ৯:৩৩

إِذْ جَاؤُوكُم مِّن فَوْقِكُمْ وَمِنْ أَسْفَلَ مِنكُمْ وَإِذْ زَاغَتْ الأَبْصَارُ وَبَلَغَتِ الْقُلُوبُ الْحَنَاجِرَ وَتَظُنُّونَ بِاللّهِ الظُّنُونَا

যখন তারা তোমাদের নিকটবর্তী হয়েছিল উচ্চ ভূমি ও নিম্নভূমি থেকে এবং যখন তোমাদের দৃষ্টিভ্রম হচ্ছিল, প্রাণ

কণ্ঠাগত হয়েছিল এবং তোমরা আল্লাহ সম্পর্কে নানা বিরূপ ধারণা পোষণ করতে শুরু করছিলে। সুরা আহজাব- ১০:৩৩

هُنَالِكَ ابْتُلِيَ الْمُؤْمِنُونَ وَزُلْزِلُوا زِلْزَالًا شَدِيدًا

সে সময়ে মুমিনগণ পরীক্ষিত হয়েছিল এবং ভীষণভাবে প্রকম্পিত হচ্ছিল। সুরা আহজাব- ১১:৩৩

وَإِذْ يَقُولُ الْمُنَافِقُونَ وَالَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٌ مَّا وَعَدَنَا اللَّهُ وَرَسُولُهُ إِلَّا غُرُورًا

এবং যখন মুনাফিক ও যাদের অন্তরে রোগ ছিল তারা বলছিল, আমাদেরকে প্রদত্ত আল্লাহ ও রসূলের প্রতিশ্রুতি প্রতারণা বৈ নয়। সুরা আহজাব- ১২:৩৩

وَإِذْ قَالَت طَّائِفَةٌ مِّنْهُمْ يَا أَهْلَ يَثْرِبَ لَا مُقَامَ لَكُمْ فَارْجِعُوا وَيَسْتَأْذِنُ فَرِيقٌ مِّنْهُمُ النَّبِيَّ يَقُولُونَ إِنَّ بُيُوتَنَا عَوْرَةٌ وَمَا هِيَ بِعَوْرَةٍ إِن يُرِيدُونَ إِلَّا فِرَارًا

এবং যখন তাদের একদল বলেছিল, হে ইয়াসরেববাসী, এটা টিকবার মত জায়গা নয়, তোমরা ফিরে চল। তাদেরই একদল নবীর কাছে অনুমতি প্রার্থনা করে বলেছিল, আমাদের বাড়ী-ঘর খালি, অথচ সেগুলো খালি ছিল না, পলায়ন করাই ছিল তাদের ইচ্ছা। সুরা আহজাব- ১৩:৩৩

وَلَوْ دُخِلَتْ عَلَيْهِم مِّنْ أَقْطَارِهَا ثُمَّ سُئِلُوا الْفِتْنَةَ لَآتَوْهَا وَمَا تَلَبَّثُوا بِهَا إِلَّا يَسِيرًا

যদি শত্রুপক্ষ চতুর্দিক থেকে নগরে প্রবেশ করে তাদের সাথে মিলিত হত, অতঃপর বিদ্রোহ করতে প্ররোচিত করত, তবে তারা অবশ্যই বিদ্রোহ করত এবং তারা মোটেই বিলম্ব করত না। সুরা আহজাব- ১৪:৩৩

وَلَقَدْ كَانُوا عَاهَدُوا اللَّهَ مِن قَبْلُ لَا يُوَلُّونَ الْأَدْبَارَ وَكَانَ عَهْدُ اللَّهِ مَسْئُولًا

অথচ তারা পূর্বে আল্লাহর সাথে অঙ্গীকার করেছিল যে, তারা পৃষ্ঠ প্রদর্শন করবে না। আল্লাহর অঙ্গীকার সম্পর্কে জিজ্ঞাসা করা হবে। সুরা আহজাব- ১৫:৩৩

قُل لَّن يَنفَعَكُمُ الْفِرَارُ إِن فَرَرْتُم مِّنَ الْمَوْتِ أَوِ الْقَتْلِ وَإِذًا لَّا تُمَتَّعُونَ إِلَّا قَلِيلًا

বলুন! তোমরা যদি মৃত্যু অথবা হত্যা থেকে পলায়ন কর, তবে এ পলায়ন তোমাদের কাজে আসবে না। তখন তোমাদেরকে সামান্যই ভোগ করতে দেয়া হবে। সুরা আহজাব- ১৬:৩৩

قُلْ مَن ذَا الَّذِي يَعْصِمُكُم مِّنَ اللَّهِ إِنْ أَرَادَ بِكُمْ سُوءًا أَوْ أَرَادَ بِكُمْ رَحْمَةً وَلَا يَجِدُونَ لَهُم مِّن دُونِ اللَّهِ وَلِيًّا وَلَا نَصِيرًا

বলুন! কে তোমাদেরকে আল্লাহ থেকে রক্ষা করবে যদি তিনি তোমাদের অমঙ্গল ইচ্ছা করেন অথবা তোমাদের প্রতি অনুকম্পার ইচ্ছা? তারা আল্লাহ ব্যতীত নিজেদের কোন অভিভাবক ও সাহায্যদাতা পাবে না। সুরা আহজাব- ১৭:৩৩

قَدْ يَعْلَمُ اللَّهُ الْمُعَوِّقِينَ مِنكُمْ وَالْقَائِلِينَ لِإِخْوَانِهِمْ هَلُمَّ إِلَيْنَا وَلَا يَأْتُونَ الْبَأْسَ إِلَّا قَلِيلًا

আল্লাহ খুব জানেন তোমাদের মধ্যে কারা তোমাদেরকে বাধা দেয় এবং কারা তাদের ভাইদেরকে বলে, আমাদের কাছে এস। তারা কমই যুদ্ধ করে। সুরা আহজাব- ১৮:৩৩

أَشِحَّةً عَلَيْكُمْ فَإِذَا جَاءَ الْخَوْفُ رَأَيْتَهُمْ يَنظُرُونَ إِلَيْكَ تَدُورُ أَعْيُنُهُمْ كَالَّذِي يُغْشَى عَلَيْهِ مِنَ الْمَوْتِ فَإِذَا ذَهَبَ الْخَوْفُ سَلَقُوكُم بِأَلْسِنَةٍ حِدَادٍ أَشِحَّةً عَلَى الْخَيْرِ أُولَئِكَ لَمْ يُؤْمِنُوا فَأَحْبَطَ اللَّهُ أَعْمَالَهُمْ وَكَانَ ذَلِكَ عَلَى اللَّهِ يَسِيرًا

তারা তোমাদের প্রতি কুণ্ঠাবোধ করে। যখন বিপদ আসে, তখন আপনি দেখবেন মৃত্যুভয়ে অচেতন ব্যক্তির মত চোখ উল্টিয়ে তারা আপনার প্রতি তাকায়। অতঃপর যখন বিপদ টলে যায় তখন তারা ধন-সম্পদ লাভের আশায় তোমাদের সাথে বাকচাতুরীতে অবতীর্ণ হয়। তারা মুমিন নয়। তাই আল্লাহ তাদের কর্মসমূহ নিস্ফল করে দিয়েছেন। এটা আল্লাহর জন্যে সহজ। সুরা আহজাব- ১৯:৩৩

يَحْسَبُونَ الْأَحْزَابَ لَمْ يَذْهَبُوا وَإِن يَأْتِ الْأَحْزَابُ يَوَدُّوا لَوْ أَنَّهُم بَادُونَ فِي الْأَعْرَابِ يَسْأَلُونَ عَنْ أَنبَائِكُمْ وَلَوْ كَانُوا فِيكُم مَّا قَاتَلُوا إِلَّا قَلِيلًا

তারা মনে করে শত্রুবাহিনী চলে যায়নি। যদি শত্রুবাহিনী আবার এসে পড়ে, তবে তারা কামনা করবে যে, যদি তারা গ্রামবাসীদের মধ্য থেকে তোমাদের সংবাদাদি জেনে নিত, তবেই ভাল হত। তারা তোমাদের মধ্যে অবস্থান করলেও যুদ্ধ সামান্যই করত। সুরা আহজাব- ২০:৩৩

لَقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ اللَّهِ أُسْوَةٌ حَسَنَةٌ لِّمَن كَانَ يَرْجُو اللَّهَ وَالْيَوْمَ الْآخِرَ وَذَكَرَ اللَّهَ كَثِيراً

যারা আল্লাহ ও শেষ দিবসের আশা রাখে এবং আল্লাহকে অধিক স্মরণ করে, তাদের জন্যে রসূলুল্লাহর মধ্যে উত্তম নমুনা রয়েছে। সুরা আহজাব- ২১:৩৩

وَلَمَّا رَأَى الْمُؤْمِنُونَ الْأَحْزَابَ قَالُوا هَذَا مَا وَعَدَنَا اللَّهُ وَرَسُولُهُ وَصَدَقَ اللَّهُ وَرَسُولُهُ وَمَا زَادَهُمْ إِلَّا إِيمَانًا وَتَسْلِيمًا

যখন মুমিনরা শত্রুবাহিনীকে দেখল, তখন বলল, আল্লাহ ও তাঁর রসূল এরই ওয়াদা আমাদেরকে দিয়েছিলেন এবং আল্লাহ ও তাঁর রসূল সত্য বলেছেন। এতে তাদের ঈমান ও আত্মসমর্পণই বৃদ্ধি পেল। সুরা আহজাব- ২২:৩৩

مِنَ الْمُؤْمِنِينَ رِجَالٌ صَدَقُوا مَا عَاهَدُوا اللَّهَ عَلَيْهِ فَمِنْهُم مَّن قَضَى نَحْبَهُ وَمِنْهُم مَّن يَنتَظِرُ وَمَا بَدَّلُوا تَبْدِيلًا

মুমিনদের মধ্যে কতক আল্লাহর সাথে কৃত ওয়াদা পূর্ণ করেছে। তাদের কেউ কেউ মৃত্যুবরণ করেছে এবং কেউ কেউ প্রতীক্ষা করছে। তারা তাদের সংকল্প মোটেই পরিবর্তন করেনি। সুরা আহজাব- ২৩:৩৩

- হুদায়বিয়ার সন্ধির যুদ্ধের প্রাক্কালে কিতালভীতির চিত্র

سَيَقُولُ لَكَ الْمُخَلَّفُونَ مِنَ الْأَعْرَابِ شَغَلَتْنَا أَمْوَالُنَا وَأَهْلُونَا فَاسْتَغْفِرْ لَنَا يَقُولُونَ بِأَلْسِنَتِهِم مَّا لَيْسَ فِي قُلُوبِهِمْ قُلْ فَمَن يَمْلِكُ لَكُم مِّنَ اللَّهِ شَيْئًا إِنْ أَرَادَ بِكُمْ ضَرًّا أَوْ أَرَادَ بِكُمْ نَفْعًا بَلْ كَانَ اللَّهُ بِمَا تَعْمَلُونَ خَبِيرًا

মরুবাসীদের মধ্যে যারা গৃহে বসে রয়েছে, তারা আপনাকে বলবেঃ আমরা আমাদের ধন-সম্পদ ও পরিবার-পরিজ নের কাজে ব্যস্ত ছিলাম। অতএব, আমাদের পাপ মার্জনা করান। তারা মুখে এমন কথা বলবে, যা তাদের অন্তরে নেই। বলুনঃ আল্লাহ তোমাদের ক্ষতি অথবা উপকার সাধনের ইচ্ছা করলে কে তাকে বিরত রাখতে পারে? বরং তোমরা যা কর, আল্লাহ সে বিষয় পরিপূর্ণ জ্ঞাত। সুরা ফাতাহ- ১১:৪৮

بَلْ ظَنَنتُمْ أَن لَّن يَنقَلِبَ الرَّسُولُ وَالْمُؤْمِنُونَ إِلَى أَهْلِيهِمْ أَبَدًا وَزُيِّنَ ذَلِكَ فِي قُلُوبِكُمْ وَظَنَنتُمْ ظَنَّ السَّوْءِ وَكُنتُمْ قَوْمًا بُورًا

বরং তোমরা ধারণ করেছিলে যে, রসূল ও মুমিনগণ তাদের বাড়ী-ঘরে কিছুতেই ফিরে আসতে পারবে না এবং এই ধারণা তোমাদের জন্যে খুবই সুখকর ছিল। তোমরা মন্দ ধারণার বশবর্তী হয়েছিলে। তোমরা ছিলে ধ্বংসমুখী এক সম্প্রদায়। সুরা ফাতাহ- ১২:৪৮

- তাবুক যুদ্ধের প্রাক্কালে কিতালভীতির চিত্র এবং আল্লাহ রব্বুল আলামীনের ভাষ্য।

لَوْ كَانَ عَرَضًا قَرِيبًا وَسَفَرًا قَاصِدًا لَّاتَّبَعُوكَ وَلَكِن بَعُدَتْ عَلَيْهِمُ الشُّقَّةُ وَسَيَحْلِفُونَ بِاللَّهِ لَوِ اسْتَطَعْنَا لَخَرَجْنَا مَعَكُمْ يُهْلِكُونَ أَنفُسَهُمْ وَاللَّهُ يَعْلَمُ إِنَّهُمْ لَكَاذِبُونَ

যদি আশু লাভের সম্ভাবনা থাকতো এবং যাত্রাপথও সংক্ষিপ্ত হতো, তবে তারা অবশ্যই আপনার সহযাত্রী হতো, কিন্তু তাদের নিকট যাত্রাপথ সুদীর্ঘ মনে হল। আর তারা এমনই শপথ করে বলবে, আমাদের সাধ্য থাকলে অবশ্যই তোমাদের সাথে বের হতাম, এরা নিজেরাই নিজেদের বিনষ্ট করছে, আর আল্লাহ জানেন যে, এরা মিথ্যাবাদী। সুরা তাওবা- ৪২:৯

عَفَا اللَّهُ عَنكَ لِمَ أَذِنتَ لَهُمْ حَتَّى يَتَبَيَّنَ لَكَ الَّذِينَ صَدَقُوا وَتَعْلَمَ الْكَاذِبِينَ

আল্লাহ আপনাকে ক্ষমা করুন, আপনি কেন তাদের অব্যাহতি দিলেন, যে পর্যন্ত না আপনার কাছে পরিষ্কার হয়ে যেত

সত্যবাদীরা এবং জেনে নিতেন মিথ্যাবাদীদের। সুরা তাওবা- ৪৩:৯

لاَ يَسْتَأْذِنُكَ الَّذِينَ يُؤْمِنُونَ بِاللّهِ وَالْيَوْمِ الآخِرِ أَن يُجَاهِدُواْ بِأَمْوَالِهِمْ وَأَنفُسِهِمْ وَاللّهُ عَلِيمٌ بِالْمُتَّقِينَ

আল্লাহ ও রোজ কেয়ামতের প্রতি যাদের ঈমান রয়েছে তারা মাল ও জান দ্বারা জেহাদ করা থেকে আপনার কাছে অব্যাহতি কামনা করবে না, আর আল্লাহ সাবধানীদের ভাল জানেন। সুরা তাওবা- ৪৪:৯

إِنَّمَا يَسْتَأْذِنُكَ الَّذِينَ لاَ يُؤْمِنُونَ بِاللّهِ وَالْيَوْمِ الآخِرِ وَارْتَابَتْ قُلُوبُهُمْ فَهُمْ فِي رَيْبِهِمْ يَتَرَدَّدُونَ

নিঃসন্দেহে তারাই আপনার কাছে অব্যাহতি চায়, যারা আল্লাহ ও রোজ কেয়ামতে ঈমান রাখে না এবং তাদের অন্তর সন্দেহগ্রস্ত হয়ে পড়েছে, সুতরাং সন্দেহের আবর্তে তারা ঘুরপাক খেয়ে চলেছে। সুরা তাওবা- ৪৫:৯

إِلاَّ تَنفِرُواْ يُعَذِّبْكُمْ عَذَابًا أَلِيمًا وَيَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ وَلاَ تَضُرُّوهُ شَيْئًا وَاللّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ

যদি বের না হও, তবে আল্লাহ তোমাদের মর্মন্তুদ আযাব দেবেন এবং অপর জাতিকে তোমাদের স্থলাভিষিক্ত করবেন। তোমরা তাঁর কোন ক্ষতি করতে পারবে না, আর আল্লাহ সর্ববিষয়ে শক্তিমান। সুরা তাওবা- ৩৯:৯

وَمِنْهُم مَّن يَقُولُ ائْذَن لِّي وَلاَ تَفْتِنِّي أَلاَ فِي الْفِتْنَةِ سَقَطُواْ وَإِنَّ جَهَنَّمَ لَمُحِيطَةٌ بِالْكَافِرِينَ

আর তাদের কেউ বলে, আমাকে অব্যাহতি দিন এবং পথভ্রষ্ট করবেন না। শোনে রাখ, তারা তো পূর্ব থেকেই পথভ্রষ্ট এবং নিঃসন্দেহে জাহান্নাম এই কাফেরদের পরিবেষ্টন করে রয়েছে। সুরা তাওবা- ৪৯:৯

জিহাদি তানজিমের সাথে সংশ্লিষ্ট সকলের জন্য মনে রাখা জরুরী যে, অতি আবেগ যেমনিভাবে জিহাদের জন্য বিপদজনক ঠিক তেমনি নিরাবেগ বা সামরিক অভিযানে অংশগ্রহণে অনীহাপ্রকাশ আরও ভয়ংকর একটি বিষয়।

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জীবনীতে দেখা যায়, প্রতিটি সামরিক অভিযানের প্রাক্কালেই সাহাবিদের মাঝে অল্পসংখ্যক ব্যক্তিই উক্ত অভিযানে যেতে অনীহাপ্রকাশ করেছেন। আল্লাহ রাব্বুল আলামীন এসকল ব্যক্তিবর্গের উদ্দেশ্যে এমন ভয়ংকর ধমকই দিয়েছেন যে

- কখনো তাদেরকে মুনাফিক আখ্যা দিয়েছেন
- কখনো তাদেরকে অন্তরের ব্যাধিগ্রস্ত আখ্যা দিয়েছেন।
- কখনো তাদের সম্পর্কে বলা হয়েছে, এরা ঈমানের তুলনায় কুফরের নিকটবর্তী হয়ে গেছে।

সেই সাথে তাদের জন্য দেয়া হয়েছে আখিরাতে চরম পরিণামের সতর্কবাণী।

লক্ষণীয় যে, সামরিক অভিযান বা ঝুঁকিপূর্ণ কোনো জিহাদি কাজে অংশগ্রহণে অনীহা প্রকাশকারীগণ কখনোই মুখে এটা বলেনি যে, “আমরা ভীত বা ভয় পাই” । বরং তারা নানাবিধ অজুহাত দেখিয়ে উক্ত কাজ হতে অব্যাহতি পাওয়ার চেস্টা করত। মজার ব্যাপার হলো ঐসকল অজুহাত আমাদের চলমান সময়ে কিতালভীতিতে আক্রান্ত ব্যক্তিদের পেশকৃত অজুহাতের সাথে পুরোপুরি মিলে যায়।

আল্লাহ রব্বুল আলামিন কুরআনে প্রত্যেকের মনের অবস্থা প্রকাশ করে দিয়েছেন এবং জানিয়ে দিয়েছেন, কিতালভীতিতে আক্রান্ত ব্যক্তিদের মুখের কথা মনের কথার বিপরীত। এখন আমরা দেখব যে সকল অজুহাত তারা পেশ করত-

- কখনো তারা জিহাদি কাজ বা অভিযান হতে দূরে থাকতে নেতার যোগ্যতা নিয়ে প্রশ্ন তুলেছে।
- কখনো তারা পারিবারিক সমস্যার কথা তুলে ধরেছে।
- কখনো তারা অদ্ভুত কোনো বিষয় তুলে ধরেছে।
- কখনো তারা শত্রুর সংখ্যাধিক্য বিষয়টি সামনে আনার চেস্টা করেছে।

প্রতিটি অজুহাতের জবাবেই আল্লাহ রব্বুল আলামীন আয়াত নাজিল করেছেন। আমরা উপরে বেশ কিছু আয়াত তুলে ধরেছি। আরও আয়াত বিদ্যমান রয়েছে। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রতিটি সামরিক অভিযানের প্রাক্কালে কীতালভীতিতে আক্রান্তদের উদ্দেশ্যে চরম সতর্কবাণী দিয়েছেন। আমরা মুসলিম ভাইদের উদ্দেশ্যে নাসীহা দিব আল্লাহর ভয় জাগ্রত রেখে নিজেকে প্রশ্ন করুন আপনি কেন জিহাদি অভিযানে অংশ নিতে গড়িমসি করছেন?

- আপনি অবশ্যই জিহাদি অভিযান থেকে অব্যাহতি পাবেন যখন আপনি ঐসকল শ্রেণীর অন্তর্ভুক্ত যাদেরকে আল্লাহ অভিযানে অংশ নেয়া থেকে অব্যাহতি দিয়েছেন আর তারা হলো- অন্ধ, পংগু, অসুস্থ, শারিরীকভাবে চরম দুর্বল এবং বিশেষ বাস্তবসম্মত ওজরে আমিরের কাছ থেকে যিনি বসে থাকার অনুমোদন পেয়েছেন। এসব ক্ষেত্রেও আপনার মনের আকুতি থাকতে হবে, 'আফসোস সক্ষমতা থাকলে আমি আজ এই বরকতময় অভিযানে শরিক থাকতে পারতাম।



দাম্পত্য জীবন সুখময় করতে স্বামীর ভূমিকায় আরও সচেতনতা জরুরী

রব্বুল আলামীনের ঘোষণা:

وَلَهُنَّ مِثْلُ الَّذِي عَلَيْهِنَّ بِالْمَعْرُوفِ وَلِلرِّجَالِ عَلَيْهِنَّ دَرَجَةٌ وَاللَّهُ عَزِيزٌ حَكِيمٌ

আর পুরুষদের যেমন স্ত্রীদের উপর অধিকার রয়েছে, তেমনি ভাবে স্ত্রীদেরও অধিকার রয়েছে পুরুষদের উপর নিয়ম অনুযায়ী। আর নারীরদের ওপর পুরুষদের শ্রেষ্ঠত্ব রয়েছে। আর আল্লাহ হচ্ছে পরাক্রমশালী, বিজ্ঞ। সুরা বাকারা- ২২৮:২

وَعَاشِرُوهُنَّ بِالْمَعْرُوفِ فَإِن كَرِهْتُمُوهُنَّ فَعَسَى أَن تَكْرَهُواْ شَيْئًا وَيَجْعَلَ اللّهُ فِيهِ خَيْرًا كَثِيرًا

ঈমাণদারগণ!..... তোমরা তোমাদের স্ত্রীদের সাথে সদ্ভাবে জীবন-যাপন কর। অতঃপর যদি তাদেরকে অপছন্দ কর, তবে হয়ত তোমরা এমন এক জিনিসকে অপছন্দ করছ, যাতে আল্লাহ, অনেক কল্যাণ রেখেছেন। [সুরা নিসা ৪:১৯]

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন:

সুখময় দাম্পত্যজীবনের জন্য স্বামী-স্ত্রী উভয়েরই প্রায় সমান ভূমিকা রয়েছে। তবে সার্বিক বিচারে স্বামীর ভূমিকা অনেকটাই বেশী। আমরা কিছু পারিবারিক ঘটনাবলী বিশ্লেষণ করে দেখেছি স্বামী-স্ত্রীর মধ্যকার দূরত্বই দাম্পত্যজীবনের সুখ-শান্তিকে ক্রমান্বয়ে নি:শেষ করে দেয়। স্বামী-স্ত্রীর পারস্পরিক ভালোবাসা আল্লাহর পক্ষ থেকে মানবজাতির জন্য নিয়ামত ও নিদর্শনসমূহের অন্যতম। আল্লাহ বলেন-

وَمِنْ آيَاتِهِ أَنْ خَلَقَ لَكُم مِّنْ أَنفُسِكُمْ أَزْوَاجًا لِّتَسْكُنُوا إِلَيْهَا وَجَعَلَ بَيْنَكُم مَّوَدَّةً وَرَحْمَةً إِنَّ فِي ذَلِكَ لَآيَاتٍ لِّقَوْمٍ يَتَفَكَّرُونَ

আর এক নিদর্শন এই যে, তিনি তোমাদের জন্যে তোমাদের মধ্য থেকে তোমাদের সংগিনীদের সৃষ্টি করেছেন, যাতে তোমরা তাদের কাছে শান্তিতে থাক এবং তিনি তোমাদের মধ্যে পারস্পরিক সম্প্রীতি ও দয়া সৃষ্টি করেছেন। নিশ্চয় এতে চিন্তাশীল লোকদের জন্যে নিদর্শনাবলী রয়েছে। [সুরা রূম ৩০:২১]

এই নিয়ামত হেফাজতের দায়িত্ব স্বামী-স্ত্রী উভয়েরই। কিছু ক্ষেত্রে দেখা যায় সম্পর্কে টানাপোড়েন চলছে এমন দম্পতি একে অন্যকেই দোষারোপ করতে থাকে। কোনো সন্দেহ নেই যে, উভয়েরই দোষ বিদ্যমান কিন্তু আমরা এখানে স্বামীর ভূমিকাই তুলে ধরব। কেননা স্বামীকে আল্লাহ তা' আলা স্ত্রীর পরিচালক বানিয়েছেন। আল্লাহ বলেন,

الرِّجَالُ قَوَّامُونَ عَلَى النِّسَاء بِمَا فَضَّلَ اللّهُ بَعْضَهُمْ عَلَى بَعْضٍ وَبِمَا أَنفَقُواْ مِنْ أَمْوَالِهِمْ فَالصَّالِحَاتُ قَانِتَاتٌ حَافِظَاتٌ لِّلْغَيْبِ بِمَا حَفِظَ اللّهُ

পুরুষেরা নারীদের উপর কৃর্তত্বশীল এ জন্য যে, আল্লাহ একের উপর অন্যের বৈশিষ্ট্য দান করেছেন এবং এ জন্য যে,

তারা তাদের অর্থ ব্যয় করে। সে মতে নেককার স্ত্রীলোকগণ হয় অনুগতা এবং আল্লাহ যা হেফাযতযোগ্য করে দিয়েছেন লোক চক্ষুর অন্তরালেও তার হেফাযত

করে। (নিসা:৩৪)

সুতরাং সুখময় সম্পর্ক টিকিয়ে রাখতে স্বামীর জন্য যে সকল ভূমিকা অবশ্যপালনীয় তা হলো-

- আপনি আপনার স্ত্রীকে যেভাবে পরিপাটিরূপে কামনা করেন আপনিও আপনার স্ত্রীর জন্য নিজেকে পরিপাটি রাখুন। এটাই হচ্ছে সুন্নাহ। আল্লাহ বলেন:

وَلَهُنَّ مِثْلُ الَّذِي عَلَيْهِنَّ بِالْمَعْرُوفِ وَلِلرِّجَالِ عَلَيْهِنَّ دَرَجَةٌ وَاللَّهُ عَزِيزٌ حَكِيمٌ

আর পুরুষদের যেমন স্ত্রীদের উপর অধিকার রয়েছে, তেমনি ভাবে স্ত্রীদেরও অধিকার রয়েছে পুরুষদের উপর নিয়ম অনুযায়ী। আর নারীরদের ওপর পুরুষদের শ্রেষ্ঠত্ব রয়েছে। আর আল্লাহ হচ্ছে পরাক্রমশালী, বিজ্ঞ। [সুরা বাকারা ২:২২৮]

আব্দুল্লাহ ইবনে আব্বাস রা. কে উক্ত আয়াত সম্পর্কে প্রশ্ন করা হলে তিনি বলেন "আমি যেমন আমার স্ত্রীকে সু-সাজে সজ্জিত কামনা করি তদ্রুপ আমার স্ত্রীরও অধিকার আছে আমাকে পরিপাটি হিসেবে কামনা করার। সুতরাং আমি তার জন্য নিজেকে গুছিয়ে রাখি। (ইবন কাসীর)

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন:

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رضي الله عنه. قَالَ : قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم: «أَكْمَلُ الْمُؤْمِنِينَ إِيمَاناً أَحْسَنُهُمْ خُلُقاً، وخِيَارُكُمْ خِيَارُكُم لِنِسَائِهِمْ». رواه الترمذي، وَقَالَ: حديث حسن صحيح

আবূ হুরাইরাহ রাদিয়াল্লাহু 'আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "মু' মিনদের মধ্যে সবার চেয়ে পূর্ণ মু' মিন ঐ ব্যক্তি যে চরিত্রে সবার চেয়ে সুন্দর, আর তাদের মধ্যে সর্বোত্তম ঐ ব্যক্তি, যে নিজের স্ত্রীর জন্য সর্বোত্তম।' '

তিরমিযী ১১৬২, আহমাদ ৭৩৫৪, ৯৭৫৬, ১০৪৩৬, দারেমী ২৭৯২

- আপনি যতই ব্যস্ত হোন না কেন স্ত্রীকে প্রতিদিন সময় দিন। তার প্রতি যথেষ্ট মনোযোগী হোন। মনে রাখবেন। স্ত্রীকে নিয়ে ব্যস্ততাও ইসলামী জীবনযাত্রার অংশবিশেষ। ইদানীংকালে দেখা যায় একজন স্বামী তার কর্মপরিসর ও বন্ধুমহল নিয়ে অতিরিক্ত ব্যস্ত থাকার দরুণ স্ত্রীর প্রতি অমনোযোগী হয়ে পরেন। বিয়ের অন্যতম উদ্দেশ্য হলো নারীপুরুষের নির্মল, পবিত্র ও হালাল শারিরীক সম্পর্ক। স্ত্রীর প্রতি স্বামীর অমনোযোগীতা অনেক সময় উক্ত শারিরীক সম্পর্ক পাওয়া থেকে স্ত্রীকে বঞ্চিত করে। তখন শয়তান সুযোগ গ্রহণ করে থাকে এবং স্ত্রীর মনকে হারাম কোনো বিষয়ের দিকে আকৃষ্ট করতে পারে। এমতাবস্থায় স্ত্রীদের অভিযোগ বাড়তে থাকে, সংসারে বাড়তে থাকে অশান্তির আগুন। সুতরাং স্বামীদের যথেষ্ট চিন্তা করা উচিৎ।

- আপনার স্ত্রীকে আপনি বিনোদনচর্চা ও অবসরযাপনের মূল কেন্দ্র বানিয়ে নিন। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার স্ত্রীদের সাথে খোশগল্প করতেন, হাসিঠাট্টা করতেন এবং বিভিন্ন ধরনের মনোতুষ্টিমূলক খেলায় মেতে উঠতেন। কয়েকটি দৃষ্টান্ত-

- বদঅভ্যাসসমূহ ত্যাগ করুন। সালাতে অলসতা, ধূমপান, প্রতিশ্রুতি ভঙ্গককরণ, মোবাইল বা কম্পিউটারে গেমস খেলা ইত্যাদি পরিহার করুন।

- স্বাভাবিক আনন্দভ্রমণে স্ত্রীকে সাথে রাখুন।

- স্ত্রীকে দীনী ইলমের ছাত্রী ও শিক্ষিকারূপে সময় বের করে দিন। তাকে দীনশিক্ষা দিন। যেভাবে আমরা একাধিক স্থানে বলে এসেছি এবং তাকে দীনপ্রচারে নিয়োজিত করুন অন্যান্য মা-বোনদের মাঝে।

- উপদেশ দিতে থাকুন নরম ভাষায়। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন-

وَعَنْ أَبِي هُرَيرَةَ رضي الله عنه، قَالَ : قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم: «اسْتَوْصُوا بِالنِّسَاءِ خَيْراً ؛ فَإِنَّ المَرْأَةَ خُلِقَتْ مِنْ ضِلعٍ، وَإِنَّ أَعْوَجَ مَا فِي الضِّلَعِ أَعْلاهُ، فَإِنْ ذَهَبتَ تُقيمُهُ كَسَرْتَهُ، وَإِنْ تَرَكْتَهُ، لَمْ يَزَلْ أَعْوَجَ، فَاسْتَوصُوا بِالنِّساءِ». مُتَّفَقٌ عَلَيهِ

وفي رواية في الصحيحين: المَرأةُ كالضِّلَعِ إنْ أَقَمْتَهَا كَسَرْتَهَا، وَإِن اسْتَمتَعْتَ بِهَا، اسْتَمتَعْتَ وفِيهَا عوَجٌ

وفي رواية لمسلم: «إِنَّ المَرأَةَ خُلِقَت مِنْ ضِلَعٍ، لَنْ تَسْتَقِيمَ لَكَ عَلَى طَرِيقة، فإِن اسْتَمْتَعْتَ بِهَا اسْتَمْتَعْتَ بِهَا وَفيهَا عوَجٌ، وإِنْ ذَهَبْتَ تُقِيمُهَا كَسَرْتَها، وَكَسْرُهَا طَلاَقُهَا».

আবূ হুরাইরাহ রাদিয়াল্লাহু 'আনহু কর্তৃক বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "তোমরা স্ত্রীদের জন্য মঙ্গলকামী হও। কারণ নারীকে পাঁজরের (বাঁকা) হাড় থেকে সৃষ্টি করা হয়েছে। আর পাঁজরের হাড়ের সবচেয়ে বেশী বাঁকা হল তার উপরের অংশ। যদি তুমি এটাকে সোজা করতে চাও, তাহলে ভেঙ্গে ফেলবে। আর যদি তাকে ছেড়ে দাও তাহলে তো বাঁকাই থাকবে। তাই তোমরা নারীদের জন্য মঙ্গলকামী হও।' '

বুখারী ও মুসলিমের অন্য এক বর্ণনায় আছে, "মহিলা পাঁজরের হাড়ের মত। যদি তুমি তাকে সোজা করতে চাও, তবে তুমি তা ভেঙ্গে ফেলবে। আর যদি তুমি তার দ্বারা উপকৃত হতে চাও, তাহলে তার এ বাঁকা অবস্থাতেই হতে হবে।' '

মুসলিমের এক বর্ণনায় আছে, "মহিলাকে পাঁজরের বাঁকা হাড় থেকে সৃষ্টি করা হয়েছে। সে কখনই একভাবে তোমার জন্য সোজা থাকবে না। এতএব তুমি যদি তার থেকে উপকৃত হতে চাও, তাহলে তার এ বাঁকা অবস্থাতেই হতে হবে। আর যদি তুমি তা সোজা করতে চাও, তাহলে তা ভেঙ্গে ফেলবে। আর তাকে ভেঙ্গে ফেলা হল তালাক দেওয়া।' '

সহীহুল বুখারী ৩৩৩১, ৫১৮৪, ৫১৮৬, ৬০১৮, ৬১৩৬, ৬১৩৮, ৬৪৭৫, মুসলিম ৪৭, ১৪৬৮, তিরমিযী ১১৮৮

- পরিবারের মধ্যে বিভিন্ন ইভেন্ট আয়োজন করুন। স্ত্রীকে ভালো কাজে ব্যস্ত রাখুন। মাঝেমধ্যে প্রণোদনা পুরস্কার দিন।

- আপনার কর্মব্যস্ততায় স্ত্রী আপনাকে ফোন বা যোগাযোগ মাধ্যমে পেতে চাইলে কিছুটা সময় দিয়ে তাকে সন্তুষ্ট রাখুন।

- অর্থনৈতিক উন্নতির সময় ভারসাম্য বজায় রেখে খরচ করুন যেন সাময়িক বিপদ-বিপর্যয়ে হতাশ হয়ে পরতে না হয়।

- একে অন্যকে যথেষ্ট পরিমাণ ছাড় দিন। ত্রুটিবিচ্যুতি হলে ক্ষমা চাওয়ার অভ্যাস গড়ে তুলুন। পরস্পরের প্রতি কৃতজ্ঞ থাকুন। স্ত্রীকে কৃতজ্ঞতা শেখান।

وعَنْ أَبِي هُرَيرَةَ رضي الله عنه، قَالَ : قَالَ رَسُول الله صلى الله عليه وسلم: «لاَ يَفْرَكْ مُؤْمِنٌ مُؤْمِنَةً إِنْ كَرِهَ مِنْهَا خُلُقاً رَضِيَ مِنْهَا آخَرَ»، أَوْ قَالَ: «غَيْرَهُ»رواه مسلم

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন-আবূ হুরাইরাহ রাদিয়াল্লাহু 'আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "কোন ঈমানদার পুরুষ যেন কোন ঈমানদার নারী (স্ত্রীকে) ঘৃণা না করে। যদি সে তার একটি

আচরণে অসন্তুষ্ট হয়, তবে অন্য আচরণে সন্তুষ্ট হবে।’ ’ মুসলিম ১৪৬৯, আহমাদ ৮১৬৩

উপরোক্ত নির্দেশনাগুলো মেনে চলুন। আশা করি দাম্পত্যজীবনে প্রকৃত সুখ ফিরে আসবে ইনশাআল্লাহ। সর্বোপরি আল্লাহর নিকট এই দুআ করুন-

رَبَّنَا هَبْ لَنَا مِنْ أَزْوَاجِنَا وَذُرِّيَّاتِنَا قُرَّةَ أَعْيُنٍ وَاجْعَلْنَا لِلْمُتَّقِينَ إِمَامًا

হে আমাদের পালনকর্তা, আমাদের স্ত্রীদের পক্ষ থেকে এবং আমাদের সন্তানের পক্ষ থেকে আমাদের জন্যে চোখের শীতলতা দান কর এবং আমাদেরকে মুত্তাকীদের জন্যে আদর্শস্বরূপ কর। [সুরা ফুরকান ২৫:৭৪]

পরকীয়া একটি জটিল ব্যাধি: নিরসনের উপায়

রব্বুল আলামীনের বিধান,

حُرِّمَتْ عَلَيْكُمْ أُمَّهَاتُكُمْ وَبَنَاتُكُمْ وَأَخَوَاتُكُمْ وَعَمَّاتُكُمْ وَخَالاَتُكُمْ وَبَنَاتُ الأَخِ وَبَنَاتُ الأُخْتِ وَأُمَّهَاتُكُمُ اللاَّتِي أَرْضَعْنَكُمْ وَأَخَوَاتُكُم مِّنَ الرَّضَاعَةِ وَأُمَّهَاتُ نِسَآئِكُمْ وَرَبَائِبُكُمُ اللاَّتِي فِي حُجُورِكُم مِّن نِّسَآئِكُمُ اللاَّتِي دَخَلْتُم بِهِنَّ فَإِن لَّمْ تَكُونُواْ دَخَلْتُم بِهِنَّ فَلاَ جُنَاحَ عَلَيْكُمْ وَحَلاَئِلُ أَبْنَائِكُمُ الَّذِينَ مِنْ أَصْلاَبِكُمْ وَأَن تَجْمَعُواْ بَيْنَ الأُخْتَيْنِ إِلاَّ مَا قَدْ سَلَفَ إِنَّ اللّهَ كَانَ غَفُورًا رَّحِيمًا

তোমাদের জন্যে হারাম করা হয়েছে তোমাদের মাতা, তোমাদের কন্যা, তোমাদের বোন, তোমাদের ফুফু, তোমাদের খালা, ভ্রাতৃকণ্যা; ভগিনীকণ্যা তোমাদের সে মাতা, যারা তোমাদেরকে স্তন্যপান করিয়েছে, তোমাদের দুধ-বোন, তোমাদের স্ত্রীদের মাতা, তোমরা যাদের সাথে সহবাস করেছ সে স্ত্রীদের কন্যা যারা তোমাদের লালন-পালনে আছে। যদি তাদের সাথে সহবাস না করে থাক, তবে এ বিবাহে তোমাদের কোন গোনাহ নেই। তোমাদের ঔরসজাত পুত্রদের স্ত্রী এবং দুই বোনকে একত্রে বিবাহ করা; কিন্তু যা অতীত হয়ে গেছে। নিশ্চয় আল্লাহ ক্ষমাকরী, দয়ালু।

وَالْمُحْصَنَاتُ مِنَ النِّسَاء إِلاَّ مَا مَلَكَتْ أَيْمَانُكُمْ كِتَابَ اللّهِ عَلَيْكُمْ وَأُحِلَّ لَكُم مَّا وَرَاء ذَلِكُمْ أَن تَبْتَغُواْ بِأَمْوَالِكُم مُّحْصِنِينَ غَيْرَ مُسَافِحِينَ فَمَا اسْتَمْتَعْتُم بِهِ مِنْهُنَّ فَآتُوهُنَّ أُجُورَهُنَّ فَرِيضَةً وَلاَ جُنَاحَ عَلَيْكُمْ فِيمَا تَرَاضَيْتُم بِهِ مِن بَعْدِ الْفَرِيضَةِ إِنَّ اللّهَ كَانَ عَلِيمًا حَكِيمًا

এবং নারীদের মধ্যে সকল….

….সধবা স্ত্রীলোক তোমাদের জন্যে নিষিদ্ধ (সুরা নিসা ২৩-২৪)।

তাহলে উপরে যাদেরকে বিবাহ করা আমাদের জন্য হারাম করা হয়েছে তাদের শেষ প্রকারটি হল সেই নারী যার স্বামী বিদ্যমান আছে।

এই নির্দেশের আওতায় কোন পুরুষ কখনোই এমন কোন নারীর দিকে বিবাহের ইংগিত বা প্রস্তাব করতে পারে না যার স্বামী বর্তমান। বিপরীতে, কোন নারীও তার স্বামীর বিদ্যমানতায় অন্য কোন পুরুষকে কামনা করতে পারেন না। এর বিপরীত হলে সেটাই পরকীয়া। পরকীয়ার সংজ্ঞায় নতুন কিছু বলা নিস্প্রয়োজন, এটা স্বাভাবিক উপলব্ধ বিষয়ের অন্তর্ভুক্ত।

পরকীয়া সংক্রান্ত কিছু ঘটনা পর্যালোচনা করে দেখেছি-

- কখনো এটা নারীর চরিত্রের সাথে অভ্যাসগত একটি দোষ।
- কখনো স্বামীর নানাবিধ দুর্বলতায় স্ত্রীর মধ্যে এই ব্যাধিটি ছড়িয়ে পরে।
- কোনো কোনো ক্ষেত্রে সামাজিক ও আর্থ সামাজিক কিছু পারিপার্শ্বিকতা পরকীয়ার অন্যতম সূত্র হয়ে থাকে।

আমরা একটু পরেই আলোচনায় যাব। তবে এখানেই আমরা একটি বিষয় পরিষ্কার করে দিতে চাই, অবস্থা বা পরিবেশ যা ই হোক না কেন উপরে আমরা যেমন উল্লেখ করেছি আল্লাহর বিধানে এমন কোনো সুযোগ নেই যে, একজন পুরুষ কোনো নারীকে বিবাহের কল্পনা করবে অথচ তার স্বামী বিদ্যমান।

একইভাবে একজন বিবাহিত নারীর জন্যও এমন কোনো সুযোগ নেই যে, তার স্বামী বিদ্যমান থাকা অবস্থায় অন্য কোনো পুরুষকে তার জীবনসঙ্গী হিসেবে কল্পনা করবে। কোনো নারী যদি তার স্বামীর দ্বীন সংক্রান্ত বা তার প্রতি যত্নহীনতার অভিযোগ আনয়ন করে তাহলে

প্রথম পদক্ষেপ হলো দুআ,

দ্বিতীয় পদক্ষেপ হলো পুন: পুন: নাসীহা ও ধৈর্য,

তৃতীয় পদক্ষেপ হলো স্ত্রী তার অভিভাবকদের মাধ্যমে স্বামীকে চাপ প্রয়োগ করবে। এভাবে কাজ না হলে স্ত্রী স্বামীর কাছ থেকে খুলা বা তালাক নিয়ে নিবে। স্বামী যদি খুলা বা তালাক দিতে না চায় তাহলে বিচারক বা অভিভাবকের মাধ্যমে বিবাহবিচ্ছেদ করিয়ে নিবেন। এভাবে সম্পূর্ণ 'সিংগেল' হয়ে যথারীতি ইদ্দত পালন করার পর নতুন স্বামী খোজা শুরু করতে পারে। কিন্তু স্বামী বিদ্যমান থাকা অবস্থায় উক্ত পরকীয়া ইসলামের দৃষ্টিতে তো জঘন্য বটেই প্রচলিত সামাজিকতা ও সাধারণ নীতি-নৈতিকতাবোধেও অত্যন্ত ঘৃণ্য।

এই জঘন্য অপরাধ আখিরাতে যেমন জাহান্নামের পথ উন্মুক্ত করে, দুনিয়ার জীবনে পাপের উপর পাপ, অপরাধের উপর অপরাধ এবং পরিবার ও সমাজের জন্য মারাত্মক এক অভিশাপ বয়ে আনে।

আমরা এখন পরকিয়ার প্রতিকার ও প্রতিরোধবিষয়ক আলোচনায় যাব:

প্রথমেই অভ্যাসগত পরকীয়া

অভ্যাসগত পরকীয়া একজন নারীর নারীত্ব, ব্যাক্তিত্ব ও স্বভাব চরিত্রের চরম দুর্বলতার সাক্ষ্য বহন করে। এ থেকে তাকে বের হয়ে আসতেই হবে। একজন পুরুষের করণীয় হলো বিয়ের প্রস্তুতিকালীন পাত্রী নির্বাচনের ক্ষেত্রে দীনকে প্রাধান্য দেয়া, আল্লাহর নিকট উপযুক্ত পাত্রীর জন্য দুয়া করা ও ইস্তিখারা করা। বিয়ে পরবর্তী জীবনে সুখময় দাম্পত্যজীবনের জন্য আমাদের তুলে ধরা নির্দেশিকা অনুসরণ করা। এরপর যদি কোনো কারণে স্ত্রীর মধ্যে অভ্যাসগত পরকীয়ার কোনো লক্ষণ প্রমাণিত হয় তাহলে তার বিষয়ে আল্লাহর নির্দেশনাই চূড়ান্ত যেখানে বলা হয়েছে- তাকে নাসিহা দাও, কাজ না হলে অল্প প্রহার করো, তাতেও কাজ না হলে বিছানা পৃথক করে দাও, এতেও কাজ না হলে তাকে তালাক দিয়ে দাও।

আল্লাহ বলেন-

الرِّجَالُ قَوَّامُونَ عَلَى النِّسَاء بِمَا فَضَّلَ اللّهُ بَعْضَهُمْ عَلَى بَعْضٍ وَبِمَا أَنفَقُواْ مِنْ أَمْوَالِهِمْ فَالصَّالِحَاتُ قَانِتَاتٌ حَافِظَاتٌ لِّلْغَيْبِ بِمَا حَفِظَ اللّهُ وَاللاَّتِي تَخَافُونَ نُشُوزَهُنَّ فَعِظُوهُنَّ وَاهْجُرُوهُنَّ فِي الْمَضَاجِعِ وَاضْرِبُوهُنَّ فَإِنْ أَطَعْنَكُمْ فَلاَ تَبْغُواْ عَلَيْهِنَّ سَبِيلاً إِنَّ اللّهَ كَانَ عَلِيًّا كَبِيرًا

পুরুষেরা নারীদের উপর কৃর্তত্বশীল এ জন্য যে, আল্লাহ একের উপর অন্যের বৈশিষ্ট্য দান করেছেন এবং এ জন্য যে, তারা তাদের অর্থ ব্যয় করে। সে মতে নেককার স্ত্রীলোকগণ হয় অনুগতা এবং আল্লাহ যা হেফাযতযোগ্য করে দিয়েছেন লোক চক্ষুর অন্তরালেও তার হেফাযত করে। আর যাদের মধ্যে অবাধ্যতার আশঙ্কা কর তাদের সদুপদেশ দাও, তাদের শয্যা ত্যাগ কর এবং প্রহার কর। যদি তাতে তারা বাধ্য হয়ে যায়, তবে আর তাদের জন্য অন্য কোন পথ অনুসন্ধান করো না। নিশ্চয় আল্লাহ সবার উপর শ্রেষ্ঠ। [সুরা নিসা ৪:৩৪]

যখন পরকীয়ার কারণ স্বামীর দুর্বলতা

স্বামীর মধ্যে শারিরীক অক্ষমতা থাকলে ইসলামের বিধান অনুযায়ী এক বছরের মধ্যে সেই অক্ষমতা দূর করতে হবে। না হলে স্ত্রীপক্ষ হতে তালাক চাওয়ার অধিকার রক্ষিত আছে। সুতরাং স্ত্রীর সহযোগিতা নিন। দুর্বলতার ব্যাপারে তার সাথে খোলামেলা আলোচনা করুন, সমাধান অন্বেষণ করুন, আল্লাহর নিকট দুআ করুন, স্ত্রীকে আশস্ত করুন। আমরা চিকিৎসা সম্পর্কিত নির্দেশনা পরবর্তী কোনো সংখ্যায় তুলে ধরব ইনশাআল্লাহ্।

স্বামীর অন্যান্য দুর্বলতার সমাধান সংক্রান্ত নির্দেশিকা "সুখময় দাম্পত্যজীবন" শীর্ষক প্রবন্ধে আলোচনা করেছি।

যখন পরকীয়ার কারণ সমাজ ও পারিপার্শ্বিকতা

এপর্বে দেখা যায় বিভিন্ন টেলিভিশন সিরিয়াল, সস্তা উপন্যাস, ফেসবুক, সহকর্মী-সহপাঠী, অপরিচিত নাম্বার থেকে আসা মোবাইল কল, দেবর-ভাসুর-মামাতো ভাই-খালাতো ভাই এসবই পরকীয়ার উৎসমূল হয়ে থাকে। এর নিরসনে আমরা স্বামী-স্ত্রী উভয়কে আল্লাহকে ভয় করা ও পর্দার বিধান যথাযথভাবে মেনে চলার নাসিহা দিচ্ছি। বিস্তারিত দেখুন এই সংখ্যায় প্রকাশিত "প্রকৃত পর্দার স্বরূপ" ।

স্বামীর জন্য আমাদের বিশেষ নাসিহা হলো- আপনার স্ত্রীর মধ্যে পরকীয়ার যে কোনো লক্ষণ প্রকাশ পাওয়ামাত্রই তার সাথে কাউন্সেলিং এ বসুন এবং প্রশ্ন করুন কেন সে এমন জঘন্য কর্মে লিপ্ত হতে যাচ্ছে। সেই সাথে আপনার মধ্যে এমন কোনো দুর্বলতা আছে কি না যা তাকে এমন কর্মে প্ররোচিত করছে সেটাও জেনে নিন। আপনার স্ত্রী প্রদত্ত উত্তরেই রয়েছে আপনার সামনে উদ্ভুত সমস্যার সমাধান।

স্বামীর প্রতি আরও নাসিহা দিচ্ছি আপনার মধ্যে যেন স্ত্রী ব্যাতিত পরনারীর প্রতি আসক্তি না থাকে। এমনটা থাকলে আপনার স্ত্রীর পরকীয়া রোধে সম্পুর্ণ ব্যার্থ হবেন।

আল্লাহ রব্বুল আলামীনের নিকট চলমান সময়ের পরকীয়া নামক মহামারী থেকে আশ্রয় চাই।

নারী-পুরুষের দ্বীনি সম্পর্ক যেন অন্যায় ও অশ্লীলতার দ্বার খুলে না দেয়

প্রতিটি কাজে আল্লাহর সন্তুষ্টি অর্জনে বিশুদ্ধ নিয়ত, শয়তানকে অপদস্থকরণে অন্তরে সর্বদা তাকওয়ার উপস্থিতি ও জীবনের যে কোনো পদক্ষেপের পূর্বে আল্লাহর বিধান জানা এবং আমাদের কৃত পাপ বা চলমান অন্যায়কে ইস্তিগফার ও তাওবার সাথে বর্জন করা ঈমানের অন্যতম শাখা-প্রশাখাসমূহের অন্তর্ভুক্ত।

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যতগুলো ফিতনা সম্পর্কে মানুষকে সতর্ক করেছেন তার মধ্যে অন্যতম হলো নারীর ফিতনা। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

الثاني: عن أبي سعيد الخدري رضي ال

له عنه عن النبي صلى الله عليه وسلم قال: "إن الدنيا حلوة خضرة، وإن الله مستخلفكم فيها فينظر كيف تعملون، فاتقوا الدنيا واتقوا النساء؛ فإن أول فتنة بني إسرائيل كانت في النساء" (رواه مسلم).

আবূ সাঈদ খুদরী রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "নিশ্চয় দুনিয়া মধুর ও সবুজ (সুন্দর আকর্ষণীয়)। আর নিশ্চয় আল্লাহ তোমাদেরকে এর প্রতিনিধি নিয়োজিত করে দেখবেন যে, তোমরা কিভাবে কাজ করছ? অতএব তোমরা (যদি সফলকাম হতে চাও তাহলে) দুনিয়ার ধোঁকা থেকে বাঁচ এবং নারীর (ফিৎনা থেকে) বাঁচ। কারণ, বানী ঈসরাইলের সর্বপ্রথম ফিৎনা নারীকে কেন্দ্র করেই হয়েছিল।' ' মুসলিম ২৭৪২, তিরমিযী ২১৯১, ইবনু মাজাহ ৪০০০, আহমাদ ১০৭৫৯, ১০৭৮৫, ১১০৩৪, ১১১৯৩

নারী ফিতনার ক্রমধারায় চলমান সময়ের একটি ফিতনা হলো- প্রয়োজনের খাতিরে বিভিন্ন মুসলিম ভাই-বোনের মধ্যে দ্বীনী সম্পর্কের মধ্যে শয়তানের উপস্থিতি। যেহেতু শয়তান আল্লাহর নিকট চ্যালেঞ্জের সাথে বলে এসেছে:

قَالَ فَبِمَا أَغْوَيْتَنِي لَأَقْعُدَنَّ لَهُمْ صِرَاطَكَ الْمُسْتَقِيمَ

সে বললঃ আপনি আমাকে যেমন উদভ্রান্ত করেছেন, আমিও অবশ্য তাদের জন্যে আপনার সরল পথে বসে থাকবো।

ثُمَّ لَآتِيَنَّهُم مِّن بَيْنِ أَيْدِيهِمْ وَمِنْ خَلْفِهِمْ وَعَنْ أَيْمَانِهِمْ وَعَن شَمَآئِلِهِمْ وَلاَ تَجِدُ أَكْثَرَهُمْ شَاكِرِينَ

এরপর তাদের কাছে আসব তাদের সামনের দিক থেকে, পেছন দিক থেকে, ডান দিক থেকে এবং বাম দিক থেকে। আপনি তাদের অধিকাংশকে কৃতজ্ঞ পাবেন না। [সুরা আরাফ ৭: ১৬-১৭]

قَالَ رَبِّ بِمَا أَغْوَيْتَنِي لأُزَيِّنَنَّ لَهُمْ فِي الأَرْضِ وَلأُغْوِيَنَّهُمْ أَجْمَعِينَ

সে বললঃ হে আমার পলনকর্তা, আপনি যেমন আমাকে পথ ভ্রষ্ট করেছেন, আমিও তাদের সবাইকে পৃথিবীতে নানা সৌন্দর্যে আকৃষ্ট করব এবং তাদের সবাইকে পথ ভ্রষ্ঠ করে দেব। সুরা হিজর- ৩৯:১৫

সুতরাং, শয়তান আমাদের সৎকর্ম নষ্ট করে দিতে সর্বাত্মক চেষ্টায় ত্রুটি করবে না।

আমরা আমাদের সমকালীন কিছু অভিজ্ঞতা থেকে বলছি,

ক. কোন ভাই যখন অন্য কোন ভাইয়ের অনুপস্থিতিতে তার স্ত্রীর বা পরিবারের কোন নারী সদস্যের সাথে প্রয়োজনীয় সহযোগিতামূলক লেনদেন কর্মে দীর্ঘদিন লিপ্ত থাকেন তখন শয়তান তাদের মধ্যে অন্যায় প্রেম-ভালবাসা বিনিময়ের সর্বাত্মক ওয়াসওয়াসা দিতে থাকে। শয়তানের সফলতা এক্ষেত্রে উল্লেখ করার মত। আমরা এ পর্বে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের চরম সতর্কবাণী তুলে ধরছি,

আরও নাসীহা দিচ্ছি দায়িত্বশীল ভাই যেন এমন লেনদেনে যথাসম্ভব উক্ত বোনদের সাক্ষাৎ এড়িয়ে চলেন (যদি সে গাইরে মাহরাম হয়) এবং এরূপ ক্ষেত্রে একই ভাই যেন ছয় মাসের অধিক একই বোন বা তার পরিবারের সাথে লেনদেনের দ্বায়িত্বপ্রাপ্ত না হয়। এরূপ লেনদেনের জন্য কাউকে দ্বায়িত্ব দেয়ার পূর্বে তার বয়স, বৈবাহিক অবস্থা, তাকওয়া-আমলের মান, প্রয়োজনীয় প্রশিক্ষণ ইত্যাদি অবশ্যই বিবেচনীয়।

খ. কখনো দেখা গিয়েছে দ্বীনী ভ্রাতৃত্বের সুযোগে কোনো ভাই-বোন ঋণ বা ব্যাবসায়িক স্বার্থে অর্থ লেনদেন করে তাদের আমানতদারিতা বজায় রাখতে পারেন নি। ফলশ্রুতিতে ক্ষতিগ্রস্ত ভাই বা বোন এমন দ্বীনী সম্পর্ক এমনকি কখনো কখনো দ্বীনের বিষয়ের প্রতি বীতশ্রদ্ধ হয়েছেন। শয়তানের এটা অনেক বড় সফলতা। আমরা নাসীহা দিচ্ছি, এমন লেনদেনের পূর্বে যেন ইসলামী লেনদেন বিধিমালা অনুসরণ করা হয়।

গ. কোনো কোনো ভাই-বোনের ক্ষেত্রে দেখা গেছে দ্বীনী তালিম বিনিময়ের সূত্র ধরে পরবর্তীতে মোবাইলে আলাপচারিতা, মেসেজ আদানপ্রদান অত:পর অন্যায় সম্পর্ক এমনকি পরকীয়া পর্যন্তও গড়িয়েছে। আমরা এক্ষেত্রে নাসীহা দিব- কোনো বোন যেন দ্বীন শিক্ষার ক্ষেত্রে গাইরে মাহরাম উস্তাদ নিয়োগের আগ্রহ না দেখান এছাড়া প্রত্যেক স্বামীর দ্বায়িত্ব হলো সে দ্বীন শিখবে এবং স্ত্রীকে প্রয়োজনীয় বিষয়গুলো শিক্ষা দিবে। একজন বোন তার স্বামী বা সন্তানের কাছে যে কোনো প্রয়োজন তুলে ধরবে অত:পর উক্ত স্বামী বা সন্তান উপযুক্ত স্থান হতে সমাধান এনে দিবেন। বিবাহপূর্ব

জীবনে একজন বোনের শিক্ষক নিয়োজিত হবেন বাবা-ভাই বা অন্য কোনো মাহরাম পুরুষ কিংবা মুসলিম মা-বোনদের উপযুক্ত কেউ এবং প্রাতিষ্ঠানিক ক্ষেত্রে পূর্ণ দ্বীনী পরিবেশ বজায় আছে এমন কোনো প্রতিষ্ঠান।

ঘ. অনেক ক্ষেত্রে দেখা যায় ফেসবুক ও অন্যান্য সোশাল মিডিয়ার সূত্রে কোনো ভাই-বোনের দ্বীনী সম্পর্ক অত:পর দেখা যায়, এই সম্পর্কে আল্লাহর সন্তুষ্টির চেয়ে মনের কোণে লুকানো অন্য কোনো স্বার্থ প্রাধান্য পায়। অত:পর শুরু হয় পারিবারিক অশান্তি, স্বামী-স্ত্রীর দ্বন্দ্ব এমনকি সুখের সংসারে ভাঙনের সুর, যা শয়তানের কাঙ্খিত সফলতার অন্যতম। আল্লাহ রাব্বুল আলামীনের ঘোষণা এসেছে-

স্বাস্থ্য নির্দেশিকা

রমজানে চাই আরো সচেতনতা

কেউ যদি অসুস্থ হয় সে অবস্থায়ও সিয়াম পালন করার উপকারিতা সম্পর্কে আল্লাহ বলেন:

وَأَن تَصُومُواْ خَيْرٌ لَّكُمْ إِن كُنتُمْ تَعْلَمُونَ

আর যদি রোজা রাখ, তবে তোমাদের জন্যে বিশেষ কল্যাণকর, যদি তোমরা তা বুঝতে পার। সুরা বাকারা- ১৮৪:২

তবে একেবারেই অক্ষম হলে পরে কাযা করার কথা পরের আয়াতে এসেছে।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে হাদীস বর্ণিত:

روي عنه من طريق : محمد بن سليمان بن أبي داود ، أخبرنا زهير بن محمد ، عن سهيل بن أبي صالح ، عن أبيه ، عن أبي هريرة مرفوعا ، ولفظه

اغْزُوا تَغْنَمُوا، وَصُومُوا تَصِحُّوا، وَسَافِرُوا تَسْتَغْنُوا)

رواه العقيلي في " الضعفاء الكبير " (92/2) ، والطبراني في " المعجم الأوسط " (174/8)، ورواه في جزء أحاديث أبي عروبة الحراني (رقم/45

এই হাদীসে রয়েছে, ... সিয়াম পালন কর সুস্থ থাক…

হাদীসটির সনদ নিয়ে যথেষ্ঠ আপত্তি রয়েছে। তবে এর বক্তব্য সঠিক। আল কুরআনের উপরের বক্তব্যের সাথেও এর মিল রয়েছে।

সুতরাং, সিয়াম হল সুস্থতার অন্যতম মাধ্যম।আমাদের অভিজ্ঞতায়ও আমরা দেখেছি সিয়াম এমন সুশৃংখল একটা পন্থা যা আমাদের অনেক রোগ বা অসুস্থতার জন্যই উপকারী হয়ে থাকে। সুতরাং সুস্থতার জন্য সিয়ামের মাস রমাদ্বন অনেক বড় এক নিয়ামত। এই নিয়ামতের সুষ্ঠু ব্যবহার যেন হয় এজন্যই আমাদের বক্ষমান উপস্থাপনা রমাদ্বন সাস্থ্য নির্দেশিকা।

- প্রথমেই আমরা বলব সেহরিতে খাবারের পরিমাণ হবে সুন্নাহসম্মত ভাবে পরিমাণে অল্প। এর পরিমাণ হচ্ছে খাবার গ্রহণের পর পেট যেন কখনই উচু না হয়। মূল খাবার গ্রহণের দশ মিনিট পূর্বে আধা লিটার পানি পান করে নিবেন।

- ভাত বা রুটির সাথে মাছ, গোশত, ডিম এতিনটির যে কোনো একটি খাবেন। সেই সাথে শরীর ঠান্ডা রাখে এমন সব্জির তরকারী খাবেন, যেমন- লাউ, পেপে ইত্যাদি।

- কখনই সেহরিতে অতিভোজন করবেন না, পোলাও-বিরিয়ানি কিংবা তৈলাক্ত খাবার খাবেন না।

- দিনের বেলা বেশী পিপাসা পেলে কিংবা বেশী গরম অনুভূত হলে প্রয়োজনে বারবার গোসল করবেন অথবা মাথা ভেজাবেন বা ভেজা সুতি কাপড়ের পট্টি বেধে নিবেন। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নাহ থেকে এর সমর্থন পাওয়া যায়।

- সেহরির পর প্রতি একজনের জন্য ২৫০ মিলি পানিতে ৭টি খেজুর, ৭টি খুরমা ও ৩০টি কিসমিস ভিজিয়ে রাখবেন। ইফতারের ১ঘন্টা পূর্বে ঐ পানিতেই খেজুর, খুরমা ও কিসমিস হাত দিয়ে গুলিয়ে নিবেন এবং এক টেবিল চামচ পরিমাণ মধু মেশাবেন। এ পানীয়ের নাম নাবীয।

- ইফতারের শুরুতে একটি বা তিনটি খেজুর খাবেন এক গ্লাস পানি খাবেন অত:পর উক্ত নাবীয খাবেন। এই নাবীয আপনার পেটে সারা রাত কোনো গ্যাস জমতে দিবে না ইনশাআল্লাহ।

- নাবীয খেয়ে অল্প একটু পানি পান করে কয়েক মিনিট বিশ্রাম নিয়ে মাগরিবের সলাত আদায় করে নিবেন। আর যারা মুড়ি ভর্তা খেয়ে অভ্যস্ত তারা অল্প পরিমাণ মুড়ির সাথে ছোলা ভুনা খাবেন নাবীয পানের অন্তত ৫মিনিট পর।

- পেয়াজু ও বিভিন্ন আইটেমের চপ ইত্যাদি থেকে দূরে থাকাই ভালো। একেবারে বাদ দিতে না পারলে প্রতিদিন অল্প পরিমাণে বাসায় তৈরি করবেন।

- বাসায় তৈরি করার ক্ষেত্রে প্রতিদিন টাটকা তেলে ভাজবেন। ভাজার পর অবশিষ্ট তেল ঐদিন সব্জি-তরকারী ইত্যাদি রান্নায় ব্যবহার করবেন। একদিনের পোড়া তেল পরবর্তী দিনের ভাজাপোড়ায় ব্যবহার করবেন না।ছোট কড়াই ব্যবহার করবেন,যেন অল্প তেলই পিয়াজো ইত্যাদি ভাজার জন্য যথেষ্ট হয়।

- মাগরিব থেকে ইশার সালাতের মধ্যবর্তী সময় রাতের খাবার খেয়ে নিন। এখাবারেও পেট যেন উচু না হয়।

- ইশা থেকে সেহরি পর্যন্ত পানি, ঔষধি খাবার (যেমন- মধু, কালোজিরা, শরবত) ও ফলমূল ছাড়া অন্য কিছু খাবেন না।

- ইফতারের পর আপনার প্রস্রাব হলুদ বর্ণ দেখতে পেলে আধা লিটার পানি খেয়ে নিবেন। এভাবে মধ্য রাতের আগেই যেন পানির এ ঘাটতি পূরণ হয়ে প্রস্রাব স্বাভাবিক বর্ণের হয়ে আসে সেদিকে বিশেষ খেয়াল রাখবেন।

- ইফতার থেকে সেহরি পর্যন্ত সময় মাথার কোনো বেদনা আসলে ওষুধ সেবন করবেন না। শরীরে পানির চাহিদা মিটে গেলে দুই-তিনবার স্বাভাবিক প্রস্রাবেই মাথার বেদনা কমে যাবে ইনশাআল্লাহ।

- রাতের মধ্যে বা ফজরের পর স্বাভাবিকভাবেই আপনার পেটের মল যেন পরিষ্কার হয় সেদিকে খেয়াল রাখা জরুরী।

- সারাদিন বিছানায় শুয়ে থাকবেন না। আপনি কর্মজীবী হোন কিংবা অবসরে থাকুন রমযানের রাতের বাইরে দিনের বেলায় ফজরের পর ঘুম হবে সর্বোচ্চ তিন ঘন্টা। দুপুরে জুহুরের সালাতের পর বিশ্রাম নিবেন সর্বোচ্চ ত্রিশ মিনিট থেকে এক ঘন্টা।

- হাই প্রেশারের রোগীরা সেহরির খাবারে প্রথম লোকমার সাথে দেশী রসূনের তিনটি কোয়া চিবিয়ে খাবেন। রাতের খাবারেও এমনটা করবেন।

আল্লাহর নিকট দুআ করুন তিনি যেন সুস্থতার মধ্য দিয়ে আমাদেরকে রমজানের হকসমূহ আদায় করার তাওফিক দান করেন। এই রমজানেই যেন আমাদের দূরারোগ্য ব্যাধিগুলো থেকে মুক্তি দান করেন এবং এ রমজানের সুস্থতা যেন সারা বছর বিদ্যমান থাকে।

ফিতনার প্রতীক্ষা নয়, জেনে নিন আত্মরক্ষার উপায়

بِسْمِ اللهِ الرَّحْمنِ الرَّحِيمِ أَتَىٰ أَمْرُ اللهِ فَلَا تَسْتَعْجِلُوهُ سُبْحَانَهُ وَتَعَالَىٰ عَمَّا يُشْرِكُونَ

আল্লাহর নির্দেশ এসে গেছে। অতএব এর জন্যে তাড়াহুড়া করো না। ওরা যেসব শরীক সাব্যস্ত করছে সেসব থেকে তিনি পবিত্র ও বহু উর্ধ্বে। সুরা নাহল- ১:১৬

فَهَلْ يَنظُرُونَ إِلَّا السَّاعَةَ أَن تَأْتِيَهُم بَغْتَةً فَقَدْ جَاءَ أَشْرَاطُهَا فَأَنَّىٰ لَهُمْ إِذَا جَاءَتْهُمْ ذِكْرَاهُمْ

তারা শুধু এই অপেক্ষাই করছে যে, কেয়ামত অকস্মাৎ তাদের কাছে এসে পড়ুক। বস্তুতঃ কেয়ামতের লক্ষণসমূহ তো এসেই পড়েছে। সুতরাং কেয়ামত এসে পড়লে তারা উপদেশ গ্রহণ করবে কেমন করে ? [সুরা মুহাম্মাদ ৪৭:১৮]

وَعَنْ أَبِي زَيدٍ عَمرِو بنِ أَخْطَبَ الأنصارِيّ رضي الله عنه قَالَ: صلَّى بِنَا رَسُول اللهِ صلى الله عليه وسلم الفَجْرَ، وَصَعِدَ المِنْبَرَ، فَخَطَبَنَا حَتَّى حَضَرَتِ الظُّهْرُ، فَنَزَلَ فَصَلَّى، ثُمَّ صَعِدَ المِنْبَرَ فَخَطَبَنَا حَتَّى حَضَرَتِ العَصْرُ، ثُمَّ نَزَلَ فَصَلَّى، ثُمَّ صَعِدَ المِنْبَرَ فَخَطَبَنَا حَتَّى غَرَبَتِ الشَّمْسُ، فَأَخْبَرَنَا بِمَا كَانَ وَبِمَا هُوَ كَائِنٌ، فَأَعْلَمُنَا أَحْفَظُنَا. رواه مسلم

আবূ যায়েদ আমর ইবনে আখত্বাব আনসারী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, ‘একদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে নিয়ে ফজরের নামায পড়লেন, অতঃপর মিম্বরে চড়ে ভাষণ দিলেন। শেষ পর্যন্ত যোহরের সময় হয়ে গেল। সুতরাং তিনি নীচে নামলেন ও নামায পড়লেন। তারপর আবার মিম্বরে চাপলেন [ও ভাষণ দানে প্রবৃত্ত হলেন] শেষ পর্যন্ত আসরের সময় হয়ে গেল। তিনি পুনরায় নীচে অবতরণ করলেন ও নামায পড়লেন। অতঃপর তিনি আবার মিম্বরে উঠলেন এবং খুতবা পরিবেশনে ব্রতী হলেন, শেষ পর্যন্ত সূর্য অস্ত গেল। সুতরাং অতীতে যা ঘটেছে এবং ভবিষ্যতে যা ঘটবে সে সমস্ত বিষয়গুলি তিনি আমাদেরকে জানালেন। অতএব আমাদের মধ্যে সেই ব্যক্তি সর্বাধিক বড় জ্ঞানী, যিনি এসব কথাগুলি সবার চাইতে বেশি মনে রেখেছেন।’

মুসলিম ২৮৯২, আহমাদ ২২৩৮১

এবং জেনে রাখুন মুসলিমদের জন্য কিয়ামতের নিকটবর্তী সময়ে সবচেয়ে ভয়ংকর ফিতনাগুলোর মধ্যে রয়েছে

>> নিজেদের মধ্যে সংঘাত- যুদ্ধ।

>> দাজ্জালের ফিতনা

এই ফিতনাগুলো আমাদের কাম্য নয়, তবে তা আসবেই। কারণ এই সংবাদ আমাদেরকে জানানো হয়েছে ওহীর আলোকে।

- আমরা ফিতনা সম্পর্কে জানব, আমাদের যা করতে বলা হয়েছে তা করব। এই ফিতনা সম্পর্কিত হাদীস বর্ণনায় সাবধানতা অবলম্বন করব।

- ফিতনার সময়ে আমাদের জন্য একটা সুসংবাদ হল ইমাম মাহদীর আগমন। কিন্তু তার জন্য আমাদেরকে বসে থাকতে বলা হয়নি। দীর্ঘ সময় অপেক্ষা করতে বলা হয়নি।

- তার আগমন আল্লাহর পক্ষ থেকে স্পষ্ট হবে। আমাদের জীবদ্দশায় হলে আমরা এগিয়ে যাব ইনশাআল্লাহ। অনেক আলিম তার আগমনের দি -বর্ষ গণনা করে বলে দিচ্ছেন, এটা অনুচিত বলেই আমাদের গবেষণা।

